




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭১ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 71 Years ■ Issue-23 ■ 29 October, 2024 ■ আগরতলা ২৯ অক্টোবর, ২০২৪ ইং ■ ১২ কার্ত্তিক, ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# ট্রাফিক ব্যবস্থায় অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। আগরতলা পুরনিগম এলাকার ব্যস্ততম সড়কগুলোতে যানজট এড়াতে ট্রাফিক পুলিশ, পরিবহন দপ্তর ও পুর নিগমকে যৌথভাবে কাজ করা প্রয়োজন। শহরের নো-পার্কিং জোনগুলোতে নিয়মিত নজরদারি রাখতে হবে। প্রয়োজনে ট্রাফিক আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থাও গ্রহণ করতে হবে। আজ সচিবালয়ে ২নং সভাকক্ষে আগরতলা পুর নিগম এলাকায় ট্রাফিক ব্যবস্থা নিয়ে এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।



সভায় আগরতলা পুর নিগম এলাকায় ট্রাফিক ব্যবস্থার বিভিন্ন বিষয় পর্যালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, ট্রাফিক ব্যবস্থায় অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। নাগরিকগণ যাতে রাস্তায় নিরাপদে চলাচল করতে পারে সে বিষয়ে রাজ্য সরকার বহুমুখী পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। আগরতলা শহরে যানজট এড়াতে পার্কিং জোনের সংখ্যা আরও বৃদ্ধি করার প্রয়োজন রয়েছে। নতুন পার্কিং জোনের জন্য স্থান চিহ্নিত করে দ্রুত কাজ শুরু করতে ট্রাফিক পুলিশ সুপারকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

সভায় মুখ্যমন্ত্রী আরও বলেন, আগরতলা শহর এলাকার ব্যস্ততম সড়কগুলোর পাশে যে সমস্ত ভেন্ডার ব্যবসা করছেন তাদের সেখান থেকে সরিয়ে পুর নিগম নির্ধারিত স্থানে বসানোর উদ্যোগ নিতে হবে। পাশাপাশি ঐ সমস্ত এলাকায় নিয়মিত নজরদারি চালাতে হবে। তিনি বলেন, আগরতলা শহরের ব্যস্ততম সড়কে ব্যাটারি চালিত রিক্সা চলাচল নিয়ন্ত্রণে ট্রাফিক ইউনিট, পুর নিগম ও পরিবহন দপ্তরকে যৌথভাবে কার্যকরী ভূমিকা গ্রহণ করতে হবে। শহর এলাকায় যে সমস্ত ফ্ল্যাট বা মাল্টি স্টোরিড বিল্ডিং নির্মাণ করা হচ্ছে সেখানে পার্কিং প্ল্যান যথাযথভাবে মানা হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, ১৫ বছরের অধিক যানবাহনগুলোর স্ক্র্যাপিং যথাযথভাবে হচ্ছে কিনা তা পর্যবেক্ষন করার প্রয়োজন। পাশাপাশি গাড়ির সংখ্যা বৃদ্ধি রোধে গাড়ি বিক্রির উপর নিয়ন্ত্রণ করার প্রয়োজনীয়তা রয়েছে। ফ্লাইওভারে যানবাহনের গতি নিয়ন্ত্রণে ট্রাফিক পুলিশকে আরও সচেষ্ট থাকতে হবে। শহরের যে সমস্ত রাস্তা প্রশস্তকরণের কাজ হাতে নেওয়া হয়েছে তা দ্রুত শুরু করতে পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্তেকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

পর্যালোচনা সভায় ট্রাফিক পুলিশ সুপার মানিক দাস বলেন, রাজ্যে ট্রাফিক ইউনিট সৃষ্টি হয় ১৯৯১ সালে। সড়ক দুর্ঘটনা রোধে ট্রাফিক ইউনিট নিয়মিত অভিযান চালানোর পাশাপাশি বিভিন্নভাবে জনগণকে সড়ক সুরক্ষার ☞ ৬ এর পাতায় দেখুন

# বিজেপি ও দুর্নীতি সমার্থক শব্দ ঃ মানিক সরকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। দেশের পুঁজিপতিদের টাকায় বিজেপি সরকার ক্ষমতায় টিকে রয়েছে। তাঁদের নির্দেশেই চলছে বর্তমান সরকার। রাজ্যে শান্তি সম্প্রীতি রক্ষার্থে সোনামুড়ায় সিপিএমের সমাবেশে এমনটাই অভিযোগ তুলেছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সিপিএমের পলিটব্যুরো সদস্য মানিক সরকার।



এদিন জনসমাবেশে মানিক সরকার বলেন, বিগত ৪১ বছরে ত্রিপুরাবাসী ভয়াবহ বন্যার সম্মুখীন হয় নি। বন্যার ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে রাজ্যবাসী। কিন্তু রাজ্য সরকারের তরফ থেকে এখনো পর্যন্ত ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করে নি। কয়েকবার কেন্দ্রীয় টিম বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্যে এসেছে। কিন্তু কাজের কাজ কিছুই হয় নি। তাই এরকম পরিস্থিতে দাঁড়িয়ে জনগণকে একত্রে প্রতিবাদে সামিল হতে হবে। তাঁর কথায়, দেশের পুঁজিপতিদের টাকায় বিজেপি সরকার ক্ষমতায় টিকে রয়েছে। তাঁদের নির্দেশেই চলছে এই সরকার।

তাঁর অভিযোগ , কেন্দ্রে ও রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় রয়েছে। কিন্তু রাজ্যে কাজ নেই , চাকুরী নেই। বেকাররা চাকরি খুঁজে বেড়াচ্ছে। এদিকে, হাসপাতালে চিকিতক, নার্স, স্বাস্থ্য কর্মী এবং বিদ্যালয় শিক্ষক স্বল্পতা ভুগছে।গত ৭ বছরে বিজেপি রাজ্যের উন্নয়নে কাজ করেনি কিন্তু রাজ্যে জাতি উপজাতিদের মধ্যে বিবাদ সৃষ্টি করার চেষ্টা করছে। ত্রিপুরারা শান্তি সম্প্রীতি নষ্ট করার ষড়যন্ত্র চলছে। তাঁদের এই পরিকল্পনায় জয়ী হতে দেওয়া যাবে না। প্রতিনিয়ত মন্দির ও মসজিদে হামলা চালানো হচ্ছে। আরো অভিযোগ, রাজ্যের যুবক যুবতীরা চাকুরী থেকে বঞ্চিত হচ্ছেন।কারণ, টাকার বিনিময়ে বিজেপি চাকুরী বিলি করছে। বহি:রাজ্যের যুবক যুবতীরা বাঁকা পথে পিআরটিসি বানিয়ে রাজ্যে চাকুরী নিচ্ছেন।

তাঁর কথায়, বিজেপি ও দুর্নীতি সমার্থক শব্দ হয়ে গিয়েছে। ২০২৩ বিধানসভা নির্বাচনের পর তাঁদের দুর্নীতি আরো লাফিয়ে লাফিয়ে বাড়ছে। রাজ্যে আইন শৃঙ্খলা নেই। টাকার বিনিময়ে মামলা মিমাংসা করা হচ্ছে। বর্তমানে বিজেপির লোকদের মধ্যে বিবাদ হচ্ছে। বিজেপির লোক বিজেপির লোকদের আক্রমন করছেন। পাশাপাশি, বিজেপির সরকারের ক্ষমতায় নেশায় সাম্রাজে ভাসছে ত্রিপুরা। জনগনের মনে ক্ষোভ বাড়ছে। ২০২৩ বিধানসভা নির্বাচনে বিজেপিকে বৈতরণী পার করতে সাহায্য করেছিল তিপরা মথা না হলে বিজেপির হার নিশ্চিত ছিল। এদিন তিনি আরো বলেন, ☞ ৬ এর পাতায় দেখুন

## আজ রোজগার মেলা

# চাকরির নিয়োগপত্র তুলে দেবেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২৮ অক্টোবর (হি.স.)**।। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মঙ্গলবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি চাকরি প্রার্থীদের নিয়োগপত্র বিতরণ করবেন। দেশব্যাপী ৪০টি স্থানে রোজগার মেলার আয়োজন করা হবে, বিভিন্ন মন্ত্রক ও বিভাগ জুড়ে কেন্দ্রীয় সরকারে যোগদানকারী নিয়োগকারীদের চাকরির নিয়োগপত্র বিতরণ করা হবে।দেশে কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার দিতে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি তুলে ধরে রোজগার মেলা। ☞ ৬ এর পাতায় দেখুন

# বিধ্বংসী অগ্নিকান্ডে পুড়ে ছাই বহু বাড়ি, কারখানা, ক্ষতি কোটি টাকা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুড়ে ছাই একাধিক বাড়ি সহ একটি কারখানা। গতকাল রাতে কাঞ্চনপুর অটো রিক্সা স্ট্যান্ড সংলগ্ন এলাকায় ওই ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। দমকলের তিনটি ইঞ্জিন ঘটনাস্থলে ছুটে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। মোমবাতির কারখানায় শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে প্রাথমিক ধারণা এলাকাবাসীর। ওই অগ্নিকাণ্ডের আনুমানিক কোটি টাকার ক্ষতি হয়েছে বলে জানান এলাকাবাসী।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, রবিবার রাত সাড়ে এগারোটা নাগাদ কাঞ্চনপুর অটো রিক্সা স্ট্যান্ড সংলগ্ন এলাকায় ভয়ংকর অগ্নিকাণ্ড সংগঠিত হয়েছে। এক পলকে যেন বাস্তুহারা হয়ে পড়েছে কয়েকটি পরিবার। পুড়ে ছাই হয়ে গেছে একাধিক বাড়ি সহ একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান। সাথে সাথে এলাকাবাসীরা কাঞ্চনপুর দমকলবাহিনীকে খবর দিয়েছেন। খবর পেয়ে দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে ছুটে গিয়েছে। কিন্তু ইঞ্জিনে সমস্যা এবং জলের অভাবে দমকল বাহিনী প্রাথমিকভাবে কোনো কাজ করতে পারেনি। এদিকে একের পর এক বাড়িতে আগুন ছড়িয়ে পড়তে দেখে সংশ্লিষ্ট এলাকার জনগণ মিলে পুকুরের জলের সাথে দমকলের পাইপ যুক্ত করে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালিয়ে যায়। এর মধ্যেই পানিসাগর দমকলবাহিনী ইঞ্জিন ঘটনাস্থলে ছুটে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনতে পারলেও ততক্ষণে অনেকটা ক্ষতি হয়ে গিয়েছিল।

এলাকাবাসীর মতে, দিশা কেন্দ্র নামের মোমবাতির কারখানায় শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে। পরবর্তীতে একটি সিলিন্ডার বিস্ফোরণের ফলে আগুন তীব্র আকার ধারণ করে। অগ্নিকাণ্ডে প্রায় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান এলাকাবাসী। পাশাপাশি, একটি মোমবাতির কারখানা পুড়ে গিয়েছে বলে জানান এলাকাবাসী।

# ভিলেজ কমিটির নির্বাচন

## প্রস্তুতি নিচ্ছে আইপিএফটি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। ভিলেজ কমিটির নির্বাচনকে সামনে রেখে আইপিএফটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনকে সামনে রেখে আগামী ৪ ডিসেম্বর জনসমাবেশের ডাক দিয়েছে আইপিএফটি।

আইপিএফটি দলের সাধারণ সম্পাদক স্বপন দেববর্মা বলেন, ভিলেজ কমিটির নির্বাচনকে সামনে রেখে আজ আগরতলার প্রেস ক্লাবে আইপিএফটি দলের কেন্দ্রীয় কমিটির এক দিনের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ওই বৈঠকে সর্বসম্মতিক্রমে তিনটি সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে জানান তিনি। এদিন তিনি আরও বলেন, ভিলেজ কমিটির নির্বাচনের দিনক্ষণ এখনো ঘোষণা করা হয়নি। কিন্তু প্রতিটি সরকারী অফিসে নির্বাচনের তোরজোর শুরু হয়ে গিয়েছে। তারজন্য আইপিএফটি তরফ থেকে নির্বাচনের প্রস্তুতি নেওয়া হচ্ছে। আগামী ডিসেম্বর কিংবা জানুয়ারী মাসের লক্ষ্যমাত্রা নিয়েকাজ করবে আইপিএফটি। আগামী ১০ নভেম্বরের মধ্যে আইপিএফটির প্রত্যেক জেলাশ রিজন্যাল কমিটির গঠন করার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি এদিন তিনি আরও বলেন, নির্বাচনকে সামনে রেখে আগামী ৪ ডিসেম্বর খুমলুঙে বিশাল জনসভার ডাক দেওয়া হয়েছে। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন আই পি এফ টি দলের সভাপতি প্রেম কুমার রিয়াং, সাধারণ সম্পাদক স্বপন দেববর্মা, মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া সহ অন্যান্যরা।

# মহার্ঘ ভাতা নিয়ে আশা দেখালেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। আলোর উৎসব দীপাবলির প্রাক মুহূর্তে সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতা নিয়ে আশা দেখালেন মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা।

এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী বলেন, সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতা নিয়ে কথাবার্তা চলছে। রাজ্য সরকার এবিষয়ে নিশ্চয় চিন্তাভাবনা করবে। পাশাপাশি এদিন তিনি বলেন, কবে ডিএ দেওয়া হবে এবিষয়ে চর্চা চলছে। প্রসঙ্গত, আগামীকাল ক্যাবিনেট বৈঠক রয়েছে। বৈঠকের পর সন্ধ্যায় সাংবাদিক সম্মেলনের উপর নজর রয়েছে সমস্ত সরকারী কর্মচারীদের। সম্ভবত মঙ্গলবারের সাংবাদিক সম্মেলনে ডিএ ঘোষণা করা হবে বলে আশায় রয়েছেন কর্মচারীরা।

# চুরির সামগ্রী সহ ৪ চোর আটক

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৮ অক্টোবর**।। চুরির সামগ্রী দেখে চক্ষু চড়কগাছ পুলিশের। চুরির সামগ্রী হিসেবে উদ্ধার হয়েছে প্রচুর বাসন পত্র। খোয়াইতে দীর্ঘদিন পর চুরির ঘটনার সাথে যুক্ত ৪ জন চোরকে গ্রেপ্তার করতে সক্ষম হলো খোয়াই পুলিশ প্রশাসন। এসডিপিও রঙদুলাল দেববর্মার নেতৃত্বে এলো বিরাট সফলতা। ইদানিং সময়ে ঘটে যাওয়া অহরহ চুরির ঘটনার কুল কিনারা হলো আজ। খোয়াই থানাধীন ☞ ৬ এর পাতায় দেখুন

# অটো চালকের হাতে রক্তাক্ত বহি:রাজ্যের ইঞ্জিনিয়ার, সর্বস্ব লুট, তদন্তে পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। ত্রিপুরায় এসে ভয়ঙ্কর অভিজ্ঞতার সম্মুখীন হয়েছেন :রাজ্যের ইঞ্জিনিয়ার। অটো চালক সহ আরো কয়েকজন মিলে জঙ্গলে নিয়ে তাকে মারধর করেন বলে অভিযোগ। পাশাপাশি, নগদ টাকা সহ মোবাইল লুট করে নিয়ে যায় বলেও অভিযোগ করেন তিনি।

এই ঘটনা সম্পর্কে আক্রান্ত বিশাল জানিয়েছেন, আগরতলা বাধারঘাট রেলস্টেশন থেকে তিনি অটো রিজার্ভ করে ঊষাবাজার উদ্দ্যেশে যাচ্ছিলেন। কিন্তু যাওয়ার পথে এডি নগর এসে অটো চালক তার চায়ের সাথে কিছু মিশিয়ে খাইয়ে দেয় বলে অভিযোগ তাঁর। চালকের সঙ্গে আরো একজন ছিল বলেও জানান তিনি।

তিনি আরো বলেন, তারপর সে অজ্ঞান হয়ে পড়েন। পরবর্তী সময়ে গভীর জঙ্গলে নিয়ে চালক সহ আরও ৩ জন তাকে পিটিয়ে রক্তাক্ত করে। তার কাছ থেকে নগদ ১৭ হাজার টাকা ও মোবাইল ছিনিয়ে নেয়। এরপর তাকে জিরানীয়া নিয়ে রাস্তায় ফেলে পালিয়ে যায়। জ্ঞান ফিরলে তিনি আশেপাশে থাকা লোকজনকে এই ঘটনার কথা বললে তারা পুলিশকে খবর দিয়েছেন। সাথে সাথে পুলিশ তাকে উদ্ধার করে জিরানিয়া হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসকরা তাকে জিবি হাসপাতালে স্থানান্তর করেন। বর্তমানে সে হাসপাতালে চিকিৎসাধীনে রয়েছেন। পুলিশ ওই ঘটনায় তদন্ত শুরু করেছে। জনৈক পুলিশ আধিকারিক বলেন, বিহার রাজ্যের বাসিন্দা বিশাল কুমার। পেশায় ইঞ্জিনিয়ার। এক বেসরকারি টেলিকম সংস্থার টাওয়ারের কাজে রাজ্যে কিছুদিন পর পর আসা যাওয়া করছেন। রবিবার রাতে অটো দিয়ে ঊষাবাজার যাওয়ার পথে এক ভয়ঙ্কর অভিজ্ঞতার সম্মুখীন হয়েছেন তিনি।

অটো চালক সহ আরো কয়েকজন মিলে জঙ্গলে নিয়ে তাকে মারধর করে সাথে থাকা সব টাকা লুট করে নিয়ে গেছে বলে অভিযোগ করেন বিশাল।

# শিশুদের খাবারের পাত্রে ইঁদুর অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। আরো একবার সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধীনস্থ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের বেহাল দশার চিত্র উঠে এসেছে। অস্বাস্থ্যকর খাবার পরিবেশন করছে অঙ্গনওয়াড়ি কেন্দ্র। এমনটাই অভিযোগ তুলেছেন অভিভাবকরা।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, সোনামুড়া মহকুমার অন্তর্গত মোহনভোগ আর ডি ব্লকের অন্তর্গত তেল কাজলা গ্রাম পঞ্চায়েতের অঙ্গনওয়াড়ি সেন্টারটি দীর্ঘদিন ধরে নানা সমস্যায় জর্জরিত হয়ে রয়েছে। কিন্তু ☞ ৬ এর পাতায় দেখুন

# বিধায়কের বিরুদ্ধে ক্ষোভ নলছড়বাসীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। বিজেপি বিধায়ক কিশোর বর্মনের বিরুদ্ধে ক্ষোভে ফুঁসছে নলছড়বাসী। তিনি ভুলে গেছেন জনগণের ভোটে জয়ী হয়েছেন। আজ সাংবাদিক সম্মেলন করে এভাবেই বিধায়ককে ধিক্কার জানিয়েছেন নলছড়ের বহিষ্কৃত সদস্যরা।

এদিন সাংবাদিক সম্মেলনে বিজেপির নেতৃত্বরা বিধায়ক কিশোর বর্মণের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগড়ে দিয়েছেন। তাদের অভিযোগ, বিধায়কের জন্য শিবনগর পঞ্চায়েতের শপথ গ্রহণ অনুষ্ঠান আটকে রয়েছে। তিনি প্রধান ও উপপ্রধানের সাথে খারাপ আচারণ করছে। তাঁরা বলেন, কাউকে কিছু না জানিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

# বাংলাদেশে পাচারকালে উদ্ধার বাইক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর**।। বাংলাদেশের পাচারকালে উদ্ধার করা হয়েছে একটি পালসার বাইককে। সীমান্তবর্তী এলাকা থেকে উদ্ধার করা বাইকটি মধুপুর থানার হেফাজতে রয়েছে।

গভীর জঙ্গল থেকে পালসার বাইক উদ্ধার করলো মধুপুর থানা পুলিশ সোমবার ভোর রাতে। বর্তমানে মধুপুর থানা পুলিশের হেফাজতে রয়েছে উদ্ধারকৃত পালসার বাইকটি। জানা যায়, গোপন খবরের ভিত্তিতে মধুপুর থানার পুলিশ অরবিন্দনগর এলাকায় গভীর জঙ্গল থেকে টিআর০১-একিউ-৯৩১১ নম্বরের একটি পালসার বাইক উদ্ধার করে। পশ্চিম ত্রিপুরা থেকে উক্ত বাইকটি চুরি করে চোরের দল বাংলাদেশে পাচার করতেই অরবিন্দনগর এলাকায় গভীর জঙ্গলে সেই বাইকটিকে লুকিয়ে রেখেছিলো।

কিন্তু পুলিশের কাছে সে বাইকটি লুকিয়ে রাখার খবর আসতেই ঘটনাস্থলে ছুটে গিয়ে বাইকটি উদ্ধার করে থানায় নিয়ে আসে। পাশাপাশি বাইকটি উদ্ধারের ☞ ৬ এর পাতায় দেখুন

# আবর্জনার স্তুপ থেকে পচা গন্ধ, অস্বাস্থ্যকর পরিবেশ, ক্ষোভ জনমনে

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৮ অক্টোবর**।। তেলিয়ামুড়া অম্পি চৌমুহনী এলাকায় আবর্জনার স্তুপ থেকে পচা গন্ধ বেরিয়ে এলাকার পরিবেশ বিষাক্ত হচ্ছে। দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের ভূমিকা ঘিরে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে।

শহরে জমাকৃত আবর্জনায় অস্বাস্থ্যকর পরিবেশের সৃষ্টি হয়েছে। দূষনের পাশাপাশি গন্ধে চলাফেরার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন শহরবাসী। তেলিয়ামুড়া শহরের প্রানকেন্দ্র তথা অম্পি চৌমুহনী এলাকা সংলগ্ন পুরাতন হাসপাতাল প্রাঙ্গনে বিগত কিছু দিন যাবৎ শহরের বিভিন্ন এলাকা সহ শহরের আবর্জনা স্তূপ করে রাখা হচ্ছে। জনবহুল এলাকার পাশাপাশি ব্যস্ততম স্থান বলে পরিচিত অম্পিচৌমুহনীর আশপাশ এলাকা দিয়ে প্রচন্ড দূর্গন্ধ ছড়িয়ে পরে।

এছাড়াও এই জমাকৃত আবর্জনা স্তূপ থেকে নির্গত দূষিত বাতাস নানাবিধ অসুস্থতার কারন হয়ে দাড়িয়েছে। এই বিষয়ে তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রুপক সরকারের কাছে জানতে চাইলে উনি জানান, দূর্গাপুজোর সময়ে আবর্জনা বেশি পরিমানে জমে, পাশাপাশি বৃষ্টি। এছাড়াও পুর পরিষদের ডাম্পার গাড়ির সল্পতার কারনে অস্থায়ী ভাবে পুরাতন হাসপাতাল প্রাঙ্গনে রাখা হয়েছিল। তবে অতিদ্রুত এই আবর্জনা সরিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

# ২ জানুয়ারি ৪৩তম আগরতলা বইমেলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর** ।। ৪৩তম আগরতলা বইমেলা আগামী ২ জানুয়ারি থেকে ১৪ জানুয়ারি, ২০২৫ অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ মুক্তধারা অডিটোরিয়ামে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার পৌরোহিত্যে আয়োজিত প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় মুখ্যমী বক্তব্য রাখতে গিয়ে ৪৩তম আগরতলা বইমেলা আয়োজনের সার্বিক সাফল্য কামনা করেন। মুখ্যমন্ত্রী বলেন, নবীন প্রজন্মকে বই পড়ার প্রতি আকৃষ্ট করার উদ্যোগ নিতে হবে। তাহলেই বইমেলা আয়োজনের স্বার্থকতা আসবে। বর্তমানে সামাজিক মাধ্যম ও ইন্টারনেটের যুগে নবীন প্রজন্মের মাঝে বইয়ের গুরুত্বকে তুলে ধরা একটি চ্যালেঞ্জিং বিষয়। তাই এবারের বইমেলায় আরও বেশি করে বিভিন্ন স্তরের ছাত্রছাত্রীদের কিভাবে যুক্ত করা যায় তারজন্য পদক্ষেপ নিতে তিনি অনুরোধ করেন। এছাড়াও মুখ্যমন্ত্রী বিভিন্ন ক্লাবগুলিকে বইমেলা থেকে বই ক্রয় করার জন্য অনুরোধ করেন।




বইমেলা প্রস্তুতি সভায় স্বাগত বক্তব্য রাখতে গিয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী বলেন, ৪২তম আগরতলা বইমেলার থিম ছিল ভব্য ভারত। মোট বইয়ের স্টল ছিল ১৭৫টি। এছাড়া বইমেলা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সারা রাজ্যের ১৬০০ জন শিল্পী অংশগ্রহণ করেন। বইমেলা উপলক্ষে আয়োজিত কবি সম্মেলনে ৩৪৫ জন কবি অংশগ্রহণ করেন। মোট ১৫৪টি বই প্রকাশিত হয়। তাছাড়াও এই বইমেলা উপলক্ষে সেমিনার, ক্যুইজ, তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়। সভায় আগরতলা বইমেলার সামগ্রিক বিষয় নিয়ে আলোচনা করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য। তাছাড়াও আলোচনা করেন বিশিষ্ট সাংবাদিক শানিত দেবরায়, জয়ন্ত ভট্টাচার্য, দিবাকর দেবনাথ, সুপ্রিয় দত্ত, অল ত্রিপুরা বুক সেলার্স অ্যাণ্ড পাবলিশার্সের পক্ষ থেকে উত্তম চক্রবর্তী, ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ
আগরতলা ২৯ অক্টোবর
১২ কার্ত্তিক, মঙ্গলবার ১৪৩১ বঙ্গাব্দ

# সস্তার প্রলোভনে পা বাড়ানোই ‘কাল’

’১৭-র এপ্রিলে সান্দাকফু-ফালুটে ট্রেক করিতে গিয়া আমেরিকার ৬৭ বছরের গ্লেন বার্নার্ড কনওয়ে প্রাণ হারান।’২৩-এর মে মাসে দার্জিলিংয়ে  ট্রেক করিবার সময় পড়িয়া গিয়া মারা যান কালিয়াগঞ্জের তন্ময় কুণ্ডু।’২৪-এর মে মাসে দার্জিলিংয়ের সিঙ্গালিলা ন্যাশনাল পার্ক থেকে এক মহিলা সহ দুজনের দেহ উদ্ধার হয়। তাঁহারাও ট্রেকিং করিতে গিয়াছিলেন।তালিকাটা লম্বা। ফি বছর পাহাড়ে ট্রেক করিতে গিয়া মৃত্যু হইয়াছে বেশ কয়েকজন পর্যটকের। গত শুক্রবার ভোররাতে প্রাণ হারান উত্তর ২৪ পরগনার কাঁচরাপাড়ার বাসিন্দা বিপ্লব বাগচীর। ট্রেক শেষ করিবার পর শ্বাসজনিত সমস্যা শুরু হয় তাঁহার। চিকিৎসা শুরু হওয়ার আগেই মৃত্যুর কোলে ঢলিয়া পড়েন তিনি। যথারীতি এই মৃত্যুকে কেন্দ্র করিয়া হইচই শুরু হইয়াছে। কয়েকদিন চলিবেও। তাহার পর সমস্ত কিছু পাহাড়-চাপা পড়িয়া যাইবে অতীতের মতো।বারবার এমন ঘটনা ঘটিতেছে কেন? অ্যাডভেঞ্চার ট্যুরিজম সংক্রান্ত পর্যটনমন্ত্রকের নির্দেশিকা উপেক্ষা করিয়া সস্তার প্রলোভনে পা বাড়ানোই ‘কাল’ হইয়া দাঁড়াইতেছে  পর্যটকদের জন্যে। উত্তরের পর্যটনে ‘মধু’ রহিয়াছে, এই ধারণা তৈরি হওয়ার সঙ্গে সঙ্গেই পর্যটন ব্যবসায় ঝোঁক বাড়িয়াছে। বাড়িয়াছে প্রতিযোগিতা। কে কত কম ‘রেট’-এ প্যাকেজ ট্যুর দিতে পারে, তাহা নিয়া চলিতেছে লড়াই।প্রশাসনের নজরদারির অভাবে বর্তমানে সমাজমাধ্যমে প্রচারের মধ্য দিয়া চলিয়াছে পর্যটন ব্যবসা। আক্ষেপের বিষয়, সেখানে অ্যাডভেঞ্চার ট্যুরিজমে সরকারি বিধিনিষেধ উপেক্ষিত থাকিতেছে। ফলাফল, পর্যটকদের প্রাণহানি।ট্রেকিং শুরুর আগে স্বাস্থ্য পরীক্ষা করা, ট্রেকিংয়ের সময় ছোট ধরনের অক্সিজেন সিলিন্ডার সঙ্গে রাখা, প্রয়োজনীয় চিকিৎসা ব্যবস্থা সহ একাধিক নির্দেশিকা রহিয়াছে পর্যটনমন্ত্রকের। সেটি যে কোনও ক্ষেত্রেই মানিয়া চলা হয় না, তাহা স্পষ্ট

হইয়াছে বিপ্লব যে সংস্থার মাধ্যমে সিকিমে ট্রেক করিতে গিয়াছিলেন তাহাদের বক্তব্যে।

পর্যটন ব্যবসায়ীদের একাংশের বক্তব্য, ট্রেকিংয়ে সমস্ত বিধিনিষেধ মানিয়া চলিলে প্রতিযোগিতার বাজারে পর্যটক পাওয়া দুষ্কর হইয়া দাঁড়াইবে। রুট অনুযায়ী রেট নির্ধারিত হয়।

তাৎপর্যপূর্ণ বিষয়, কেন্দ্রের তরফে ট্রেকিং সহ সমস্ত অ্যাডভেঞ্চার ট্যুরিজমের ক্ষেত্রে যে নির্দেশিকা দেওয়া আছে, সেগুলিতে অধিকাংশ ক্ষেত্রে আগ্রহ দেখায়নি রাজ্যগুলি। সবচাইতে বড় কথা, পর্যটনমন্ত্রকের অনুমতি নেওয়া বাধ্যতামূলক হইলেও, তাহা না নিয়া অনেকে পর্যটকদের ট্রেকিংয়ে নিয়া যাইতেছেন।’

## বসিরহাটের খুলনা বাজারে গোপন শব্দবাজি বিক্রি, বিপুল বাজি সহ ব্যবসায়ী গ্রেফতার

বসিরহাট, ২৮ অক্টোবর (হি.স.): উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার সন্দেশখালি থানার খুলনা গ্রাম পঞ্চায়েতের খুলনা বাজারে সোমবার নিষিদ্ধ শব্দবাজি বিক্রির অভিযোগে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ বাজি সহ এক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। সন্দেশখালি থানার পুলিশ আধিকারিক বলাই ঘোষের নেতৃত্বে একটি বিশেষ দল দোকানে অভিযান চালিয়ে ওই ব্যবসায়ী সঞ্জয় সাহাকে হাতেনাতে পাকড়াও করে। অভিযোগ, সঞ্জয় সাহা গোপনে ১৮ কেজি নিষিদ্ধ শব্দবাজি, যার বাজার মূল্য লক্ষাধিক টাকা, বিক্রি করছিলেন। মোট ৬০ প্যাকেট বাজি উদ্ধার করা হয়েছে, যা খুলনা বাজারের দোকানে গোপনে বিক্রির জন্য মজুত রাখা হয়েছিল।

এ ঘটনার পর স্থানীয় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলিশ জানিয়েছে, এই ধরনের অবৈধ বাজি বিক্রির বিরুদ্ধে আরও কড়া পদক্ষেপ নেওয়া হবে এবং উৎসবের সময় শব্দবাজির বিক্রয় রুখতে কঠোর নজরদারি চালানো হবে।

## সল্টলেকে প্রভিডেন্ট ফান্ড তছরূপের অভিযোগে বেসরকারি সংস্থার ডিরেক্টর গ্রেফতার

বিধাননগর, ২৮ অক্টোবর(হি.স.): সল্টলেক সেক্টর ফাইভের একটি বেসরকারি সংস্থার ডিরেক্টর সম্বরণ চ্যাটার্জীকে কর্মীদের প্রভিডেন্ট ফান্ডের বিপুল অংকের টাকা তছরূপের অভিযোগে গ্রেফতার করেছে বিধাননগর উত্তর থানার পুলিশ। অভিযোগ ওঠে, সংস্থার কর্মীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা আত্মসাত করেছেন তিনি।

প্রভিডেন্ট ফান্ডের টাকা না পাওয়ার অভিযোগ তুলে কর্মীরা প্রোভিডেন্ট ফান্ড দফতরে অভিযোগ করেন, যা তদন্তে উঠে আসে প্রতারণার ঘটনা। সেই অভিযোগের ভিত্তিতে বিধাননগর উত্তর থানায় একটি মামলা রুজু করে প্রোভিডেন্ট ফান্ড দফতর। এরপরেই পুলিশ অভিযুক্ত ডিরেক্টরকে গ্রেফতার করে। তদন্তের স্বার্থে ধৃতকে পিএফ কমিশনারের দফতরে নিয়ে যাওয়া হয়েছে বলে জানা গেছে।

## ভারত মাতা সরোবরের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী, সুবিধা হবে কৃষকদের

আমরেলি, ২৮ অক্টোবর (হি.স.): গুজরাটের আমরেলিতে ভারত মাতা সরোবরের শুভ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার দুপুরে আমরেলির দুধালায় ভারত মাতা সরোবরের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী মোদী। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গুজরাটের রাজ্যপাল আচার্য দেবব্রত ও মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল-সহ অন্যান্যরা।এই প্রকল্পটি পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) মডেলের অধীনে গুজরাট সরকার এবং ঢোলাকিয়া ফাউন্ডেশনের মধ্যে সহযোগিতার মাধ্যমে তৈরি করা হয়েছে। ধোলাকিয়া ফাউন্ডেশন একটি চেক ড্যাম উন্নত করেছে, যা মূলত, বাঁধটি ৪.৫ কোটি লিটার জল ধারণ করতে পারে তবে এটি গভীর, প্রশস্তকরণ এবং শক্তিশালী করার পরে, ধারণক্ষমতা ২৪.৫ কোটি লিটারে উন্নীত হয়েছে। এই সরোবর উদ্বোধনের ফলে কৃষকদের সেচের কাজে বিশেষ সুবিধা হবে।

## মুখ্যমন্ত্রীর হাতেই কালীপুজোর উদ্বোধন,

কলকাতা, ২৭ অক্টোবর (হি. স.) : দুর্গাপুজোর পর শ্যামাপুজোতেও উদ্যোক্তাদের দাবি মত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সোমবার ফের কালীপুজোর মন্ডপে। সশরীরে উপস্থিতির জন্য ইতিমধ্যেই কড়া নজরদারি। তাঁর হাতেই তিনটি কালীপুজোর উদ্বোধন হচ্ছে। প্রথমটি হল গিরীশ পার্ক ফাইভ স্টার ক্লাবের শ্যামা প্রতিমা, উত্তর কলকাতায়। এরপর মধ্য কলকাতার, জানবাজারে মন্ডপে। বরাবরই ওই পুজোর সূচনা হয়ে থাকে। বিধায়ক স্বর্ণকমল সাহা এর প্রধান পৃষ্ঠপোষক। পরবর্তীতে শেক্সপিয়ার সরণিতে যাবেন তিনি। তারপর জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে। এর মূল উদ্দেশ্য - প্রতিমা ও মন্ডপ এবং আলোকসজ্জা পরিদর্শনের জন্য উন্মুক্ত করে দেয়া হবে। উল্লেখ্য, আগামী ৩১ অক্টোবর কালীপুজো। শহর কলকাতা ও জেলা মিলিয়ে প্রায় ১২০০ টি কালীপুজোর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

# যে বায়ুতে শ্বাস নেওয়াও কঠিন

আমাদের শৈশবে শীতকাল ছিল আনন্দের; বার্ষিক পরীক্ষা শেষে ছুটিতে চিড়িয়াখানা, জাদুঘর, ভিক্টোরিয়া ঘুরে আসা ছিল, ছিল শীতের রোদ গায়ে মেখে ক্রিকেট। কিন্তু শীতকাল এখন উদ্বেগের। শীতে ভারতের বড় শহরগুলিতে বাতাসের গুণগত মানের অবনতি হয়। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বাতাসে ভাসমান যে ১২টি দূষক চিহ্নিত করেছে তার মধ্যে দু’টি, পিএম ১০ ও পিএম ২.৫ শীতকালে জনস্বাস্থ্যের পক্ষে নিরাপদ মাত্রা অতিক্রম করে।

পারটিকুলেট ম্যাটার বা পিএম হল বাতাসে ভাসমান ধূলিকণা, যার মধ্যে ব্ল্যাক কার্বন ও অন্যান্য দূষক মিশে থাকে। দৈনিক প্রতি ঘনমিটার বাতাসে পিএম ১০ ও পিএম ২.৫-এর পরিমাণ যথাক্রমে ১০০ ও ৬০ মাইক্রোগ্রাম অতিক্রম করলে তা জনস্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর; এই সীমার বার্ষিক সহনশীল মাত্রা যথাক্রমে ৬০ ও ৪০ মাইক্রোগ্রাম। জনস্বাস্থ্যে ভাসমান দূষকের ক্ষতি করার ক্ষমতার নিরিখে “এয়ার কোয়ালিটি ইন্ডেক্স” (একিউআই) হিসাব করা হয়। অতিসূক্ষ্ম বলেই পিএম ২.৫ নিঃশ্বাসের সঙ্গে আমাদের দেহে প্রবেশ করলে ফুসফুস, হার্ট ও মস্তিষ্কে ছড়িয়ে যায়। ২০২২-এ প্রকাশিত বিশ্ব ব্যাঙ্কের রিপোর্টে জানা গেছে, প্রতি বছর পৃথিবীতে পিএম ২.৫-এর প্রভাবে ৪২ লক্ষ মানুষ মারা যান। কলকাতার বাতাসে বছরে ১২৪৮০ মেট্রিক টন পিএম ১০ এবং ৪০৫৪ মেট্রিক টন পিএম ২.৫ ভাসমান থাকে। এই দূষণের প্রধান উত রাস্তার ধুলো, কয়লা-কাঠ ইত্যাদি পোড়ানো ধোঁয়া, নানা ধরনের



কণা, যানবাহন বা শিল্পকেন্দ্র থেকে নির্গত কার্বন ও উত্তর-পশ্চিম বাতাসের টানে প্রতিবেশী রাজ্য থেকে বয়ে আসা দূষণ, যার পরিমাণ ৩০-৫০%। এই দূষণ প্রতিরোধের জন্য ঝাড়খণ্ডের সীমান্ত বরাবর ৮০০ কিমি দীর্ঘ এক গাছের প্রাচীর নির্মাণের কাজ শুরু হয়েছে। পশ্চিমবঙ্গে এক কোটি পরিবার রান্নার জন্য জীবাশ্ম জ্বালানি ব্যবহার করার ফলে বছরে ১.৩২ কোটি টন কার্বন বাতাসে মেশে। এই কোটি পরিবারকে উন্নত মানের উনুন দিয়ে দূষণ নিয়ন্ত্রণের পরিকল্পনা রূপায়ণ শুরু হয়েছে। ভাসমান দূষণের পরিমাণ সারা বছর সমান থাকে না। দূষকগুলি ভূপৃষ্ঠ থেকে দুই কিমি উচ্চতার মধ্যে ভাসমান থাকে; বিজ্ঞানীরা ওই ঊর্ধ্বসীমার নাম দিয়েছেন “প্ল্যানেটারি বাউন্ডারি লেয়ার” বা পিবিএল। অক্টোবর থেকে বৃষ্টি কমে গেলে উত্তাপ কমতে শুরু করে, তখন পিবিএল ভূপৃষ্ঠ থেকে ৫০০ মিটারের মধ্যে নেমে আসে, বাতাসের গতিও কমে যায়। ফলে স্বাভাবিক ভাবেই প্রতি ঘনমিটার বাতাসে দূষণের ঘনত্ব বেড়ে সহনশীল মাত্রা অতিক্রম করে। শীতকালে বাতাসের ক্রমহ্রাসমান গতিবেগ যদি প্রতি সেকেন্ডে ২ মিটারের কম হয়, তখন ভাসমান দূষক সাগরের দিকে বয়ে নিতে পারে না; আকাশ মেঘাচ্ছন্ন থাকলে পরিস্থিতির আরও অবনতি ঘটে।

এমনই দুঃসময়ে আমরা দীপাবলি পালন করি। এক রাতে সারা দেশের বাতাসে বাজির নানা রাসায়নিক মিশে যায়, সেই বিষ দেহে প্রবেশ করে স্থায়ী বাসা বাঁধে রক্ত, ফুসফুস এমনকি মস্তিষ্কে। দেশের সর্বোচ্চ ন্যায়ালয় সবুজ বাজির শব্দসীমা ১২৫ ডেসিবেলে বেঁধে রাত আটটা থেকে দশটা পর্যন্ত তা ব্যবহারের অনুমতি দিয়েছে। আদালতের নির্দেশ অনুসারে সবুজ বাজি পরীক্ষা করে তাকে ছাড়পত্র দেওয়ার দায়িত্ব ন্যাশনাল এনভায়রনমেন্টাল এঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট (নিরি)-এর, এবং উপাদানগুলি অনুমোদনের দায় পেট্রোলিয়াম অ্যান্ড এক্সপ্লোসিভস সেফটি অর্গানাইজেশন-এর। এ সব পরীক্ষার জন্য রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ হলদিয়াতে পূর্ব ভারতের প্রথম বাজি পরীক্ষার গবেষণাগার তৈরি করেছে। কিন্তু, শব্দ নিয়ে নানা তর্কের মাঝে আমরা ভুলে যাই, আলোর বাজি আরও বিপজ্জনক আলোর রোশনাইয়ের জন্য যে সব রাসায়নিক ব্যবহার করা হয় এই বাজিতে, তার প্রায় সবই স্বাস্থ্যের পক্ষে ভয়ানক রকম ক্ষতিকর। আকাশে নানা আলোর রোশনাই দৃষ্টিনন্দন হলেও, বৃষ্টি না হলে শত চেষ্টাতেও এই বিষ থেকে আমাদের মুক্তি নেই। সংবাদে প্রকাশ, দিল্লির পরিস্থিতি এতই খারাপ যে, মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীওয়াল কৃত্রিম বৃষ্টিপাতের পথে হাঁটার কথা ভাবছেন। সম্প্রতি এক সুইস গবেষণা সংস্থা জানিয়েছে, পৃথিবীর দূষিত শহরগুলির তালিকায় কলকাতার স্থান তৃতীয়, লাহোর আর দিল্লির পরে। মাঝে-মাঝে এমনও শোনা যায়, কলকাতার বাতাস দিল্লির থেকেও দূষিত। এই বিদেশি গবেষণা মূলত উপগ্রহচিত্র-নির্ভর। ২০২২-এ বিশ্ব ব্যাঙ্ক এক রিপোর্টে জানিয়েছে, উপগ্রহনির্ভর এ ধরনের তথ্য বাস্তব অবস্থা থেকে ৩৭-৬০% অতিরঞ্জিত হতে পারে। কলকাতায় ২০টি স্থানে বায়ুদূষণ পরিমাপ করা হয়; যে কোনও নাগরিক দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের ওয়েবসাইটে সে তথ্য দেখতে পারেন। গত তিন বছরে ভারতের চারটি মেট্রোপলিটন শহরে কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তথ্য বিশ্লেষণ করে দেখছি, কলকাতার বাতাস দিল্লি বা মুম্বইয়ের তুলনায় অনেকটা ভাল। সমুদ্রতীরবর্তী বলে চেন্নাই ও মুম্বইয়ে দিনে রাতে সমুদ্রবায়ু ও স্থলবায়ু প্রবাহিত হয়ে বায়ুদূষণ অনেকটা নিয়ন্ত্রণ করে; নানা ব্যবস্থা গ্রহণের পর কলকাতার বাতাস কিছুটা উন্নত হয়েছে। তবে এখনও অনেক পথ বাকি। ভূ-উষ্ণায়ন নিয়ে সারা পৃথিবী উদ্বিগ্ন, দীপাবলির একটি রাতের আনন্দ যেন বাতাসকে আরও বিষিয়ে না দেয়।

# স্যার সি ভি রমন ও রমন ইফেক্ট

প্রদীপ দেব

পদার্থবিজ্ঞানে এশিয়ার প্রথম নোবেল পুরস্কার বিজয়ী স্যার চন্দ্রশেখর ভেঙ্কট রমন প্রকৃতির রং, রূপ, শব্দ ও আলো নিয়ে ব্যাপক গবেষণা করেছেন। তাঁর কাজকর্ম ও জীবনযাপনপদ্ধতি খেয়াল করলে দেখা যায়, জীবনের প্রতিটি সেকেন্ড যেন তিনি ব্যয় করেছেন বিজ্ঞানের পেছনে, বৈজ্ঞানিক অনুসন্ধিৎসায়। ১১ বছর বয়সে ম্যাট্রিকুলেশন পাস করেছেন, ১৩ বছর বয়সে ইন্টারমিডিয়েট পাস করে ভর্তি হন মাদ্রাজের প্রেসিডেন্সি কলেজের বিএ ক্লাসে। ১৫ বছর বয়সে বিএ এবং ১৭ বছর বয়সে এমএ পাস করে ফেলেন। ১৮ বছর বয়সে কর্মজীবন এবং সংসারজীবন শুরু করেন। মনে হয় যেন প্রচণ্ড তাড়া নিয়ে এসেছিলেন এই পৃথিবীতে। একেবারে শৈশবের কয়েকটি বছর বাদ দিলে ৮২ বছরের দীর্ঘ জীবনের পুরোটাই তিনি বিজ্ঞানচর্চায় মেতে ছিলেন। ব্রিটিশ-ভারতীয় সরকারের অর্থ বিভাগে উচ্চতর পদে পূর্ণকালীন চাকরি করতেন। সে সময় গবেষণা করেছেন কলকাতার ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অব সায়েন্সে। এই অ্যাসোসিয়েশনের একেবারে সাদামাটা গবেষণাগারে বসে তিনি আবিষ্কার করেছেন যুগান্তকারী বৈজ্ঞানিক রহস্য। মাত্র দুই শ রুপির যন্ত্রপাতি ব্যবহার করে আবিষ্কার করেছেন রমন ইফেক্ট। পরীক্ষণ পদার্থবিজ্ঞানীর আর কোনো আবিষ্কার এত কম দামের যন্ত্রপাতি দিয়ে করা সম্ভব হয়নি। তত্ত্বীয় পদার্থবিজ্ঞানের ক্ষেত্রে এ রকম ঘটনা ঘটা সম্ভব ছিল আগে। আইনস্টাইন তাঁর পৃথিবী বদলে দেওয়া তত্ত্বগুলো আবিষ্কার করেছিলেন চিঠিপত্রের ফেলে দেওয়া খামের ওপর পেনসিল দিয়ে লিখে লিখে। কিন্তু বর্তমান কম্পিউটারের যুগে তত্ত্বীয় গবেষণায়ও লাখ লাখ টাকার গবেষণা সরঞ্জাম লাগে। ১৯২৮ সালের আবিষ্কারের জন্য ১৯৩০ সালেই স্যার রমন পেয়েছেন নোবেল পুরস্কার। সমগ্র এশিয়ায় সেটাই ছিল প্রথম পদার্থবিজ্ঞানের নোবেল পুরস্কার। ১৯২০ থেকে ১৯২৮ সালে রমন ইফেক্ট আবিষ্কারের আগ পর্যন্ত আলোর ধর্ম নিয়ে পৃথিবীব্যাপী অনেকেই গবেষণা করছিলেন। ইংল্যান্ডে লর্ড র‍্যালে, প্যারিসে জাঁ ক্যাবানিস, নিউইয়র্কে রবার্ট উড, মস্কোর ইনস্টিটিউট অব ফিজিকসে গ্রেগরি ল্যান্ডসবার্গ, লিওনিদ ম্যান্ডেলেস্ট্যাম আলোর বিক্ষেপণ বা স্ক্যাটারিং ও বিচ্ছুরণের ধর্ম নিয়ে পরীক্ষা—নিরীক্ষা করছিলেন। আর কলকাতায় বসে জোরেশোরে কাজ করছিলেন অধ্যাপক রমন। লর্ড র‍্যালে ইলাস্টিক স্ক্যাটারিংয়ের ধর্ম ব্যাখ্যা করেছিলেন। যদি কোনো আলোর কণা (ফোটন) কোনো বস্তুকণার সঙ্গে ধাক্কা খেয়ে গতিপথ পরিবর্তন করে, এবং যদি সেই পরিবর্তিত ফোটনের শক্তি আগের ফোটনের শক্তির সমান থাকে, তাহলে সেই স্ক্যাটারিংকে ইলাস্টিক স্ক্যাটারিং বলা হবে।

১৯০৫ সালে আইনস্টাইন আলোর তরঙ্গের কম্পাঙ্ক ও শক্তির সম্পর্ক স্থাপন করেছেন। কম্পাঙ্ক ও শক্তির সম্পর্ক সমানুপাতিক। তরঙ্গের কম্পাঙ্ক যত বেশি হবে, শক্তিও তত বেশি হবে। আবার তরঙ্গদৈর্ঘ্য ও কম্পাঙ্কের মধ্যে সম্পর্ক বিপরীতানুপাতিক। তরঙ্গদৈর্ঘ্য যত বেশি হবে, কম্পাঙ্ক তত কম হবে। আবার কম্পাঙ্ক যত বেশি হবে, তরঙ্গদৈর্ঘ্য তত কম হবে। আলোর তরঙ্গদৈর্ঘ্যের চেয়ে ছোট মাপের কোনো বস্তুকণার সঙ্গে যদি আলোর ধাক্কা লাগে, সে ক্ষেত্রে যে ইলাস্টিক স্ক্যাটারিং হয়, তার নাম র‍্যালে স্ক্যাটারিং। এ ধরনের বিক্ষেপণে মোট শক্তির পরিমাণের কোনো তারতম্য হয় না। অর্থাৎ বিক্ষেপণ হওয়ার আগে আলোর যে শক্তি ছিল, বিক্ষিপ্ত হওয়ার পরও সেই একই পরিমাণ শক্তি থাকবে। ফলে তাদের তরঙ্গদৈর্ঘ্যের কিংবা কম্পাঙ্কের কোনো পরিবর্তন হবে না।

রমন যে স্ক্যাটারিং পর্যবেক্ষণ করেন (যা পরে রমন স্ক্যাটারিং হিসেবে আমরা জানি), তা হলো ইনইলাস্টিক স্ক্যাটারিং। ইনইলাস্টিক স্ক্যাটারিংয়ে ফোটনের শক্তির পরিবর্তন হয়। এই পরিবর্তন পরিমাণে খুব কম হলেও পদার্থবিজ্ঞানের পরিমাপে সেটা খুবই গুরুত্বপূর্ণ।

কোনো পদার্থের কণার সঙ্গে যখন আলোর কণা বা ফোটনের ধাক্কা লাগে, তখন সেই ফোটনের তরঙ্গদৈর্ঘ্যের পরিবর্তন হয়। এই পরিবর্তন দুভাবে হতে পারে। ধাক্কার পরে তরঙ্গদৈর্ঘ্য বেড়েও যেতে পারে আবার কমেও যেতে পারে। তরঙ্গদৈর্ঘ্য বেড়ে যাওয়ার অর্থ হলো শক্তি কমে যাওয়া, আবার তরঙ্গদৈর্ঘ্য কমে যাওয়ার অর্থ হলো শক্তি বেড়ে যাওয়া। এই কমা-বাড়ার পরিমাণটা খুবই ছোট। ফলে আলোর বেশির ভাগ কণার শক্তির কোনো পরিবর্তন হয় না, খুব সামান্য অংশেরই পরিবর্তন হয়। এই খুব সামান্য পরিবর্তনটা রমন আবিষ্কার করে ফেলেছিলেন বলেই এই ঘটনাকে রমন ইফেক্ট বলা হয়। কঠিন, তরল, বায়বীয় যেকোনো অবস্থার পদার্থের মধ্যে আলো প্রবেশ করলে এই ব্যাপারটা ঘটে। এবং কোন পদার্থে কী পরিমাণ শক্তির পরিবর্তন হবে, তা নির্দিষ্ট। অর্থাৎ হাইড্রোজেনে যে পরিবর্তন হবে, নাইট্রোজেনে পরিবর্তন হবে তার চেয়ে ভিন্ন, বাতাসে হবে এক রকম, পানিতে হবে আরেক রকম ইত্যাদি। তার মানে রমন ইফেক্ট কাজে লাগিয়ে পদার্থের রাসায়নিক পরিচয় শনাক্ত করা যায়। বিক্ষেপণের ফলে শক্তির বাড়া-কমার ব্যাপারটা আরেকটু ব্যাখ্যা করা যাক। দুই ধরনের রমন ইফেক্ট হতে পারে।

(১) বস্তুর ভেতর দিয়ে আলো যাওয়ার সময় বস্তুকণা আলোর ফোটনের কিছু শক্তি শোষণ করে নিতে পারে। সে ক্ষেত্রে যে ফোটন বেরিয়ে আসবে, তার শক্তি হবে যে ফোটন ঢুকেছিল তার চেয়ে কম। অর্থাৎ তার তরঙ্গদৈর্ঘ্য হবে আগের তুলনায় বেশি। এ রকম ঘটনা ঘটলে তাকে বলা হয় স্টোকস রমন স্ক্যাটারিং। ১৮৫২ সালে বিজ্ঞানী জর্জ স্টোকস এ রকম ঘটনা পর্যবেক্ষণ করেছিলেন। জর্জ স্টোকসকে সম্মান জানিয়ে এ রকম ঘটনার নাম দেওয়া হয়েছে স্টোকস রমন স্ক্যাটারিং। (২) স্টোকস রমন ইফেক্টে যা ঘটে, তার উল্টোটাও ঘটতে পারে। আলো কোনো মাধ্যমের ভেতর দিয়ে যাওয়ার সময় সেই মাধ্যম থেকে কিছু শক্তি শোষণ করে সঙ্গে নিয়ে বেরিয়ে যেতে পারে। তখন যে ফোটন বের হবে তার শক্তি, যে ফোটন ঢুকেছিল তার শক্তির চেয়ে বেশি হবে। অর্থাৎ তার তরঙ্গদৈর্ঘ্য কম হবে। এ রকম ঘটনাকে বলে বিপরীত স্টোকস বা অ্যান্টি-স্টোকস রমন স্ক্যাটারিং।

রমন ইফেক্টের ফলে আলোর যে পরিবর্তিত বর্ণালি দেখা যায়, তাকে রমন স্পেকট্রা (Raman Spectra) আর যে পরিবর্তিত রেখা দেখা যায়, তাকে রমনরেখা বা রমন লাইন (Raman Line) বলা হয়।

পর্যায় সারণির মৌলিক পদার্থগুলোর নিউক্লিয়াসে প্রোটনের সংখ্যা দিয়ে যেমন পদার্থটি কী তা চেনা যায়, যেমন ছয়টি প্রোটন থাকলে কার্বন, আটটি থাকলে অক্সিজেন ইত্যাদি। সে রকম রমন স্পেকট্রামও পদার্থের মধ্যে নির্দিষ্ট। এক পদার্থের রমন স্পেকট্রাম অন্য পদার্থের রমন স্পেকট্রামের চেয়ে ভিন্ন। ফলে রমন স্পেকট্রামকে বলা চলে পদার্থের সুনির্দিষ্ট পরিচয়পত্র। বর্তমানে রমন স্পেকট্রোস্কোপ হলো রাসায়নিক পদার্থের উপাদান বিশ্লেষণের একটি প্রধান নির্ভরযোগ্য পদ্ধতি।

বর্তমানে উন্নত যন্ত্রপাতির সাহায্যে আলোর অতি সূক্ষ্ম পরিবর্তনও রেকর্ড করা যায়। কম্পিউটার প্রোগ্রামের সাহায্যে নিখুঁতভাবে ডেটা বিশ্লেষণ করা যায়। অথচ সেই সময়ে রমন অনেক বুদ্ধি খাটিয়ে খুবই সহজ কিছু যন্ত্রপাতির সাহায্যে এই আবিষ্কার করে ফেলেছিলেন। রমন পরবর্তী সময়ে অনেকবার উল্লেখ করেছেন যে মাত্র দুই শ রুপির যন্ত্রপাতি ব্যবহার করে তিনি নোবেল পুরস্কার নিয়ে এসেছেন। রমন ইফেক্ট আবিষ্কারের সবচেয়ে বড় সমস্যা ছিল বিক্ষিপ্ত আলো চিহ্নিত করা। বিক্ষিপ্ত আলোর তীব্রতা এত কম যে কোনোভাবেই সেই আলো ধরা যাচ্ছিল না। সূর্যের আলো তরল পদার্থে প্রবেশ করানোর জন্য তিনি শুরুতে যন্ত্রনিয়ন্ত্রিত আয়না ব্যবহার করেছিলেন। এ আয়নাটি সূর্যের আলো যেদিক থেকে আসে, সেদিকে ঘুরে যায়, ফলে পুরো দিনের বেলার সূর্যের আলো পাওয়া যায়। ঘণ্টার পর ঘণ্টা এই কাজ করতে হয়েছে। কিন্তু রমন বুঝতে পারেন যে সূর্যের আলোর যেটুকু পৃথিবীর বায়ুমণ্ডল ভেদ করে পৃথিবীতে আসে, সেগুলোর তীব্রতা এই পরীক্ষার জন্য যথেষ্ট নয়। তিনি ভাবলেন দূরবীক্ষণ যন্ত্র ব্যবহার করে সূর্যের আরও কাছ থেকে আলো নিয়ে আসা যায়, যেগুলোর তীব্রতা স্বাভাবিক আলোর চেয়ে বেশি হবে। ১৯২৭ সালে তিনি সাত ইঞ্চি ব্যাসের রিফ্র্যাক্টিং টেলিস্কোপ ব্যবহার করতে শুরু করলেন। টেলিস্কোপের লেন্সের সঙ্গে একটি কম ফোকাস দূরত্বের লেন্স জুড়ে দিলেন রমন। তাতে সূর্যের আলো কেন্দ্রীভূত হয়ে সরু ও তীব্র আলোকরশ্মিতে পরিণত হলো। সেই তীব্র আলোকরশ্মি ব্যবহার করা হলো আলোর উৎস হিসেবে। ১৯২৮ সালের শুরুতে মার্কারি-আর্ক ল্যাম্প ব্যবহার করে আরও তীব্র আলোকরশ্মি তৈরি করেন রমন। সেটাতে তিনি কোবাল্ট-গ্লাস ফিল্টার ব্যবহার করেন। মাঝেমধ্যে তরল ফিল্টারও ব্যবহার করেছেন। মিশ্র বর্ণের আলোকে এক বর্ণের আলোতে পরিণত করার জন্য এসব অপটিক্যাল ফিল্টার ব্যবহার করা হয়।

একটা বেগুনি ফিল্টার ব্যবহার করে বেগুনি বর্ণের আলো তরলের ওপর ফেলা হলো। সেই আলোর কিছুটা তরলে বিক্ষিপ্ত হলো, কিছুটা শোষিত হলো এবং কিছুটা তরলের ভেতর দিয়ে চলে গেল। রমন ইফেক্ট দেখার জন্য দরকার বিক্ষিপ্ত আলো। আপতিত আলোর সঙ্গে সমকোণে আরেকটি বেগুনি ফিল্টার রাখা হলো। সেদিকে চোখ রেখে বিক্ষিপ্ত আলোর রেখা পাওয়া গেল। এভাবে বিক্ষিপ্ত আলো হচ্ছে ইলাস্টিক স্ক্যাটারিং বা র‍্যালে স্ক্যাটারিং। বেগুনি আলো ঢুকল তরলে, বেগুনি আলো বের হলো। অর্থাৎ শক্তির কোনো পরিবর্তন হলো না। যদি আলোর শক্তির পরিবর্তন ঘটে, তবে আলোর বর্ণ পরিবর্তিত হয়ে যাবে। তরল পদার্থ যদি আলো থেকে কিছু শক্তি শোষণ করে ফেলে, তাহলে দেখা যাবে স্টোকস—রমনরেখা। এই রেখার রং বদলে যাবে। আলোর যেসব রং আমরা দেখি, তার মধ্যে সবচেয়ে শক্তিশালী হচ্ছে বেগুনি। এখন বেগুনির শক্তি চলে গেলে কী পরিমাণ শক্তি চলে গেছে, তার ওপর নির্ভর করে আলোর বর্ণ নীল, সবুজ, হলুদ, কমলা কিংবা লাল, যেকোনোটাই হতে পারে। এই রঙের রমনরেখা খালি চোখে দেখা যায়। কিন্তু এর বাইরেও আরও অনেক রং হতে পারে, যেমন অবলোহিত রেখা। সেগুলো আমরা খালি চোখে দেখতে পাব না।

আবার যদি আপতিত আলো যে তরলের ভেতর দিয়ে যাচ্ছে সেই তরলের কাছ থেকে শক্তি শোষণ করে, তাহলে দেখা যাবে অ্যান্টি—স্টোকস রমনরেখা। অর্থাৎ বেগুনি রঙের আলোর শক্তি বেড়ে সেই আলো অতিবেগুনি হয়ে যাবে। এই অতিবেগুনি রশ্মি আমাদের চোখে পড়লে চোখের মারাত্মক ক্ষতি হতে পারে।

রমন ইফেক্ট দেখার জন্য রমন দ্বিতীয় বেগুনি ফিল্টারটা বদলে যেই সবুজ ফিল্টার দিয়েছেন, সেখানে সবুজ রমনরেখা দেখা গেল। এই রেখাটি স্টোকস-রমন স্ক্যাটারিংয়ের ফলে সৃষ্টি হয়েছে।

রমন শুরুতে এই রেখাগুলো খালি চোখেই দেখেছেন অন্ধকার ঘরে। মানুষের চোখ অনেক সূক্ষ্ম আলোর রেখা দেখতে পায়। খালি চোখে দেখে নিশ্চিত হওয়ার পর রমন বর্ণালিবীক্ষণ যন্ত্র বা স্পেকট্রোমিটার ব্যবহার করেছেন। সেই সময়ের বেবি কোয়ার্টজ স্পেকট্রোগ্রাফের ক্ষমতা খুব বেশি ছিল না। রমন ফটোগ্রাফিক প্লেটে এই রমনরেখার ছবি তুলেছিলেন। যেহেতু এই বিক্ষিপ্ত আলোর শক্তি খুবই কম, তাই তাদের ফটো তুলতে ঘণ্টার পর ঘণ্টা সময় লাগত। অনেক সময় প্রায় তিন-চার দিন ধরে আলো প্রবেশ করানোর পর রমনরেখার ছবি পাওয়া যেত।

সেই সময়ের সঙ্গে বর্তমান সময়ের তুলনা করলে অবাক হতে হয়। বর্তমানে আলোর উৎস হিসেবে শক্তিশালী মনোক্রমিক বা এক বর্ণের লেজার রশ্মি ব্যবহার করা হয়। অপটিক্যাল ফাইবারের মাধ্যমে সেই লেজার রশ্মি পদার্থের ভেতর প্রবেশ করানো হয়। সেখানে আলোর যে বিক্ষেপণ হয়, সেই আলো অপটিক্যাল ফাইবারের মাধ্যমে গিয়ে ঢোকে আধুনিক ইলেকট্রনিক স্পেকট্রোগ্রাফের ভেতর। তার সঙ্গে লাগানো থাকে খুবই সংবেদী চার্জ কাপলড ডিভাইস, যা একেবারে ক্ষুদ্রাতিক্ষুদ্র আলোর কণাও ধরে ফেলতে পারে। সেই তথ্যকে কম্পিউটারে প্রবেশ করানো হয়। কম্পিউটারের সফটওয়্যার কয়েক সেকেন্ডের মধ্যেই সব তথ্য দিয়ে দেয়।

পর্যায় সারণির মৌলিক পদার্থগুলোর নিউক্লিয়াসে প্রোটনের সংখ্যা দিয়ে যেমন পদার্থটি কী তা চেনা যায়, যেমন ছয়টি প্রোটন থাকলে কার্বন, আটটি থাকলে অক্সিজেন ইত্যাদি। সে রকম রমন স্পেকট্রামও পদার্থের মধ্যে নির্দিষ্ট। এক পদার্থের রমন স্পেকট্রাম অন্য পদার্থের রমন স্পেকট্রামের চেয়ে ভিন্ন। ফলে রমন স্পেকট্রামকে বলা চলে পদার্থের সুনির্দিষ্ট পরিচয়পত্র।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# লেভেল ক্রসিং গেট প্রতিস্থাপনের জন্য বো-স্ট্রিং আর্ক স্টিল গার্ডার স্থাপন



মালিগাঁও, ২৮ অক্টোবর, ২০২৪: লামডিং ডিভিশনের অন্তর্গত কামপুর রেলওয়ে স্টেশনের নিকটে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে একটি নতুন রোড ওভার ব্রিজ (আরওবি)-এর বো-স্ট্রিং আর্ক স্টিল গার্ডার সফলভাবে স্থাপন করেছে। গুয়াহাটি-লামডিং বিজি লাইনের কামপুর স্টেশনে লেভেল ক্রসিং গেট নং. এসটি-৩৫-এর স্থানে এই আরওবি নির্মাণ করা হচ্ছে। আনুমানিক ৬০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে ২০২৫ সালের জানুয়ারি মাসের মধ্যে এই প্রস্তাবিত আরওবি-টি সম্পূর্ণ করার লক্ষ্য স্থির করা হয়েছে। লেভেল ক্রসিং গেট নং. এসটি-৩৫, যেটি রাজ্য সরকারের পিডব্লিউডি রাস্তার উপর অবস্থিত, কামপুর স্টেশন ইয়ার্ডের উপর দিয়ে অতিক্রম করেছে। যার ফলে শান্টিং অপারেশন অথবা দুদিক দিয়ে ট্রেনের চলাচল অথবা ট্রেনের স্টপেজের জন্য রোড ট্র্যাফিক তীব্র অসুবিধার সম্মুখীন হয়। এই গেটটি মোট ১,৯৮,১৮১ ভেহিক্যাল ইউনিট থাকা খুব ব্যস্ত একটি গেট। ৪২ মিটার দৈর্ঘের বো-স্ট্রিং আর্ক স্টিল গার্ডার থাকা প্রস্তাবিত এই আরওবি-র সামগ্রিক দৈর্ঘ ৫১২.৫৮ মিটারের বেশি হবে। যানজটের পাশাপাশি সম্প্রতি গুয়াহাটি-লামডিং সেকশনে ডাবল লাইন সম্পূর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে ট্রেন চলাচল বৃদ্ধি হওয়ার ফলে লেভেল ক্রসিং গেট এসটি-৩৫-এর পরিবর্তে একটি আরওবির নির্মাণ প্রয়োজন হয়ে পড়েছিল। এই নতুন আরওবি-টি চালু হওয়ার পর শুধুমাত্র ভিড়ের সময় মানুষ ও যানবাহনের সুগম চলাচল নিশ্চিত করবে তা নয়, বরং তার পাশাপাশি যাত্রীদের অবৈধভাবে রেলওয়ে ট্র্যাক অতিক্রম করাও প্রতিরোধ করবে। একবার এটি চালু হয়ে গেলে লেভেল ক্রসিং গেট এসটি-৩৫ স্থায়ীভাবে অপসারণ করা হবে। এই গেটটি অপসারণ করা হলে ট্রেনের সুরক্ষিত চলাচল বৃদ্ধি পাবে এবং ট্রেন যাতায়াত ও আরওবি-এর মাধ্যমে পথচারীদের চলাচলের ক্ষেত্রেও সুরক্ষা নিশ্চিত হবে। আরওবি টি চালু হলে নগাঁওয়ের পাশাপাশি কার্বি আংলং জেলার জনগণও উপকৃত হবেন।

# ভিজিল্যান্স বা সতর্কতা সচেতনতা সপ্তাহ-২০২৪ পালন করল সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশন (সিবিসি)

নয়াদিল্লি, ২৮ অক্টোবর ২০২৪: আজ থেকে শুরু হয়েছে ভিজিল্যান্স বা সতর্কতা সচেতনতা সপ্তাহ-২০২৪। এই বছরের মূল ভাবনা হচ্ছে, "দেশের সমৃদ্ধির জন্য সততার সংস্কৃতি"। আজ সকাল ১১টায় নয়াদিল্লির ভিজিল্যান্স ভবনে সপ্তাহব্যাপী এই উদ্যোগের সূচনা করা হয় সততার শপথবাক্য পাঠের মধ্য দিয়ে। সতর্কতা ভবনের সমস্ত কর্মীদের এই শপথবাক্য পাঠ করান সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার শ্রী প্রবীণ কুমার শ্রীবাস্তব এবং ভিজিল্যান্স কমিশনার শ্রী এ.এস. রাজীব।

সতর্কতা সচেতনতা সপ্তাহ আগামী ৩ নভেম্বর পর্যন্ত চলবেঊ গত কয়েক বছর ধরে এই 'সতর্কতা সচেতনতা সপ্তাহ' পালন করার আগে থেকে তিন মাস ধরে সতর্কতা অভিযান চালিয়ে আসছে সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনঊ সতর্কতা সচেতনতা সপ্তাহের সঙ্গে সংযুক্ত এই অভিযানটি এই বছর শুরু হয়েছে ১৬ আগস্ট থেকে, যা আগামী ১৫ নভেম্বর পর্যন্ত চলবেঊ

সতর্কতা সচেতনতা সপ্তাহ উপলক্ষ্যে কমিশনের পক্ষ থেকে আগামী ৮ নভেম্বর ২০২৪ নয়াদিল্লির বিজ্ঞান ভবনে এক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে ঊ এই অনুষ্ঠানে দেশের রাষ্ট্রপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

সতর্কতা সচেতনতা সপ্তাহ উপলক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সমস্ত মন্ত্রক/বিভাগ/সংস্থাগুলিকে সংশ্লিষ্ট বিভিন্ন পাঁচটি বিষয়ের উপর গুরুত্ব দিয়ে তিনমাসের সময়কালের প্রচার অভিযান চালানোর পরামর্শ দেওয়া হয়েছেঊ এই পাঁচটি বিষয় হচ্ছে, দক্ষতা বৃদ্ধি কর্মসূচি, পদ্ধতিগত উন্নতির ব্যবস্থা চিহ্নিতকরণ ও বা তস্ – বা য. ন, বিজ্ঞপ্তি/নির্দেশিকা/ম্যানুয়াল-এর আপডেট করা, ৩০.০৬.২০২৪-এর আগে প্রাপ্ত অভিযোগের নিষ্পত্তি এবং ডিজিটাল ব্যবস্থাপনায় ধারাবাহিক উপস্থিতি রাখা ঊ এই প্রতিরোধমূলক সতর্কতা ব্যবস্থাগুলিতে মনোনিবেশ করা হলে তা স্বচ্ছ এবং জবাবদিহিমূলক ব্যবস্থার নির্মাণ করবে বলে আশা করা যাচ্ছেঊ

**SHORT NOTICE INVITING QUOTATION**

Short Quotation is invited from bonafide Indian suppliers/reputed Indian Manufacturer for supply of 2200 kg Liquid Detergent (Teepol) for Gomati Cooperative Milk Producers' Union Ltd. Agartala Dairy; P.O. Indranagar; Agartala 799006, Tripura West. Interested Indian Suppliers/ reputed Indian Manufacturer are requested to submit their rate inclusive all taxes within 08.11.2024 till 5.00 p.m by courier/speed post/ by hand in sealed envelope in superscribing "QUOTATION FOR LIQUID DETERGENT (TEEPOL)" addressing Chief Managing Director with above office address. This offer will be opened on 09.11.2024 at 03.00 p.m, or next working day. Details may also be seen in notice board of Gomati Cooperative Milk Producers' Union Ltd. and in Website of GCMPUL. (www.gomatimilkunion.com).

ICA/C/2156/24

**Bibhas Bhaldcuchary**
**(Bibhas Bhattacharya)**
**Chief Managing Director**

**PNIET No: 60/EE/CCD/PWD/2024-25, Dated, 24-10-2024**

The Executive Engineer, Capital Complex Division, PWD(Buildings), Agartala, West Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e- tender in single bid system from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors/Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/Gov't Organization of other State & Central for the following work, Maintenance and Repairing of Block no 1, 3, & 5,6 at Secretariat Building during the year 2024-25 under Capital Complex Division. For Details visit website https://tripuratenders.gov.in. Any subsequent corrigendum will be available in the website only.

DNIET No: 52/DNIT/EE/CCD/PWD/2024-25
Estimated Cost: 24,23,481.00 Earnest Money: 48,470.00 and Time for completion: 180 (one hundred eighty) days
Last date & time for online Bidding: 14-11-2024 upto 3:00 PM
ICA/C/2168/24

**(B. Das)**
**Executive Engineer**
**Capital Complex Division, PWD(Buildings)**
**Agartala, West Tripura.**

## অন্ধ্র উপকূলে ভারী বৃষ্টির সম্ভাবনা, সতর্কতা জারি আইএমডি-র

নয়াদিল্লি, ২৮ অক্টোবর (হি.স.): অন্ধ্রপ্রদেশ উপকূলে ভারী বৃষ্টির সম্ভাবনার কথা জানালো ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। এই মর্মে জারি করা হয়েছে সতর্কতা। ভারতীয় আবহাওয়া দফতর সোমবার উত্তর উপকূলীয় অন্ধ্রপ্রদেশে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আইএমডি জানিয়ে, বৃহস্পতিবার উপকূলীয় কর্ণাটকের উপর একই রকম আবহাওয়া থাকবে। এদিকে, এই মাসের শেষে তামিলনাড়ু, পুদুচেরি, কারাইকাল, কেরল, মাহে, লাক্ষাদ্বীপ এবং উপকূলীয় এবং দক্ষিণ অভ্যন্তরীণ কর্ণাটকের কিছু অংশে বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দফতর জানিয়েছে, এই সপ্তাহে দেশের বাকি অংশে আবহাওয়ার কোনও উল্লেখযোগ্য পরিবর্তনের সম্ভাবনা নেই।

## অস্ত্রোপচারের সময়ে মরচে ধরা কাঁচি ভেঙে যাওয়া নিয়ে আলোড়ন

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.): প্রসূতি বিভাগে অপারেশন থিয়েটারে রোগীর পেট কাটতে গিয়ে ভেঙে গেল মরচে ধরা কাঁচি। সেই ভাঙা কাঁচির ছবি পোস্ট করে প্রতিবাদে সরব হয়েছে জুনিয়র ডক্টরস ফ্রন্ট।

আর জি কর হাসপাতালে রক্ত মাখা গ্লাভস উদ্ধার নিয়ে কিছুকাল আগে হইচই হয়েছে। সোমবার প্রকাশ্যে এসেছে এসএসকেএম হাসপাতালে সম্প্রতি অস্ত্রোপচারের সময়ে মরচে ধরা কাঁচি উদ্ধার।

অভিযোগ, অস্ত্রোপচারের সময় আচমকা কাঁচিটি ভেঙে যায়। কী করে ভাঙল তা খতিয়ে দেখতে গিয়ে সামনে আসে মরচে পড়েছে কাঁচিটিতে। তার ওপরই রং করে রাখা ছিল। খোঁজ শুরু হয়, এই কাঁচি কীভাবে অপারেশন থিয়েটারে এল। জানা যায়, সিল ভেঙেই ওই কাঁচি রাখা হয়েছিল সেখানে।

এই ঘটনা সামনে আসার পর রোগীর সুরক্ষা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। প্রসঙ্গত, এর আগে আরজি কর হাসপাতালের ট্রমা কেয়ারে রক্তমাখা গ্লাভস এসেছিল। জুনিয়র ডাক্তারদের বক্তব্য ছিল, এর আগেও আর জি করে এই ধরনের অপরিষ্কার গ্লাভসের জোগান দেওয়া হত। সে সময়েও কর্তৃপক্ষকে জানিয়ে লাভ হয়নি। মাঝে বেশ কিছু দিন নোংরা গ্লাভসের জোগান বন্ধ ছিল।

# জাতীয় উল্কা সংগ্রহশালার উদ্বোধন, শীঘ্রই সাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে

কলকাতা, ২৮ অক্টোবর (হি. স.) : জাতীয় উল্কা সংগ্রহশালার সূচনা হল কলকাতার বুকে। সোমবার ভারতীয় ভূ বৈজ্ঞানিক সর্বেক্ষণের বিজ্ঞান শাখা---র উদ্যোগে এই সংগ্রহশালাটির সূচনা হয়েছে। ৫ ও ১৬ নম্বর কিড স্ট্রিটে রয়েছে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ভবন। ওই বাড়িতে সপ্তম তলে নতুন কলেবরে সংগ্রহশালাটি সাজিয়ে তোলা হয়েছে। পৃথক পৃথক গ্যালারিতে তা সংরক্ষণ করা হয়েছে। এই মুহূর্তে ৬৪৩ টি উল্কা পিন্ড সংগ্রহে রয়েছে। এর মধ্যেই রয়েছে যেমন দেশের অভ্যন্তরের সংগ্রহ তেমন বিদেশের মাটিতেও উল্কাপাতের সংগ্রহটিও স্থান পেয়েছে। এ প্রসঙ্গে অধিকর্তা অসিত সাহা সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, প্রামাণ্য বস্তু। পৃথিবীর উৎসস্থল সম্পর্কে জানা ও বোঝা এবং গবেষণার জন্য জন্য এই জাতীয় সংগ্রহশালা উন্মুক্ত এবং উদ্বোধন। এরপর ছাত্র ও ছাত্রীদের জন্য এবং সেইসঙ্গে গবেষকদের জন্য সর্বোপরি খুলে দেওয়া হবে অতি শীঘ্রই। উল্লেখ্য, কেন্দ্রীয় ওই সংস্থার অধীনে থাকে এ পর্যন্ত সংগ্রহকৃত সমস্তরকম উল্কা। দেশের বিভিন্ন প্রান্তে উল্কাপাত হলে কেবলমাত্র জিএসআই একমাত্র সংস্থা যাদের পূর্ণ ক্ষমতা রয়েছে সংরক্ষণের। ইসরো তরফে একমাত্র প্রতিনিধি ও বিজ্ঞানী অরিন্দম গুহ উপস্থিত ছিলেন।

## ইউটিউবে হাইকোর্টের লাইভ স্ট্রিমিংয়ের মধ্যে হঠাৎ অশ্লীল ভিডিয়োয় চাঞ্চল্য

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.): সোমবার কলকাতা হাইকোর্টের শুনানি চলাকালীন হঠাৎ চলতে শুরু করল অশ্লীল ভিডিয়ো। আপত্তিকর এই ভিডিয়ো দেখে চমকে ওঠেন অনেকেই। তড়িঘড়ি বন্ধ করে দেওয়া হয় স্ট্রিমিং। কীভাবে ঘটল এমন ঘটনা, তা খতিয়ে দেখা শুরু হয়েছে!

এখন হাইকোর্ট ছুটি থাকায় অবকাশকালীন বেঞ্চে চলছে শুনানি। সোমবারও সেভাবেই ৭ নম্বর ঘরে বিচারপতি শুভেন্দু সামন্তর এজলাসে শুনানি চলছিল। বিষয়টি হাইকোর্টের আইটি সেলের তরফে ক্ষতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে বলে হাইকোর্ট সূত্রে খবর।

সাধারণত কোনও হ্যাক হওয়ার ঘটনা ঘটলে পুলিশে অভিযোগ দায়ের হওয়ার কথা। যদিও দুপুর পর্যন্ত নিকটবর্তী হেয়ার স্ট্রিট থানায় এই নিয়ে কোনও অভিযোগ দায়ের হয়নি। সে ক্ষেত্রে হাইকোর্টের কোনও কর্মীর গাফিলতি ছিল কি না, সেটাও খতিয়ে দেখা হচ্ছে।

## দক্ষিণ ও উত্তরবঙ্গে বিরাজ করবে শুষ্ক আবহাওয়া, আর্দ্রতা কমারও সম্ভাবনা

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.): সোমবার পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলায় শুষ্ক আবহাওয়া বিরাজ করবে বলে জানিয়েছেন আবহাওয়াবিদ অন্বেষা ভট্টাচার্য্য। দক্ষিণ ২৪ পরগনা, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা থাকলেও বাকি দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আবহাওয়া শুষ্ক থাকবে।উত্তরবঙ্গে আজ মালদা, দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, জলপাইগুড়িতে হালকা বৃষ্টিপাত হতে পারে। বিশেষ করে দীপাবলির দিন কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় সামান্য বৃষ্টির সম্ভাবনা রয়েছে, তবে অন্যান্য উত্তরবঙ্গের জেলাগুলিতে আবহাওয়া শুষ্ক থাকবে বলে পূর্বাভাস রয়েছে। সম্প্রতি আর্দতা বৃদ্ধি পাওয়ায় অস্বস্তিকর গরম অনুভূত হলেও এই পরিস্থিতি ধীরে ধীরে কমার সম্ভাবনা রয়েছে। কলকাতার ক্ষেত্রে আজকের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা প্রায় ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

# সমগ্র উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে সতর্কতা সচেতনতা সপ্তাহ-এর শপথ পাঠ




মালিগাঁও, ২৮ অক্টোবর, ২০২৪: আজ থেকে সমগ্র উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে 'সতর্কতা সচেতনতা সপ্তাহ' শুরু হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী চেতন কুমার শ্রীবাস্তব এন. এফ. রেলওয়ের মুখ্য কার্যালয় চত্বরের ড. ভুপেন হাজরিকা সভা গৃহে এবং উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে (কনস্ট্রাকশন)-এর জেনারেল ম্যানেজার শ্রী অরুণ কুমার চৌধারী মালিগাঁওস্থিত জিএম (কন) কার্যালয়ে সততার শপথ পাঠ করান।

সমগ্র উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে পরিবারের কর্মচারীদের সাথে সমস্ত ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার নিজেদের সংশ্লিষ্ট ডিভিশনগুলিতে সততার শপথ গ্রহণ করেন। এই শপথের প্রধান লক্ষ্য হলো সমস্ত কার্য্যকলাপের ক্ষেত্রে সততা ও স্বচ্ছতা নিয়ে আসা, যার ফলে কর্মক্ষেত্রের পরিবেশ সহ জীবনের প্রত্যেকটি ক্ষেত্র দুর্নীতি মুক্ত করা যাবে। ২০২৪-এর এই সচেতনতা সপ্তাহের থিম "দেশের সমৃদ্ধির জন্য সত্যনিষ্ঠার সংস্কৃতি"-এর ভিত্তিতে হবে। সপ্তাহব্যাপী এই অভিযানের সমাপ্তি ঘটবে ০৩ নভেম্বর, ২০২৪ তারিখে।

**NOTICE INVITING TENDER**

On behalf of the "Governor of Tripura" Superintendent of Police (Procurement), A.D. Nagar, Agartala, West Tripura invites sealed tender(s) in 1 (one) bid system from the Central & State Public Sector undertaking / Enterprise and eligible Contractors / Firms /Agencies of appropriate class registered with PWD/TTAADC/CPWD for the following work:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR RECEIPT OF TENDER | TIME AND DATE OF OPENING OF TENDER | PLACE OF SALE OF TENDER DOCUMENTS | CLASS OF TENDERER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Maintenance of AIGP (L/O) office by providing roof sheet, trusses and painting etc. at PHQ, Agartala. | Rs.2,76,508/- | Rs.5,530/- | 30 (thirty) days. | Up to 1600 Hrs on 20-11-2024. | At 1700 Hrs on 20-11-2024. | O/O the Supdt. of Police (Procurement), A.D. Nagar, Agartala, Tripura West. | Appropriate class. |

ICA/C/2163/24

**Supdt. of Polide (Produrément)**
**Tripura Agartala.**

**AGARTALA MUNICIPAL CORPORATION**
**O/O THE EXECUTIVE ENGINEER (ELECTRICAL)**
**DURGA CHOUMUHANI TRIPURA (WEST)**

**NOTICE INVITING TENDER NO 37(2024-25)**

Sealed Tender is invited by the Executive Engineer (Electrical Division), Agartala Municipal Corporation on behalf of The Honourable Mayor, Agartala Municipal Corporation from the resourceful Firms/Agencies/ suppliers and appropriate class of **Electrical Enlistment** registered with PWD/TTAADC/MES / CPWD/ Railway/TSECL Other State PWD experienced in similar nature of job, for the following work-

| Sl No | Name of work | Estimated Cost / Earnest Money | Time for Completion | Last date of selling / Last Date of receiving (Upto 3.00 PM) |
|---|---|---|---|---|
| 1 | "Providing proper ilumination and beautification of around Gandhi Statue in Circuit House under Agartala Municipal Corporation." | Rs.2,37,791.00 / Rs.4,756.00 | 15 (Fifteen) Days | 30-10-2024 / 04-11-2024 |

Details of work in the form of "Schedule of Work" and general / special terms & conditions can be seen in the c. ice of the undersigned on any working day in between 10.00 AM to 5.00 P.M. up to 30-10-2024

Sd/-Illegible
(Er. Sujay Chaudhury)
Executive Engineer
(Electrical Division)
Agartala Municipal Corporation

**AGARTALA MUNICIPAL CORPORATION**
**ELECTRICAL DIVISION**
**AGARTALA, WEST TRIPURA**
**PRESS NOTICE INVITING e-TENDER**

The Executive Engineer, Electrical Division, Agartala Municipal Corporation, West Tripura invites on behalf the Hon'ble Mayor, Agartala Municipal Corporation" percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Bidders / Firms / Agencies having experienced similar nature of works / appropriate class of Internal Electrical Enlistment registered with PWD/TTAADC/MES/PWD/Railway/other State PWD up to 3.00 P.M. on 31-10-2024 for the following work:-

| Sl. No. | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING |
|---|---|---|---|---|---|
| 01 | DNIeT -EE (Elect)/AMC/ 35/2024-25 | R5,94,325.00 | R11,887.00 | 10 (Ten) days | Date : 31-10-2024 Time : 15:00 Hrs. |
| | DNIeT -EE (Elect)/AMC/ 36/2024-25 | R4,75,430.00 | R9,509.00 | 10 (Ten) days | |

For more details kindly visit: https://tripuratenders.gov.in
The bid forms and other details including online activities should be done in the e-procurement portal.

For and on behalf of the Hon'ble Mayor, AMC
Sd/-
Executive Engineer,
Electrical Division
Agartala Municipal Corporation

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## মাছ খেতে ভালবাসেন না এমন বাঙালি কমই আছেন

মাছ খেতে ভালবাসেন না এমন বাঙালি কমই আছেন। বাজারে গেলেই থলি ভর্তি করে বিভিন্ন ধরনের মাছ আসে। ভেটকি মাছ এলেই আমরা হয় ঝাল আর না হয় ফ্রাই বানিয়ে ফেলি। তবে এই মাছ দিয়ে ভিন্ন স্বাদেরও বিভিন্ন ধরনের রেসিপি বানানো যায়। রেস্তরাঁয় গিয়ে স্টার্টারে লেমন বাটার গার্লিক ফিশ অনেকেই খেয়েছেন হয়তো।



বাড়িতেই খুব সামান্য কয়েকটি উপকরণ দিয়ে এই রেসিপি আপনিও বানিয়ে ফেলতে পারেন। রইল রেসিপি।


উপকরণ:

ভেটকির ফিলে: ৫টি (মোটা করে কাটা)
মাখন: ৩ টেবিল চামচ
ময়দা: ৪ টেবিল চামচ
লেবুর রস: ২ টেবিল চামচ
পার্সলে কুচি: ২ টেবিল চামচ
রসুন কুচি: ১ টেবিল চামচ
চিলি ফ্লেক্স: ১ চা চামচ
গোলমরিচ গুঁড়ো: ১ টেবিল চামচ
নুন: স্বাদমতো
তেল: ৩ টেবিল চামচ

প্রণালী:

ভেটকি মাছের টুকরোগুলিতে নুন, লেবুর রস ও গোলমরিচের গুঁড়ো মাখিয়ে মিনিট ১৫ রেখে দিন। এ বার একটি থালা ময়দা ছড়িয়ে নিয়ে মাছের টুকরোগুলির গায়ে ময়দা মাখিয়ে নিন। ননস্টিক পাত্রে তেল গরম করে মাছের টুকরোগুলি ভেজে নিন। খুব বেশি লালচে করবেন না। এ বার একটি প্যানে মাখন গরম করে তাতে রসুন কুচি ফোড়ন দিন। এক চামচ ময়দা দিয়ে ভাল করে নাড়াচাড়া করুন। মিনিট খানেক পর একে একে লেবুর রস, নুন, চিলি ফ্লেক্স, পার্সলে কুচি মিশিয়ে দিন। সসতৈরি হয়ে গেলে গ্যাস বন্ধ করে দিন। এ বার একটি পাত্রে মাছের টুকরোগুলি সাজিয়ে উপর থেকে সস্টি ছড়িয়ে দিন। গরম গরম পরিবেশন করুন লেমন বাটার গার্লিক ফিশ।

## শীত পড়ার আগে থেকেই খেতে শুরু করতে হবে কমলালেবু



এখনও তেমন শীত পড়েনি। তবু বাজারে কমলালেবুর আনাগোনা শুরু হয়ে গিয়েছে। সকালে জলখাবার খাওয়ার পরে কিংবা অফিসে কাজের মাঝে কমলালেবুর কোয়া মুখে পুরে দিচ্ছেন অনেকেই। স্বাস্থ্য সচেতন যাঁরা, তাঁরা আবার শীতের শুরু থেকেই শরীরে পর্যাপ্ত পরিমাণে ভিটামিন সি জোগান দিতে চান। যাতে চট করে ঠান্ডা না লাগে।

সারা শীতে সংক্রমণজনিত সমস্যায় ভুগাতে না হয়। শরীরে ইলেকট্রোলাইটের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে কমলালেবু। নিয়মিত খেলে কোষ্ঠকাঠিন্যের সমস্যাও থাকে না। আর কী কী কারণে কমলালেবু খাওয়া যায়?

১) রোগ প্রতিরোধের জন্য

কমলালেবুতে ভিটামিন সি ছাড়াও ক্যালশিয়াম, পটাশিয়াম, ফাইবার, ফলিক অ্যাসিড, ভিটামিন এ এবং বি রয়েছে। এই সমস্ত উপাদান রোগ প্রতিরোধ বাড়িয়ে তুলতে সাহায্য করে।

২) মস্তিষ্কের জন্য ভাল

কমলালেবুর মধ্যে রয়েছে ফ্ল্যাবনয়েড। যা আসলে এক ধরনের অ্যান্টি-অক্সিড্যান্ট। নিয়মিত কমলালেবুর রস খেলে মস্তিষ্কের স্নায়ুর জটিল রোগ অ্যাঝাইমার্স, ডিমেনশিয়া কিংবা পার্কিনসন্সের মতো রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি কমে।

৩) চোখের জন্য ভাল

চোখ ভাল রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হল ভিটামিন এ। তবে পুষ্টিবিদেরা বলছেন, কমলালেবুর মধ্যে থাকা ভিটামিন সি এবং বিটা-ক্যারোটিন চোখের যত্ন নিতে পারে।

৪) ত্বকের জন্য ভাল

কমলালেবুর মধ্যে ভিটামিন সি-র পরিমাণ সবচেয়ে বেশি। তাই ত্বকের যত্নে ভিটামিন সি যুক্ত সিরাম, ক্রিম মাখার পাশাপাশি কমলালেবু খাওয়ার অভ্যাস করতে বলেন পুষ্টিবিদেরা।

৫) হার্টের জন্য ভাল

বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে, কমলালেবু খেলে হার্টের জটিল কোনও রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা অনেক কম। কারণ, এই লেবুর মধ্যে থাকা ফাইবার এবং পটাশিয়াম রক্তে খারাপ কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে।

## কম সময়ে ওজন কমাতে প্রোটিনের জুড়ি মেলা ভার

কম সময়ে ওজন কমাতে প্রোটিনের জুড়ি মেলা ভার। ডায়েট চলাকালীন প্রোটিন সমৃদ্ধ খাবার বেশি করে খাওয়ার পরামর্শ দেন পুষ্টিবিদেরা। প্রোটিন ওজন নিয়ন্ত্রণে রাখতে অন্যতম ভূমিকা পালন করে। প্রোটিন দীর্ঘ ক্ষণ পেট ভর্তি রাখতে সাহায্য করে। ফলে বারে বারে খাবার খাওয়ার প্রবণতা অনেকটাই নিয়ন্ত্রণে থাকে।

সেই কারণেই ডায়েট করার সময় বেশি করে প্রোটিন খাওয়ার দিকে জোর দিতে বলা হয়। প্রোটিন সমৃদ্ধ খাবারের তালিকা দীর্ঘ। তবে প্রোটিন আছে মানেই খাবারটি স্বাস্থ্যকর হবে, সেটাও নয়। এমন অনেক খাবারে ভরপুর পরিমাণে প্রোটিন থাকে, যেগুলি খেলে ওজন বেড়ে যাওয়ার ঝুঁকি থাকে। সেই ঝুঁকি এড়াতে ডায়েট করার সময় কোন খাবারগুলি ভুলেও খাবেন না?

দুগ্ধজাত খাবার

দুধ, চিজ, ইয়োগার্ট হল প্রোটিনের সমৃদ্ধ উত। শরীরে প্রোটিনের পরিমাণ পর্যাপ্ত রাখতে অনেকেই দুগ্ধজাত খাবার বেশি করে খান। কিন্তু ওজন ঝরানোর পর্বে এই খাবারগুলি এড়িয়ে চলাই শ্রেয়। এই ধরনের খাবারে শুধু প্রোটিন নেই, ফ্যাটও রয়েছে সমপরিমাণে। এই ফ্যাট ওজন বাড়িয়ে দেওয়ার জন্য যথেষ্ট।

প্রক্রিয়াজাত খাবার

ডায়েট করছেন বলে জলখাবারে লুচি, পরোটার বদলে সসেজ, বেকন খাচ্ছেন? ভুল করছেন। এই খাবারগুলিতে প্রোটিনের পাশাপাশি সোডিয়ামও রয়েছে। সোডিয়াম গ্যাস-অম্বলের অন্যতম কারণ। ঘন ঘন গ্যাস-অম্বল হলে ওজন নিয়ন্ত্রণে রাখাও কঠিন হয়ে পড়ে।

বাদাম

ডায়েট চলাকালীন মাঝে মাঝে মুখ চালাতে বাদামের উপর ভরসা রাখেন অনেকেই। বাদামে প্রোটিনের পরিমাণ নিঃসন্দেহে অনেক বেশি। তবে বাদামে প্রোটিন ছাড়াও ক্যালোরি, ফ্যাটও রয়েছে। বেশি বাদাম খেলে আবার ওজন বেড়ে যেতে পারে।

প্রোটিন বার

রোগা হওয়ার জন্য প্রোটিন বার খান অনেকেই। প্রোটিন বার শরীরের জন্য অত্যন্ত স্বাস্থ্যকর। কিন্তু প্রোটিন বারে বাড়তি চিনি থাকে। শরীরে চিনি প্রবেশ করা মানেই ওজন বেড়ে যাওয়ার ঝুঁকি থাকে। তাই ওজন ঝরানোর পর্বে খাওয়াদাওয়া নিয়ে সতর্ক থাকা জরুরি। ডাল ওজন কমানোর পর্বে বেশি করে ডাল খাওয়ার কথা বলে থাকেন পুষ্টিববিদরা। ডালের মতো উপকারী খাবার সত্যিই খুব কম আছে। তবে ডালে প্রোটিন যেমন রয়েছে, কার্বোহাইড্রেটও সমপরিমাণে রয়েছে। প্রোটিন ওজন কমাতে সাহায্য করলেও কার্বোহাইড্রেট ওজন বাড়িয়ে দেয়।

অনেককেই বলতে শোনা যায়, আঙুল ফাটানোর ফলে ভবিষ্যতে বাতের সমস্যা হওয়ারও ঝুঁকি থাকে। কিন্তু আঙুল ফাটানোর অভ্যাস সত্যিই কি শরীরের বিপদ ডেকে আনে?

আর্থারাইটিস অ্যান্ড রিউম্যাটিজম জার্নালে প্রকাশিত এক গবেষণা অনুযায়ী, আঙুল ফাটানোর সঙ্গে বাত হওয়ার কোনও রকম সম্পর্ক নেই। আঙুলের অস্থিসন্ধিতে তরল পদার্থ জমা থাকে। আঙুল ফাটানোর সময়ে অস্থির মাঝে ফাঁক বেড়ে যায়। ওই ফাঁকে বুদবুদ সৃষ্টি হয়। বুদবুদগুলিতে নাইট্রোজেন, অক্সিজেন, কার্বন-ডাই-অক্সাইড পূর্ণ থাকে। গ্যাসে পরিপূর্ণ সেই বুদবুদগুলি ফেটে গিয়েই মটমট শব্দ আসে।

## ব্যায়াম: নিয়মিত অভ্যাস করলে তারুণ্য ধরা থাকবে জীবনভর

প্রতি বছর জন্মদিন এলেই অজানা এক ভয় ঘিরে ধরে। বয়স বাড়ছে এই সত্যিটা মেনে নিতে কষ্ট হয় অনেকেরই। কিছু দিন আগেও অবলীলায় যে সব কাজ করে ফেলতে পারতেন, তা এখন করতে গেলেই বাড়ির ছোটরা রে রে করে ওঠে। বেশি মিষ্টি খেলেও সকলে আড়চোখে তাকায়। মনে মনে হয়তো অনেকেই ভাবেন, এই বয়সেই কি এতটা সংযত হওয়ার প্রয়োজন আছে?

বুড়িয়ে যাওয়ারও তো নির্দিষ্ট বয়স রয়েছে। ত্বক কুঁচকে যাওয়া বা চুলে পাক ধরার মতো লক্ষণগুলিকে না হয় প্রসাধনী দিয়ে ঢেকে দেওয়া যাবে। কিন্তু শরীর বা মনের বয়স ধরে রাখবেন কী ভাবে? চিকিৎসকেরা বলছেন, নিয়মিত কিছু ব্যায়াম করলেই শরীর এবং মন চাঙ্গা থাকবে।

১) সাঁতার

গোটা দেহে রক্ত সঞ্চালনের মাত্রা বাড়িয়ে তোলার মোক্ষম অস্ত্র হল সাঁতার। যে কোনও বসেই সাঁতারের মতো ব্যায়াম অভ্যাস করা যায়। বয়স বাড়লে শরীরের বিভিন্ন অস্থিসন্ধিতে ব্যথার প্রকোপ বাড়ে। এই সমস্যা নিরাময় করতে পারে সাঁতার। তা ছাড়া, নিয়মিত সাঁতার কাটলে ফুসফুসে সংক্রমণজনিত সমস্যাও নিয়ন্ত্রণে থাকে।

২) তাই চি

বয়সের সঙ্গে বাড়ে দেহের ভার। কমতে থাকে শরীরের নমনীয়তা। মনোসংযোগের অভাবও ঘটতে দেখা যায়। বয়সজনিত এই সমস্যাগুলি নিয়ন্ত্রণে রাখতে অভ্যাস করা যায় তাই চি। "লো-ইমপ্যাক্ট" শরীরচর্চার সঙ্গে বিশেষ পদ্ধতিতে শ্বাস-প্রশ্বাসের সংযোগ ঘটানো এবং মনোসংযোগ করা এই পুরো বিষয়টি শেখানো হয় তাই চি-তে। বিভিন্ন গবেষণা দেখা গিয়েছে, মানসিক চাপ নিয়ন্ত্রণ করতে, মস্তিষ্কের বয়সজনিত স্নায়ুর রোগ নিয়ন্ত্রণ করতে সাহায্য করে বিশেষ এই ব্যায়াম।

৩) হাঁটা

বাড়ির কাজ সামলে সারা দিনে অন্য আর কিছু করার সময় পান না? অসুবিধে নেই। সকালে এবং রাতে দু'বেলা ছাদে গিয়ে হাঁটুন। চিকিতকেরা বলছেন নিয়মিত হাঁটলে হার্টের বিভিন্ন সমস্যা নিয়ন্ত্রণে থাকে। দেহের অতিরিক্ত ওজন নিয়ন্ত্রণে সাহায্য করে এই ব্যায়াম। প্রতি দিন ৬ থেকে ১০ হাজার পা হাঁটতে পারলেই অনেক সমস্যার সমাধান হবে।



## আলু পনিরের নিরামিষ ডালনা

২০০ গ্রাম পনির ছোট ছোট টুকরো করে নিতে হবে। ক্রিম পনির নিলে সবচাইতে ভাল। এর মধ্যে স্বাদমতো নুন, হলুদ আর লঙ্কা গুঁড়ো দিয়ে মাখিয়ে রাখতে হবে। শুকনো কড়াইতে একটা তেজপাতা, এলাচ, লবঙ্গ, জয়িত্রী, জায়ফল দিয়ে একটু নেড়ে নিতে হবে। মশলা গুলো শুকনো খোলায় মাঝারি আঁচে ভাজতে হবে। একটু শা-জিরে দিয়ে নেড়ে নিন

কড়াইতে সরষের তেল দিয়ে পনির দিয়ে ভেজে নিতে হবে। এতে তেলের রং সুন্দর হয় আর পনিরের রংও ভাল আসে। এই তেলের মধ্যে একটু ঘি মিশিয়ে দিতে হবে , এর মধ্যে দিন এক চিমটি পাঁচফোড়ন

এবার দুটো আলু এর মধ্যে দিয়ে ভাল করে ভেজে নিতে হবে। একটু চাপা দিয়ে ভাজলে আলু তাড়াতাড়ি সেদ্ধ হবে। এবার এর মধ্যে এক চামচ আদাবাটা, লঙ্কাবাটা দিয়ে ভাল করে নাড়াচাড়া করে নিতে হবে সামান্য পরিমাণে জল দিয়ে এক চামচ জিরে গুঁড়ো, ধনে গুঁড়ো, হলুদ, স্বাদমতো নুন দিয়ে কষিয়ে নিতে হবে। এবার হাফ চামচ লঙ্কা গুঁড়ো আর স্বাদমতো চিনি দিয়ে কষতে থাকুন

এর মধ্যে তিন চামচ টকদই ফেটিয়ে দিয়ে দিতে হবে। ভাল করে এবার ফ্লেম কমিয়ে কষিয়ে নিতে হবে। তেল না ছাড়া পর্যন্ত কষাতে হবে। তেল ছাড়তে শুরু করলে পরিমাণ মতো জল দিন

চাপা দিয়ে আলু সেদ্ধ করে নিতে হবে। আলু সেদ্ধ করলে পনিরের টুকরো গুলো দিয়ে দিতে হবে। এবার একবাটি মটরশুঁটি দিয়ে দিতে হবে। ফুটতে শুরু করলে ভেজে গুঁড়িয়ে রাখা গরম মশলা দিন

একদম শেষে হাফ চামচ ঘি দিন। এবার গ্যাসের ফ্লেম অফ করে ভাল করে ফুটিয়ে নিতে হবে। লুচি বা পোলাওয়ের সঙ্গে এই আলু-পনিরের ডালনা খেতে খুব ভাল লাগে। সম্পূর্ণ নিরামিষ এই আলু-পনিরের দম খেতে খুবই ভাল হয়



## মেটাবলিজম ভাল নয়?

জীবনের কোনও পর্যায়ে পৌঁছে প্রায় সকলেই একবার হলেও ওজন কমানোর চেষ্টা করেন। কেউ পুরনো জামায় ফিট হওয়ার জন্য, আবার কেউ রোগের ঝুঁকি কমানো জন্য ওজন কমাতে চান। কিন্তু ওজন কমানো মোটেই সহজ কাজ নয়।

শরীরচর্চা ও ডায়েট দুটোই ওজন কমানোর জন্য জরুরি। কিন্তু এটাই যথেষ্ট নয়। আপনার মেটাবলিজম ভাল না হলে, ওজন কমানোর জার্নি কষ্টকর হতে পারে।

মেটাবলিজম আমাদের শরীরের সুপারহিরোর মতো কাজ করে।

মেটাবলিজম হল এমন একটি শারীরিক প্রক্রিয়া যেখানে আমরা যেসব খাবার খাই সেগুলোকে শক্তিতে রূপান্তরিত করে। এই শক্তি হজমে সাহায্য করা থেকে ক্যালোরি পোড়ানোর মতো বিভিন্ন শারীরিক ক্রিয়াকলাপের জন্য ব্যবহৃত হয়।

## শীতকালে শুষ্ক ত্বকের সমস্যার ওয়ান স্টপ সলিউশন কাঁচা দুধ

রোজ এক গ্লাস করে দুধ খেলে দেহে কখনও কোনও পুষ্টির ঘাটতি হবে না। আর যদি রূপচর্চার অংশ করে নেন, দুধ আপনার ত্বকের একাধিক সমস্যা দূর করে দেবে। ত্বকের উপর হাজারো উপকারিতা এনে দেয় দুধ।



ঘরোয়া উপায়ে উজ্জ্বল ত্বক পেতে চাইলে কাঁচা দুধের সঙ্গে বন্ধুত্ব করতে হবে। কাঁচা দুধে তুলোর বল ডুবিয়ে সারা মুখে লাগিয়ে নিন। হালকা হাতে মালিশও করতে পারেন। তারপর ঈষদুষ্ণ জল দিয়ে মুখ ধুয়ে নিন।

দুধের মধ্যে ভিটামিন এ, ডি এবং ই রয়েছে, যা ত্বকে অ্যান্টিঅক্সিডেন্ট হিসেবে কাজ করে। এগুলো ত্বককে ফ্রি র্যাডিকেলের হাত থেকে রক্ষা করে এবং ত্বকের অকাল বার্ধক্য প্রতিরোধ করে। মেনোপজের পরও ত্বকের জেল্লা ধরে রাখতে গেলে দুধ দিয়ে ত্বকের যত্ন নিতেই হবে।

নিয়মিত মুখে কাঁচা দুধ মাখলে ত্বক পরিষ্কার থাকে। এটি ত্বকের উপর প্রাকৃতিক ক্লিনজার হিসেবে কাজ করে। পাশাপাশি ত্বককে এক্সফোলিয়েট করে মরা কোষ পরিষ্কার করে দেয়। এতে ত্বক অনেক বেশি উজ্জ্বল দেখায়। স্কিন টোন উন্নত হয়।

শীতকালে ত্বক অতিরিক্ত শুষ্ক হয়ে যায়। কিন্তু কাঁচা দুধে মধু মিশিয়ে মাখলে এই সমস্যার সঙ্গে লড়াই করা সহজ হবে। দুধের মধ্যে ময়েশ্চারাইজিং উপাদান রয়েছে, যা ত্বককে হাইড্রেট করে। পাশাপাশি এর মধ্যে থাকা প্রাকৃতিক ফ্যাট, প্রোটিন ও জল ত্বককে নরম ও কোমল করে তোলে।

শীতকালে শুষ্কতার পাশাপাশি ত্বকের হাজারো সমস্যা দেখা দেয়। ব্রণ থেকে শুরু করে চুলকানি, র্যাশের সমস্যা লেগেই থাকে। এসব সমস্যা থেকে মুক্তি পেতে কাঁচা দুধের মধ্যে হলুদ গুঁড়ো মিশিয়ে মাখুন। এই অ্যান্টি-ইনফ্লেমেটরি উপাদান ত্বকের প্রদাহ কমাবে।


শীতকালেও ত্বকে ট্যান পড়ে। আর সেই ট্যান তুলতে কালঘাম ছুটে যায়। এক্ষেত্রে আপনি বেসন ও হলুদ গুঁড়োর সঙ্গে এক চামচ কাঁচা দুধ মিশিয়ে মাখতে পারেন। এই ফেসপ্যাক মরা কোষ, ট্যান সব পরিষ্কার করে দেবে এক নিমেষে। আপনি প্রতিদিন কাঁচা দুধ দিয়ে ত্বক পরিষ্কার করতে পারেন। সময়ের অভাবে যদি তা না হয়ে থাকে, তাহলে সপ্তাহে অন্তত একদিন কাঁচা দুধ দিয়ে ত্বকের যত্ন নিন। এতেই কিছুদিনের মধ্যে ত্বকের পার্থক্য ধরা পড়বে।

আপনার মেটাবলিজম যত উন্নত হবে, ওজন কমানো সহজ হবে। আর এক্ষেত্রে বেশ কিছু খাবার আপনাকে পাতে রাখতে হবে। মেটাবলিজম বাড়াতে কাঁচা লঙ্কা খান। এতে ক্যাপসাইসিন নামের যৌগ রয়েছে, যা ক্যালোরি পোড়াতে সাহায্য করে। দুধ-চা ও কফি খাওয়ার বদলে গ্রিন টি-তে চুমুক দিন। গ্রিন টি অ্যান্টিঅক্সিডেন্তে পরিপূর্ণ। এতে থাকা ক্যাটেচিন মেটাবলিজম বৃদ্ধিতে সাহায্য করে। গ্রিন টি পান করলে ওজন কমার পাশাপাশি একাধিক স্বাস্থ্য উপকারিতা পাওয়া যায়।

মেটাবলিজম উন্নত করতে হলে ডায়েটে প্রোটিন সমৃদ্ধ খাবার রাখা জরুরি। এক্ষেত্রে আপনি মাংস-ডিম থেকে শুরু করে ডাল, পনিরও খেতে পারেন। পাশাপাশি প্রোটিন পাউডারও খেতে পারেন। লেবুজাতীয় ফল মেটাবলিজম বৃদ্ধিতে সাহায্য করে। পাতিলেবু, কমলালেবু ও বাতাবিলেবুর মতো ফল রোজ খান। সাইট্রাস ফল ভিটামিন সি-তে পরিপূর্ণ হয়। এগুলো ওজনও কমায় এবং ইমিউনিটি বৃদ্ধিতেও সাহায্য করে। ওজন কমানোর ডায়েটে অবশ্যই ওটস রাখুন। ওটসের মধ্যে ফাইবার রয়েছে, যা রক্তে শর্করার মাত্রা কমাতে সাহায্য করে। পাশাপাশি আপনার পেট দীর্ঘক্ষণ ভর্তি রাখে। মেটাবলিজম ঠিক রাখতে গেলে এই খাবার রোজ খেতে হবে।

## রক্তে শর্করা কিছু পাতা করতে পারে মুশকিল আসান

রক্তে শর্করার মাত্রা এক বার বেড়ে গেলে তা সহজে নিয়ন্ত্রণে আনা যায় না। অনেক নিয়ম মেনে চলতে হয়। খাওয়াদাওয়ায় একটা বড় পরিবর্তন আসে। মিষ্টি তো জীবন থেকে বাদ যায় বটেই, আরও অনেক খাবারের সঙ্গে বিচ্ছেদ হয়ে যায়। নিয়মমাফিক রুটিন মেনে চলার পাশাপাশি চিকিৎসকের পরামর্শে ওষুধও খেতে হয়। অথচ এত কিছু করা সত্ত্বেও ডায়াবিটিস বশে থাকে না কিছুতেই। তখন ঘরোয়া টোটকার উপর ভরসা রাখা ছাড়া উপায় থাকে না। চেনা কিছু পাতা ডায়াবিটিসের মাত্রা নিয়ন্ত্রণ করতে সাহায্য করে। সু থাকতে কয়েকটি পাতার উপর চোখ বন্ধ করে ভরসা করতে পারেন।



তেজপাতা

রান্নায় স্বাদ আনতে তেজপাতা ফোড়নের কোনও বিকল্প নেই। তেজপাতার রয়েছে আরও অনেক গুণ। ডায়াবেটিকদের জন্য তেজপাতা মহৌষধির মতো কাজ করে। তেজপাতা ভেজানো জল খেলে শর্করার মাত্রা সহজে নিয়ন্ত্রণ করা যায়।

পেয়ারা পাতা শরীরের খেয়াল রাখতে পেয়ারা নিঃসন্দেহে উপকারী। তবে পেয়ারা পাতারও উপকারিতা কম নয়। ডায়াবিটিসের ক্ষেত্রে পেয়ারা পাতার রস সত্যিই ওষুধের মতো কাজ করে। পেয়ারা পাতায় রয়েছে ভিটামিন সি, ফ্ল্যাভোনয়েডস, অ্যান্টিঅক্সিড্যান্টের মতো স্বাস্থ্যকর উপাদান। এগুলি রক্তে শর্করার মাত্রা বৃদ্ধি পেতে দেয় না। ইনসুলিন ক্ষরণের পরিমাণও কমে।

নিমপাতা

যতই অপছন্দের হোক, ডায়াবিটিস বাড়লে নিমপাতা খাওয়া ছাড়া অন্য কোনও উপায় নেই। সুস্থ থাকতে নিমপাতার উপর ভরসা রাখতেই হবে। নিমপাতায় রয়েছে ফ্ল্যাভোনয়েডস, গ্লাইকোসাইডস। নিমপাতায় থাকা এই উপাদানগুলি শর্করার মাত্রা বিপদসীমা পেরোতে দেয় না।

মেথির শাক স্বাস্থ্যগুণের দিক থেকে শাকসজ্জির মধ্যে অনেকটাই এগিয়ে মেথিশাক। ডায়াবিটিস থাকলে রোজ মেথির শাক খেতে বলেন চিকিৎসকেরা। মেথি শাকে রয়েছে অ্যান্টি-ডায়াবিটিক উপাদান। ওষুধের পাশাপাশি ডায়াবেটিকেরা যদি মেথি শাক খান, তা হলে শর্করার মাত্রা বশে রাখা সহজ হয়ে যায়।

## কমলালেবু বা মুসাম্বি লেবুর খোসা ফেলে না দিয়ে রেখে দিন কাজে লাগবে

দোকানে বিভিন্ন রঙের, নানা রকম সুগন্ধি দেওয়া ক্লিনার পাওয়া যায়। কিন্তু সেগুলির দাম নেহাত কম নয়। তার উপর, ঘরের মেঝে, হেঁশেলের সিঙ্ক, কাচের টেবিল, গ্যাস অভেন, মাইক্রোওয়েভ সব কিছু জন্য আবার আলাদা ক্লিনার মজুত বাজারে। তাতে সমস্যা দুই। এক খরচ অনেক বেড়ে যায়, দুই, সেই সুগন্ধির বোতল খুলতে না খুলতেই হাঁচি শুরু হয়ে যায় অনেকের। গলা খুসখুস করে। চিকিতকেরা বলছেন, এই ধরনের সমস্যা রাসায়নিক থেকে হওয়া অ্যালার্জির কারণে হতে পারে। কিন্তু ঘর বা হেঁশেলের নোংরা, তেল পরিষ্কার করতে শুধু জল, সাবান ব্যবহার করলে হবে না। সেই সমস্যা সমাধানের পথ বাতলে দিয়েছেন এক প্রভাবী। আরমান আদমজান তাঁর সমাজমাধ্যমে একটি ভিডিয়ো পোস্ট করে দেখিয়েছেন কী ভাবে প্রাকৃতিক কয়েকটি উপাদান দিয়ে বাড়িতেই "মাল্টিপারপাস ক্লিনার" তৈরি করা যায়। কী ভাবে তৈরি করবেন লেবুর ক্লিনার? ১) কমলালেবু বা মুসাম্বি লেবুর খোসা ফেলে না দিয়ে জমিয়ে রাখুন। ২) ছোট ছোট করে খোসা কুচিয়ে, স্প্রে বোতলের মধ্যে ভরে নিন। ৩) এ বার বোতলের মধ্যে অর্ধেক ভিনিগার এবং এক চা চামচ নুন দিয়ে দিন। সব উপকরণ ভাল করে মিশিয়ে নিন। ৪) তবে খেয়াল রাখতে হবে যে বোতলের মধ্যে এই মিশ্রণটি রাখছেন, তা যেন বায়ুরোধী হয়। কাচের হলে আরও ভাল। ঘর পরিষ্কার করতে লেবুর রস ব্যবহার করবেন কেন? ১) বাজারজাত ক্লিনারের চেয়ে লেবুর রস বা খোসা দিয়ে তৈরি ক্লিনার সাশ্রয়ী।



সামনেই দীপাবলি উৎসব। তাই রাজ্যের বিভিন্ন স্থানে এই ভাবে সেজে উঠছে মা কালীর আরধনার জন্য প্যান্ডেল।

# মঙ্গলে স্বাস্থ্যে ১২,৮৫০ কোটির একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসে মোদী

নয়াদিল্লি, ২৮ অক্টোবর (হি.স.): আয়ুষ্মান ভারত পিএম-জেএওয়াই প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৭০ বছর এবং তার বেশি বয়সী প্রবীণ নাগরিকদের বীমা প্রকল্পে যুক্ত করার কর্মসূচির সূচনা করবেন। স্বাস্থ্যক্ষেত্রের পরিকাঠামোর উন্নতির জন্য প্রধানমন্ত্রী স্বাস্থ্যক্ষেত্রের সঙ্গে যুক্ত যেসব প্রতিষ্ঠানের উদ্বোধন ও শিলান্যাস করবেন, সেগুলো হল * প্রধানমন্ত্রী ভারতের প্রথম অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন,* স্বাস্থ্যক্ষেত্রে প্রযুক্তির ব্যবহারকে আরও উদ্ভাবনমূলক করে তুলতে ১১টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে ড্রোন পরিষেবার সূচনা,* ডিজিটাল ব্যবস্থাপনার প্রয়োগের মাধ্যমে স্বাস্থ্যক্ষেত্রের মানোন্নয়নের জন্য প্রধানমন্ত্রী ডড-ঢজ্জঞ্জ পোর্টালের সূচনা করবেন, যার ফলে গর্ভবতী মহিলা ও সদ্যোজাতদের টিকাকরণের প্রক্রিয়াটি ডিজিটাল ব্যবস্থাপনার আওতায় আনা,* মেক ইন ইন্ডিয়া কর্মসূচির আওতায় পাঁচটি প্রকল্পের উদ্বোধন, যেগুলি চিকিৎসা ক্ষেত্রে ব্যবহৃত সরঞ্জাম এবং প্রচুর পরিমাণে ওষুধ উৎপাদনের জন্য উৎসাহ-ভিত্তিক উৎপাদন প্রকল্পের আওতায় গড়ে উঠেছে* স্বাস্থ্যক্ষেত্রের গবেষণা ও উন্নয়ন এবং বিভিন্ন পরীক্ষানিরীক্ষার জন্য আরও শক্তিশালী পরিকাঠামো গড়ে তুলতে একগুচ্ছ প্রকল্পের সূচনা

এ কথা জানিয়ে প্রেস ইনফরমেশন ব্যুরো লিখেছে, "বেলা ১২-৩০ মিনিটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ-এ স্বাস্থ্যক্ষেত্রের সঙ্গে যুক্ত এই ১২,৮৫০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

কেন্দ্রীয় সরকারের ফ্ল্যাগশিপ আয়ুষ্মান ভারত পিএম-জেএওয়াই প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রী ৭০ বছর এবং তার বেশি বয়সী প্রবীণ নাগরিকদের এই বীমা প্রকল্পে যুক্ত করার কর্মসূচির সূচনা করবেন। ফলে, সমস্ত প্রবীণ নাগরিক স্বাস্থ্য পরিষেবার সুবিধা পাবেন, তাঁদের আয়ের পরিমাণ এই পরিষেবা পাওয়ার ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়াবে না।

দেশজুড়ে উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা সকলের কাছে পৌঁছে দিতে প্রধানমন্ত্রী বদ্ধপরিকর। তাই, স্বাস্থ্যক্ষেত্রের পরিকাঠামোর উন্নতির জন্য তিনি বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

মোদী ভারতের প্রথম অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন করবেন। নতুন এই অংশে একটি পঞ্চকর্ম হাসপাতাল, আয়ুর্বেদ ওষুধ তৈরির জন্য একটি কেন্দ্র, ক্রীড়াক্ষেত্রে ব্যবহৃত ওষুধ, একটি কেন্দ্রীয় গ্রন্থাগার, তথ্যপ্রযুক্তি ও স্টার্ট-আপ-এর জন্য ইনকিউবেশন সেন্টার এবং একটি ৫০০ আসনবিশিষ্ট প্রেক্ষাগৃহ রয়েছে। তিনি মধ্যপ্রদেশের মন্দসৌর, নীমুচ এবং সেওনিতে তিনটি মেডিকেল কলেজের উদ্বোধন করবেন। এছাড়াও, হিমাচল প্রদেশের বিলাসপুরে, পশ্চিমবঙ্গের কল্যাণীতে, বিহারের পাটনায়, উত্তরপ্রদেশের গোরক্ষপুরে, মধ্যপ্রদেশের ভোপালে, আসামের গুয়াহাটিতে এবং নতুন দিল্লির এইমস-এ বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার উদ্বোধন করবেন। এর মধ্যে জন ঔষধি কেন্দ্র রয়েছে। তিনি ছত্তিশগড়ের বিলাসপুরে সরকারি মেডিকেল কলেজে একটি সুপার স্পেশালিটি ব্লক এবং ওড়িশার বরগড়-এ একটি ক্রিটিক্যাল কেয়ার ব্লক উদ্বোধন করবেন।

প্রধানমন্ত্রী মধ্যপ্রদেশের শিবপুরী, রতলম, খান্ডোয়া, রাজগড় এবং মন্দসৌরে পাঁচটি নার্সিং কলেজের শিলান্যাস করবেন। এছাড়াও হিমাচল প্রদেশে, মণিপুর, কর্ণাটক, তামিলনাড়ু এবং রাজস্থানে আয়ুষ্মান ভারত স্বাস্থ্য পরিকাঠামো প্রকল্পের আওতায় ২১টি ক্রিটিক্যাল কেয়ার ব্লকের শিলান্যাস করা হবে। মোদী হিমাচল প্রদেশের বিলাসপুর এবং নতুন দিল্লির এইমস-এ বেশ কিছু পরিষেবার সূচনাও করবেন।

প্রধানমন্ত্রী মধ্যপ্রদেশের ইন্দোরে একটি ইএসআইসি হাসপাতালের উদ্বোধন করবেন। এছাড়াও হরিয়ানার ফরিদাবাদ, কর্ণাটকের বোম্মাসান্দ্রা ও নরসাপুর, মধ্যপ্রদেশের ইন্দোর, উত্তরপ্রদেশের মীরাট এবং অন্ধ্রপ্রদেশের অচ্যুতপুরমে বেশ কয়েকটি ইএসআইসি হাসপাতালের শিলান্যাস করবেন তিনি। এই প্রকল্পগুলি বাস্তবায়িত হলে ইএসআই প্রকল্পের ৫৫ লক্ষ সুবিধাভোগী উপকৃত হবেন।

প্রধানমন্ত্রী বিভিন্ন ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহারকে আরও উদ্ভাবনমূলক করে তোলার পক্ষে সর্বদাই আগ্রহ প্রকাশ করেন। স্বাস্থ্যক্ষেত্রে পরিষেবাকে মানুষের কাছে পৌঁছে দিতে তিনি ১১টি টার্শিয়ারি স্বাস্থ্যকেন্দ্রে ড্রোন পরিষেবার সূচনা করবেন। এই কেন্দ্রগুলি হল — উত্তরাখণ্ডের ঋষিকেশ, তেলেঙ্গানার বিবিনগর, আসামের গুয়াহাটি, মধ্যপ্রদেশের ভোপাল, রাজস্থানের যোধপুর, বিহারের পাটনা, হিমাচল প্রদেশের বিলাসপুর, উত্তরপ্রদেশের রায়বেরিলি, ছত্তিশগড়ের রায়পুর এবং অন্ধ্রপ্রদেশের মঙ্গলগিরির এইমস ও মণিপুর ইম্ফল রিমস। এছাড়াও, ঋষিকেশ এইমস থেকে হেলিকপ্টারের সাহায্যে জরুরি চিকিৎসা পরিষেবার সূচনাও করা হবে।

ডিজিটাল ব্যবস্থাপনার প্রয়োগের মাধ্যমে স্বাস্থ্যক্ষেত্রের মানোন্নয়নের জন্য শ্রী মোদী ডড-ঢজ্জঞ্জ পোর্টালের সূচনা করবেন। এর ফলে গর্ভবতী মহিলা ও সদ্যোজাতদের টিকাকরণের প্রক্রিয়াটি ডিজিটাল ব্যবস্থাপনার আওতায় আসবে। ফলস্বরূপ, গর্ভবতী মহিলা এবং ১৬ বছর বয়স পর্যন্ত প্রত্যেক নাবালক ১২টি টিকাকরণ প্রকল্পের আওতায় আসবে। নতুন এই পোর্টাল তাদের সঠিক সময়ে টিকাদান নিশ্চিত করবে। এছাড়াও, স্বাস্থ্যক্ষেত্রের সঙ্গে যুক্ত পেশাদার ও প্রতিষ্ঠানগুলির জন্য আরও একটি পোর্টালের সূচনা করা হবে। এই পোর্টালে সংশ্লিষ্টদের বিষয়ে সমস্ত তথ্য সঞ্চিত থাকবে।

প্রধানমন্ত্রী স্বাস্থ্যক্ষেত্রের গবেষণা ও উন্নয়ন এবং বিভিন্ন পরীক্ষানিরীক্ষার জন্য আরও শক্তিশালী পরিকাঠামো গড়ে তুলতে একগুচ্ছ প্রকল্পের সূচনা করবেন। এর আওতায় ওড়িশার ভুবনেশ্বরের গোঠাপাটনায় একটি সেন্ট্রাল ড্রাগস টেস্টিং ল্যাবরেটরির উদ্বোধন করা হবে।

মোদী ওড়িশার খোরদায় এবং ছত্তিশগড়ের রায়পুরে যোগ ও প্রাকৃতিক পদ্ধতিতে চিকিৎসার জন্য দুটি কেন্দ্রীয় গবেষণা প্রতিষ্ঠানের শিলান্যাস করবেন। এছাড়াও তিনি চিকিৎসা সরঞ্জামের জন্য গুজরাটের আমেদাবাদ নাইপার, বিপুল পরিমার্ণে ওষুধ উৎপাদনের জন্য তেলেঙ্গানার হায়দরাবাদ নাইপার, ফাইটোফার্মাসিউটিক্যালের জন্য আসামের গুয়াহাটি নাইপার এবং ব্যাক্টেরিয়া প্রতিরোধী, ভাইরাল প্রতিরোধী ওষুধের উদ্ভাবন ও গবেষণার জন্য পাঞ্জাবের মোহালি নাইপারে উৎকর্ষ কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

প্রধানমন্ত্রী চারটি আয়ুষ উৎকর্ষ কেন্দ্রের সূচনা করবেন। এগুলি ব্যাঙ্গালোরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স-এ ডায়াবেটিস সংক্রান্ত রোগ চিকিৎসাকেন্দ্র, দিল্লি আইআইটি-তে আয়ুষ সংক্রান্ত গবেষণা, স্টার্ট-আপ প্রতিষ্ঠান গড়ে তুলতে সহায়তাদান এবং রসৌষধির জন্য কেন্দ্র, লক্ষ্ণৌ-এ সেন্ট্রাল ড্রাগ রিসার্চ ইনস্টিটিউটে চিরায়ত আয়ুর্বেদ ওষুধের গবেষণা কেন্দ্র এবং নতুন দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে আয়ুর্বেদ সংক্রান্ত ওষুধ কেন্দ্রে গড়ে উঠেছে।

স্বাস্থ্যক্ষেত্রে মেক ইন ইন্ডিয়া কর্মসূচিকে আরও শক্তিশালী করে তুলতে প্রধানমন্ত্রী পাঁচটি কেন্দ্রের উদ্বোধন করবেন। চিকিৎসা ক্ষেত্রে ব্যবহৃত সরঞ্জাম এবং প্রচুর পরিমাণে ওষুধ উৎপাদনের জন্য উৎসাহ-ভিত্তিক উৎপাদন প্রকল্পের আওতায় এই কেন্দ্রগুলি গড়ে উঠেছে। এই কেন্দ্রগুলি গুজরাটের বাপি, তেলেঙ্গানার হায়দরাবাদ, কর্ণাটকের বেঙ্গালুরু, অন্ধ্রপ্রদেশের কাঁকিনাড়া এবং হিমাচল প্রদেশের নালাগড়ে অবস্থিত। এখান থেকে অঙ্গ প্রতিস্থাপন এবং জটিল অসুখে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম উৎপাদন করা হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট কেন্দ্রগুলিতে নানা ধরনের ওষুধ প্রস্তুত করা হবে।

প্রধানমন্ত্রী দেশজুড়ে 'দেশ কা প্রকৃতি পরীক্ষণ অভিযান'-এর সূচনা করবেন। নাগরিকদের মধ্যে স্বাস্থ্যের বিষয়ে সচেতনতা গড়ে তোলাই এই অভিযানের মূল উদ্দেশ্য। এছাড়াও, বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের উপযোগী জলবায়ু পরিবর্তন এবং জনস্বাস্থ্য সংক্রান্ত একগুচ্ছ প্রকল্পের সূচনা করা হবে।"

## আশ্বাসই সার চলতি বছর টেট পরীক্ষা হচ্ছে না

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.) : টেট নিয়ে যখন জটিলতা তুঙ্গে, তখন প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পাল স্পষ্ট বলেছিলেন, প্রতি বছর টেট পরীক্ষা নেওয়া হবে। ২০২২-এর পর ২০২৩-এও প্রাথমিক টেট পরীক্ষা হয়। কিন্তু ২০২৪-এ আর টেট পরীক্ষা হচ্ছে না বলে পর্ষদ সূত্রে খবর।

প্রাথমিক শিক্ষকদের যোগ্যতা বিচারের ক্ষেত্রে প্রাথমিক পরীক্ষা এই টেট। পাঁচ বছর পর ২০২২-এ পরীক্ষা দিয়েছিলেন লক্ষাধিক পরীক্ষার্থী। সেই পরীক্ষায় উত্তীর্ণ হন দেড় লক্ষ প্রার্থী। পরপর দু বছর যে পরীক্ষা নেওয়া হয়, সেই চাকরি প্রার্থীদের নিয়োগ এখনও হয়নি। তাই আপাতত পরীক্ষা নেওয়া হচ্ছে না বলেই জানা যাচ্ছে। গৌতম পাল সোমবার সংবাদমাধ্যমে জানিয়েছেন, "আমরা আগে দ্রুত নিয়োগ করব, তারপর পরীক্ষা নেব।"

উল্লেখ্য, ২০২৩ সালেই টেট-পরীক্ষার্থীদের দুবার নিয়োগ হওয়ার কথা জানিয়েছিলেন গৌতম পাল। সেই কথা রাখতে পারেননি তিনি। কোনও টেট-এর নিয়োগ প্রক্রিয়াই শুরু হয়নি। পর্ষদ সূত্রে খবর, এ বছর আর টেট পরীক্ষা হওয়ার সম্ভাবনা নেই। হাতে আর মাত্র ২ মাস সময় আছে। তার মধ্যে আগের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে নতুন নিয়োগ শুরু করা সম্ভব নয় বলেই মনে করা হচ্ছে।

## মদ-মাংস খাইয়ে জওয়ানদের ম্যানেজ করে বুথ দখলের অভিযোগে অনড় অর্জুন সিং

ব্যারাকপুর, ২৮ অক্টোবর(হি.স.): সামনেই রাজ্যের ছয়টি বিধানসভায় উপ নির্বাচন। তার আগে সোমবার ফের রাজ্যের শাসক দলকে তুলোধোনা করলেন অর্জুন সিং। মদ-মাংস দিয়ে ভোটের সময় প্যারা মিলিটারি জওয়ানদের ম্যানেজ করে বুথ দখলের অভিযোগে তৃণমূলের বিরুদ্ধে ফের কঠোর অভিযোগ তুললেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং। ২০২৪ সালের লোকসভা নির্বাচনে প্যারা মিলিটারি জওয়ানদের মদ ও মাংস খাইয়ে তৃণমূল কর্মীরা বুথে বসিয়ে রেখেছিল এবং সেই সুযোগে বুথ দখল করে ছাপ্পা ভোট দিয়েছিল বলে অভিযোগ করেন অর্জুন। তিনি বলেন, তৃণমূলের গুন্ডারা বুথ দখল করতে জওয়ানদের প্রভাবিত করেছে, এবং সেই সময় কোনও জওয়ানও লাঠিচার্জ করেনি।

এই বিতর্কিত মন্তব্যের প্রতিবাদে রবিবার আর্ম ফোর্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের ব্যানারে বীজপুরের কাঁচরাপাড়ায় রাস্তা অবরোধ ও বিক্ষোভ প্রদর্শন করা হয়। অর্জুন সিং দাবি করেন, কাঁচরাপাড়ায় অবরোধে কোনো প্রাক্তন সেনা সদস্য ছিলেন না এবং তৃণমূলের প্ররোচনায় কাঁকিনাড়া থেকে লোক এনে রাস্তা অবরোধ করা হয়েছে। তাঁর বক্তব্য অনুযায়ী, কাঁচরাপাড়ার প্রাক্তন সেনা সদস্যরা সকলে বিজেপির কট্টর সমর্থক।

অর্জুন সিং-এর আরও অভিযোগ, ২০২৪ সালের নির্বাচনে নির্বাচন কমিশনের প্রস্তুতকৃত এসওপি (স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর) যথাযথভাবে পালন করা হয়নি, যার ফলে আসন সংখ্যা অনেকটাই কমে যায়।

## সতর্কতা সপ্তাহে সীমান্তে বিশেষ কর্মসূচি ঘোষণা বিএসএফের, তৎপর গরু পাচার প্রতিরোধেও

মালদা, ২৮ অক্টোবর (হি.স.): সতর্কতা সপ্তাহে সীমান্তে বিশেষ কর্মসূচি ঘোষণা করেছে সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ)। তৎপরতা বাড়ানো হচ্ছে গরু পাচার প্রতিরোধেও। সোমবার দুপুরে পুরাতন মালদার নারায়ণপুরে বিএসএফের সেক্টর হেডকোয়ার্টারে সতর্কতা সপ্তাহ উপলক্ষে সাংবাদিক সম্মেলন করেন বিএসএফের ডিআইজি তরুণ কুমার গৌতম। এই সম্মেলনে তিনি বিএসএফের তরফে সতর্কতা সপ্তাহে গ্রহণ করা কর্মসূচির বিবরণ দেন।

ডিআইজি তরুণ কুমার গৌতম জানান, সতর্কতা সপ্তাহে বিএসএফ জওয়ানরা বিভিন্ন বিওপি (বর্ডার আউট পোস্ট) ও ক্যাম্পে নানা ধরনের কর্মসূচি পালন করবেন।

পাশাপাশি, সীমান্ত সংলগ্ন এলাকায় বসবাসরত গ্রামবাসীদের নিয়ে সচেতনতা বৃদ্ধি ও জনসংযোগের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে।

গরু পাচারের বিরুদ্ধে বিএসএফ বিশেষভাবে তৎপর রয়েছে উল্লেখ করে ডিআইজি জানান, সীমান্ত এলাকায় জনসংযোগ বাড়াতে বিএসএফ সক্রিয় ভূমিকা পালন করছে। সীমান্ত সুরক্ষা ও সচেতনতার পাশাপাশি স্থানীয়দের সহায়তায় বিএসএফের নিরাপত্তা কার্যক্রম আরও দৃঢ় করার উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানান তিনি।

## বাংলাদেশের হিন্দুরা আর ভিতু নন, দেশ ছেড়ে না পালিয়ে সাহসিকতার সঙ্গে দুর্বৃত্তদের মোকাবিলা করছেন : ভিএইচপি

ভারত এক নম্বর হবে, বিশ্বাস করে নিয়েছে বিশ্ব, বলেছেন বিশ্বহিন্দু পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক ড. সুরেন্দ্রগুয়াহাটি, ২৮ অক্টোবর (হি.স.) : বাংলাদেশের হিন্দুরা আর ভিতু নন, দেশ ছেড়ে না পালিয়ে সাহসিকতার সঙ্গে মোকাবিলা করছেন দুর্বৃত্ত তথা মৌলবাদীদের, বলেছেন বিশ্বহিন্দু পরিষদ (ভিএইচপি)-এর যুগ্ম সাধারণ সম্পাদক ড. সুরেন্দ্র জৈন। আজ সোমবার গুয়াহাটির উলুবাড়িতে বড়ঠাকুর মিল রোডে অবস্থিত ভিএইচপির উত্তর-পূর্বাঞ্চলের সদর দফতর পঞ্চজন্য ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তব্য পেশ করছিলেন ড. সুরেন্দ্র জৈন। জৈন বলেন, এক সময় বাংলাদেশে সংখ্যাগরিষ্ঠ ছিলেন হিন্দুরা, আজ তা করুণ অবস্থায় এসে দাঁড়িয়েছ। নানা ধরনের অত্যাচার সত্ত্বেও হিন্দুরা এখন আর কাঁদেন না, সিদ্ধান্ত নিয়েছেন, আর পলায়ন নয়, সাহসের সাথে দুর্বৃত্তদের মোকাবিলা করতে হবে। এ প্রসঙ্গে তিনি বলেন, যেখানে হিন্দুদের সংখ্যা কমবে সেখানে কী হবে তা বাংলাদেশের দিকে তাকালেই বোঝা যায়। আজও হিন্দুরা টার্গেট। ড. সুরেন্দ্র বলেন, বাংলাদেশের হিন্দু সংগঠনের আহ্বানে ভারতে বিশ্বহিন্দু পরিষদ হেল্পলাইন নম্বর জারি করেছে। বাংলাদেশের হিন্দু সম্প্রদায় সমস্যায় পড়েছেন বলে তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গে আমরা ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করে বাংলাদেশ সরকারের ওপর চাপ সৃষ্টি করব।

বাংলাদেশে জিহাদি মানসিকতার ওপর আক্রমণ করে তিনি বলেন, জিহাদি মানসিকতার মানুষ সংবিধান বিশ্বাস করে না। তারা আদালত ঘেরাও করে বিচারক বদল করেছে, এখন তারা রাষ্ট্রপতিকে অপসারণের চেষ্টা করছে। এরা কোনও কিছুতেই বিশ্বাস করে না। এ থেকে ভারতকে শিক্ষা নিতে হবে।

এক প্রশ্নের জবাবে বিশ্বহিন্দু পরিষদের অখিল ভারতীয় শীর্ষ পদাধিকারী বলেন, 'লোকাল ফর ভোকাল'-এর জন্য সমাজকে অঙ্গীকার করতে হবে। কেবল সরকারের ওপর নির্ভর করলে হবে না। উত্তর-পূর্বাঞ্চলে প্রচুর প্রতিভা রয়েছে, প্রত্যেককে তাদের জিনিস কিনতে উৎসাহিত করতে হবে। এ প্রসঙ্গে তিনি দীপাবলিতে চিনা পণ্য বিক্রি বন্ধ এবং ক্রয় করতে বারণ করে সবাইকে একত্রিত হয়ে স্থানীয় পণ্য কেনার আহ্বান জানিয়েছেন। সবাইকে শুভ দীপাবলির শুভেচ্ছা জানিয়ে সুরেন্দ্র জৈন বলেন, আমরা ভগবান শ্রীরামের কাছে প্রার্থনা করি, ভারত বিশ্বের সর্বোচ্চ শিখরে বসে থাকুক। অযোধ্যায় রামলালার প্রাণ প্রতিষ্ঠার পর এটাই প্রথম দীপাবলি, তাই এবারের দীপাবলির বিশেষ তাৎপর্য রয়েছে। ৫০০ বছর সংগ্রামের পর আজ আমরা এই দিনটি দেখার সৌভাগ্য অর্জন করেছি। সর্বোচ্চ আদালতের সিদ্ধান্তে এটা সম্মানজনকভাবে মর্যাদার সঙ্গে হয়েছে, কারণ ভগবান স্বয়ং মর্যাদা পুরুষোত্তম। বনবাসের পর দীপাবলিতে অযোধ্যায় আসেন ভগবান। এর পর প্রতিষ্ঠিত হয় রামরাজ্য। আমাদের চেষ্টা, হিন্দু-বিরোধী এবং দেশবিরোধী ষড়যন্ত্রের অবসান ঘটিয়ে দেশে রামরাজ্য প্রতিষ্ঠা করা।

আমরা চাই ঈশ্বর যেন প্রতিটি হৃদয়ে বাস করেন। প্রত্যেক ভারতীয়ের চরিত্র যেন রামের মতো হয়, এটাই আমাদের প্রচেষ্টা। আমাদের দেশের শিকড় রামে। গোটা বিশ্ব আজ তার শিকড়ে ফিরে যাচ্ছে। আমরা আমাদের শিকড়ে ফিরে যাচ্ছি, সে কারণেই ভারত দ্রুত বিকাশ করছে।

প্রসঙ্গক্রমে তিনি বাবা সাহেব ভীমরাও আম্বেদকরের নাম নিয়ে বলেন, আমরা চাই সংবিধানের পরিধির মধ্যেই সমস্ত সমস্যার সমাধান হোক।

তিনি বলেন, আজ ভারত পঞ্চম বৃহত্তম অর্থনীতির দেশ, সামরিক ক্ষেত্রে তৃতীয় এবং মহাকাশে তৃতীয় স্থানে রয়েছে। বর্তমান বিশ্ব বিশ্বাস করছে, ভারত এক নম্বরে পরিণত হবে। বর্তমান সময়কে তিনি উত্তর-পূর্বাঞ্চলের জন্য স্বর্ণালী সময় বলে অভিহিত করেছেন। কেন্দ্রীয় সরকার ধ্রুপদী ভাষার তালিকায় অসমিয়াকে অন্তর্ভুক্ত করে অসমিয়া ভাষাকে সম্মানিত করেছে, এটা সমগ্র অসমিয়া সমাজের অধিকার।

দেশকে বলার এবং শেখানোর অনেক কিছু আছে উত্তর-পূর্বাঞ্চলে। তিনি বলেন, আগে অন্যান্য রাজ্যের গল্পকাররা এখানে আসতেন। সম্প্রতি অসমের এক মেয়ে দিল্লিতে গিয়ে গল্প পড়েছেন, এটা সবার জন্য গর্বের বিষয়।

ভিএইচপি-র যুগ্ম সাধারণ সম্পাদক ড. সুরেন্দ্র জৈন বলেন, নতুন ভাবনার জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে। বলেন, উত্তর-পূর্বাঞ্চলে ১৪৫টিরও বেশি উপজাতি আছে, তবুও এখানে ঐক্য, বৈচিত্র্য ও বিবিধতার মধ্যে একতা। উত্তর-পূর্বাঞ্চলের ইতিহাস মহাভারত ও রামায়ণ যুগের।

সাংবাদিক সম্মেলনে ছিলেন বিশ্বহিন্দু পরিষদের ক্ষেত্র সংগঠন মন্ত্রী ড. দীনেশ তিওয়ারি, ভিএইচপি-র উত্তর-পূর্বাঞ্চল প্রান্ত সভাপতি পরমেশ দত্ত প্রমুখ।

## এসএআইএল কারখানার সামনে পাঁচটি শ্রমিক সংগঠনের বিক্ষোভ, দাবিতে দিনব্যাপী ধর্মঘট

দুর্গাপুর, ২৮ অক্টোবর(হি.স.): সোমবার দিনব্যাপী ধর্মঘটের ডাক দিয়েছে সর্বভারতীয় পাঁচটি শ্রমিক সংগঠন। স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড (এসএআইএল)-এর রাজ্যের সবকটি কারখানার সামনে এই ধর্মঘট ও বিক্ষোভ কর্মসূচি পালিত হচ্ছে। মূল দাবি হিসেবে শ্রমিকরা ৩৯ মাসের এরিয়ার চুক্তিমানা, ঠিকা শ্রমিকদের নতুন বেতন চুক্তি মান্যকরণ এবং শ্রমিকদের উপযুক্ত বোনাস প্রদান দাবি করেছেন।

দুর্গাপুর ইস্পাত কারখানা, বার্নপুর কারখানা এবং কুলটি সেল কারখানার সামনে শ্রমিক সংগঠনের সদস্যরা একত্রিত হয়ে এই আন্দোলনে যোগ দেন। আন্দোলনকারীদের বক্তব্য, কর্তৃপক্ষ তাদের দাবি পূরণ না করলে তারা এই আন্দোলন অব্যাহত রাখবেন। আজ সকাল ৯টায় আন্দোলনকারীরা জানিয়েছেন, কর্তৃপক্ষের সদর্থক পদক্ষেপ না পাওয়া পর্যন্ত তাদের এই প্রতিবাদ চলবে।

### প্রাক্তন মন্ত্রী হাফিজ আলি সৈরানির প্রয়াণে গভীর শোকপ্রকাশ পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটির

কলকাতা, ২৮ অক্টোবর(হি.স.): পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী ও বিশিষ্ট কংগ্রেস নেতা হাফিজ আলি সৈরানির প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি শুভঙ্কর সরকার। সোমবার প্রয়াত নেতার শোকসন্তপ্ত পরিবারবর্গ ও তাঁর শুভানুধ্যায়ীদের প্রতি সমবেদনা জানিয়ে প্রদেশ কংগ্রেসের তরফ থেকে জানানো হয়েছে, সংসদীয় রাজনীতির মঞ্চে ও প্রগতিশীল কর্মধারায় হাফিজ আলি সৈরানির অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে পরম করুণাময়ের কাছে প্রার্থনা জানানো হয়েছে, যাতে তাঁর পরিবার এই শোকের গভীর সাগর উত্তরণের শক্তি লাভ করতে পারেন।

## শিলিগুড়িতে চাল বোঝাই ট্রাক থেকে উদ্ধার বস্তাবন্দি শতাধিক পায়রা, গ্রেফতার দুই

শিলিগুড়ি, ২৮ অক্টোবর (হি. স.) : চাল বোঝাই ট্রাকে বস্তাবন্দি করে নিয়ে যাওয়া হচ্ছিল শতাধিক পায়রা। নাকা তল্লাশির সময় ট্রাকটিকে আটক করলো পুলিশ। ঘটনায় গ্রেফতার দুই যুবক। ধৃতদের নাম মহম্মদ ফিরদৌস ও আখতার হোসেন।

জানা গিয়েছে, ফুলবাড়িতে চলছিল এনজেপি থানা পুলিশের নাকা তল্লাশি ।সেইসময় একটি চালবোঝাই ট্রাকের উপর কয়েকটি বস্তা নড়াচড়া করছিল ।বিষয়টি নজরে আসতেই সন্দেহ হয় পুলিশ কর্মীদের। তৎক্ষণাৎ ওই ট্রাকটিকে দাঁড় করিয়ে তল্লাশি চালানো হয়। ৬টি বড় বড় বস্তার ভেতর থেকে উদ্ধার হয় প্রচুর পায়রা।

পুলিশের জিজ্ঞাসাবাদে দুই যুবক জানায়, পায়রাগুলি করণদীঘি থেকে নিয়ে আসছিল তারা। সরকারি আইন অমান্য করে লাইভ স্টক পারমিট ছাড়া পায়রা নিয়ে আসার অভিযোগে গ্রেফতার করা হয় দুই যুবককে। এরপর বনবিভাগকে খবর দেয় এনজেপি থানার পুলিশ। খবর পেয়ে ছুটে আসে ডাবগ্রাম বনবিভাগের কর্মীরা ।বস্তাবন্দী শতাধিক পায়রা সহ দুই অভিযুক্তকে বনবিভাগের হাতে তুলে দেয় এনজেপি থানার পুলিশ। বনবিভাগ সূত্রে খবর, ধৃতদের জিজ্ঞাসাবাদ করা হবে। এরপর পরবর্তী পদক্ষেপ নেওয়া শুরু হবে।

## কলকাতার বিশ্বস্বীকৃতি মমতা, গৌরবের মুহূর্ত ভাগ করে নিলেন মমতা

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.): ভ্রমণ ও অবসর কাটানোর শহর হিসাবে বিশ্বের সেরা ২৫ শহরের মধ্যে ১৯ নম্বরে রয়েছে কলকাতা। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সোমবার সামাজিক মাধ্যমে নিজেই শেয়ার করেছেন সে খবর।

উন্নয়নের দিক থেকে কলকাতার স্থান ১১ নম্বরে। বায়ুর মানের বিচারে দ্বিতীয় সেরা মেট্রো শহরের তকমা পেয়েছে কলকাতা।

মমতা বন্দ্যোপাধ্যায় লিখেছেন, "কলকাতা বিভিন্ন ক্ষেত্রে একাধিক বিশ্বমানের স্বীকৃতি পেয়েছে। এটা অত্যন্ত গর্বের মুহূর্ত। 'ট্রাভেল, লেজায়ার্স অ্যানুয়েল ওয়ার্ল্ড'স বেস্ট অ্যাওয়ার্ড'স সার্ভে ফর ২০২৪'-এ বিশ্বের মধ্যে ১৯ নম্বর স্থানে রয়েছে কলকাতা। 'স্যাভিলস' গ্রোথ হাবস' ইনডেক্স-এ উত্তরোত্তর বিকাশের নিরিখে বিশ্বের দরবারে ১১ নম্বরে রয়েছে কলকাতা। একইসঙ্গে বিশ্বের বিভিন্ন মেট্রো শহরের বায়ুর মানের দিক থেকে কলকাতা দ্বিতীয় স্থানে।"

মুখ্যমন্ত্রীর সংযোজন, ঐতিহ্যের সঙ্গে আধুনিকতার মেলবন্ধন, উন্নয়নের হাতে হাত রেখে এগনো এবং পরিবেশ নিয়ে সচেতনতা এক পংক্তিতে রেখেই কীভাবে চলা যায় তা এ শহর দেখিয়ে দিয়েছে। কলকাতার সকলের সহযোগিতা ছাড়া তা কখনওই সম্ভব হতো না বলেও লেখেন মমতা। "আগামীতে আরও সমৃদ্ধ, আরও উজ্জ্বল হোক এ যাত্রা। জয় হিন্দ, জয় বাংলা।"

## চালকলে উৎপাদিত সব চালই সরকার ক্রয় করবে, আশ্বাস প্রহ্লাদ যোশীর

নয়াদিল্লি, ২৮ অক্টোবর (হি.স.): চালকলে উৎপাদিত সমস্ত চালই সরকার ক্রয় করবে, এই আশ্বাস দিলেন কেন্দ্রীয় উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবণ্টন মন্ত্রী প্রহ্লাদ যোশী। নতুন দিল্লিতে সোমবার চালকল মালিকদের জন্য ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার সূচনা অনুষ্ঠানে তিনি বলেন, যে কোনও অভিযোগের নিষ্পত্তি এবং সমস্যার সমাধানকে সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দেয়। অভিযোগ নথিভুক্ত করার সব প্রক্রিয়া অনলাইনে হবে বলে তিনি জানান। তিনি কৃষকদের আশ্বস্ত করে বলেন, চালকল কর্তৃপক্ষের প্রতিটি অভিযোগ স্বচ্ছভাবে মোকাবিলা এবং সমাধান করা হবে।

## তাঁর বিরুদ্ধে বাংলাদেশের 'মিথ্যে তথ্য ছড়ানোর' অভিযোগ ওড়ালেন তসলিমা

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.): "প্রধান উপদেষ্টার প্রেস উইং আমার বিরুদ্ধে অপপ্রচার করছে আমি নাকি তাদের বিরুদ্ধে মিথ্যে তথ্য ছড়াচ্ছি। আমি মিথ্যে তথ্য ছড়াবো কেন? কারণ কী?"

সোমবার সামাজিক মাধ্যমে এই প্রশ্ন তুললেন নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিন। তিনি লিখেছেন, "তোমাদের পক্ষে পুরো জুলাই মাস, এবং আগস্টের বেশ কিছুদিন আমি কী ভীষণ সরব ছিলাম, তা লক্ষ্য করোনি? যখন দেখতে শুরু করলাম তোমরা সন্ত্রাসী দলগুলোকে সমর্থন করছো, মুক্তিযোদ্ধাদের ভাস্কর্য ভেঙ্গে ফেলছো, মুক্তিযুদ্ধকে অস্বীকার করছো, মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে নির্যাতন করছো, চারদিকে আগুন জ্বালিয়ে দিচ্ছ, শিক্ষকদের অপমান অপদস্থ করে পদত্যাগ করাচ্ছ, কট্টরপন্থীদের শিক্ষক বানাচ্ছ, উগ্রবাদিদের ভিসি বানাচ্ছ, হিযবুত তাহরীর জঙ্গি গোষ্ঠী অবাধে তাদের জঙ্গি পতাকা নিয়ে মিছিল করছে, অথচ তাদের বাধা দিচ্ছ না, আনসারুল্লাহ বাংলা টিমের বাঘা বাঘা সন্ত্রাসীকে জেল থেকে ছেড়ে দিচ্ছ, তখন তো মনে হবেই, স্বৈরাচারি সরকারের বিরুদ্ধে যাদের বিপ্লবকে সমর্থন করলাম, তারা তো নিজেরাই স্বৈরাচারী, তারা তো নিজেরাই জঙ্গি সমর্থক।

জঙ্গিদের মুক্তি দেওয়ার কাহিনী তো তোমাদের পক্ষের পত্রিকাগুলোতে ফলাও করে ছাপা হয়েছে। জঙ্গিদের নিয়েই বিপ্লব করেছিলে বলেই তো তিন হাজারের ওপর পুলিশকে গলা কেটে হত্যা করতে পেরেছ। যাদের সঙ্গে নিয়ে পথ চলছো, তাদের ওপর থেকে নিষেধাজ্ঞা উঠিয়ে নাওনি, এ কেমন মামার বাড়ির দাবি? এসব কথা আস্তে কও কত্তা, ঘুড়ায় হাসব।"

পোস্টে মন্তব্যের ঘরে কিছু সংশ্লিষ্ট খবরের শারোনামা পেশ করেছেন তসলিমা।

## মঙ্গলবার বসুন্ধরা বধের অঙ্ক কষতে ব্যস্ত বসুন্ধরার প্রাক্তন কোচ অস্কার

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.) : শনিবার এএফসি চ্যালেঞ্জ লিগের প্রথম ম্যাচে ভুটানের স্থানীয় ক্লাব পারো এফসির সঙ্গে ২-২ গোলে খেলা আমিমাংসিত রেখেছে ইস্টবেঙ্গল। এই ম্যাচে এগিয়ে থেকেও জয়ের স্বাদ পায়নি তারা। মঙ্গলবার ইস্টবেঙ্গলকে খেলতে হবে বাংলাদেশের বসুন্ধরা কিংস —এর সঙ্গে। এই ম্যাচের আগেই ব্যস্ত লাল-হলুদ শিবিরের নতুন কোচ থেকে ফুটবলাররা।

প্রতিপক্ষ বাংলাদেশের শক্তিশালী ফুটবল ক্লাব। আবার ইস্টবেঙ্গলের এই নতুন স্প্যানিশ কোচের প্রাক্তন দল বসুন্ধরা কিংস। তাই প্রাক্তন দলের বিরুদ্ধে নামার আগে নতুনভাবে ঘুঁটি সাজাতে ব্যস্ত লাল হলুদের নতুন কোচ অস্কার ব্রুজো।

রবিবার থেকেই অনুশীলন শুরু করে দিয়েছেন দিমিত্রিওস, ক্লেন্টনরা। কোচ এবং খেলোয়াড়দের একটাই লক্ষ্য বসুন্ধরা কিংসকে হারিয়ে এএফসির পরবর্তী রাউন্ডে জায়গা নিশ্চিত করা। আইএসএলে এখনও একটা ম্যাচ জিততে না পারা লাল হলুদ বাহিনী এএফসির প্রথম ম্যাচ ড্র করে এখন অনেক উজ্জীবিত। আর কিছুটা হলেও স্বস্তির নিঃশ্বাস ফেলেছে লাল হলুদ সমর্থকরা।

## হিসার: শস্য বাজার পর্যবেক্ষণ বিধায়ক রণধীর পানিহারের

হিসার, ২৮ অক্টোবর (হি.স.): হরিয়ানার নলওয়া-র বিধায়ক রণধীর পানিহার শস্য বাজারে পৌঁছে ফসল উত্তোলনের বিষয়ে খোঁজখবর নেন সোমবার। এসময় তিনি কৃষক ও আড়তদারদের সঙ্গে বাজরা, ধান, বাদাম-সহ অন্যান্য উৎপাদিত শস্যের বিষয়ে কথা বলেন।

## মৃৎশিল্পীদের উৎসাহ দিতে প্রয়াস, নিজ হাতে মাটির প্রদীপ তৈরি করলেন মুখ্যমন্ত্রী যাদব

ভোপাল, ২৮ অক্টোবর (হি.স.): দীপাবলির আগে মৃৎশিল্পীদের পরম্পরাগত শিল্পকলার প্রতি উৎসাহ দিতে নিজ হাতে মাটির প্রদীপ তৈরি করলেন মধ্যপ্রদেশে মুখমন্তি ডঃ মোহন যাদব। সোমবার নিজের হাতে খুব সুন্দর একটি মাটির প্রদীপ তৈরি করেন মুখ্যমন্ত্রী মোহন যাদব। পরে মুখ্যমন্ত্রী বলেছেন, 'মহার্ঘ ভাতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। আমি সবাইকে অভিনন্দন জানাই। দীপাবলি এবং মধ্যপ্রদেশের প্রতিষ্ঠা দিবস এই দু''টি উপলক্ষ রয়েছে। কর্মচারীদের যত্ন নেওয়া আমাদের দায়িত্ব। ৪৬ শতাংশ মহার্ঘ ভাতা অনুমোদিত হয়েছে এবং ২০২৩ সালের ১ জুলাই থেকে কার্যকর করা হয়েছে। বকেয়া কিস্তিতে দেওয়া হয়েছে। ২০২৪ সালের ১ জানুয়ারি থেকে ৫০ শতাংশ হারে মহার্ঘ ভাতা দেওয়া হবে।' হিন্দুস্থান সমাচার / রাকেশ / সৌম্যজিৎ

## ভগিনী নিবেদিতার জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদবের

ভোপাল, ২৮ অক্টোবর (হি.স.): সোমবার ভগিনী নিবেদিতার জন্মবার্ষিকী। সেই উপলক্ষ্যে ভগিনী নিবেদিতাকে শ্রদ্ধাঞ্জলি জানিয়েছেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব। তিনি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে লেখেন, আপনি স্বামীজির শিক্ষাকে সারা বিশ্বে ছড়িয়ে দিয়ে এবং ভারতীয় সংস্কৃতি ও দর্শনের প্রসার করেছেন। মানবতার জন্য অনন্য সেবা করেছেন। ভারতের স্বাধীনতা আন্দোলনেও আপনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। আপনার অবদানের জন্য দেশবাসী সর্বদা কৃতজ্ঞ থাকবে।
উল্লেখ্য, ১৮৬৭ সালের ২৮ অক্টোবর উত্তর আয়ারল্যান্ডে মেরি ইসাবেল নোবেল ও স্যামুয়েল রিচমন্ড নোবেলের ঘর আলো করে জন্ম নেন মার্গারেট এলিজাবেথ নোবেল। ছোটবেলায়ই পিতার কাছে মার্গারেট এলিজাবেথ এই শিক্ষা পান যে, মানবসেবাই ঈশ্বরসেবা। পিতার কথা তাঁর জীবনে গভীর প্রভাব বিস্তার করেছিল। স্বামী বিবেকানন্দকে নিজের গুরু বলে বরণ করে নেন মার্গারেট এলিজাবেথ। স্বামী বিবেকানন্দ তাঁর নাম রাখেন ভগিনী নিবেদিতা।

## রেশন সামগ্রীতে বড়সড় দুর্নীতি, অনিয়মের অভিযোগে বসিরহাটের রেশন ডিলার বরখাস্ত


বসিরহাট, ২৮ অক্টোবর (হি.স.): উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার বাদুড়িয়া ব্লকের শায়েস্তা নগর ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের তেঘরিয়া অঞ্চলের রেশন ডিলার গোবিন্দ চন্দ্র চক্রবর্তীর বিরুদ্ধে গত সাত মাসে প্রায় ১৪০০ গ্রাহককে রেশন থেকে বঞ্চিত করার অভিযোগ উঠেছে। অভিযোগে জানা যায়, সরকারি সিডিউল অনুসরণ না করে নির্ধারিত চাল, আটা, চিনি এবং অন্যান্য খাদ্য সামগ্রী বিভিন্ন মাসে ঠিকমতো সরবরাহ করেননি তিনি। উপভোক্তাদের দীর্ঘদিনের অভিযোগের ভিত্তিতে তেঘরিয়া মোড়ে রেশন ডিলারের বাড়ির সামনে সোমবার স্থানীয় গ্রামবাসীরা বিক্ষোভ ও অবরোধ করেন। এর পরেই নড়েচড়ে বসে খাদ্য দফতর। বসিরহাট মহকুমার খাদ্য ও সরবরাহ দফতরের ফুড ইন্সপেক্টর উৎপল মিত্র বিষয়টি তদন্ত করেন এবং প্রমাণিত হয় যে গোবিন্দ চন্দ্র চক্রবর্তী গত সাত মাস ধরে অনিয়মিত রেশন দিচ্ছিলেন, ফলে বহু মানুষ রেশনের খাদ্য সামগ্রী থেকে বঞ্চিত হচ্ছিলেন।
তদন্তের পর গোবিন্দ চন্দ্র চক্রবর্তীর রেশন ডিলারশিপ স্থগিত করা হয় এবং বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। সাত দিনের মধ্যে সঠিক তথ্য না দিলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে খাদ্য দফতর। পাঁচটি গ্রামের প্রায় সাড়ে তিন হাজার মানুষ তার ওপর নির্ভরশীল ছিলেন, যারা এ নিয়ে দীর্ঘদিন ধরে অভিযোগ জানিয়ে আসছিলেন। বর্তমানে, গ্রামবাসীদের দাবি মেনে অন্য রেশন ডিলারকে এনে তাদের মাঝে রেশন সামগ্রী বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## বর্তমানে ভারতে প্রতিরক্ষা উৎপাদন বাস্তুতন্ত্র নতুন উচ্চতা স্পর্শ করছে : প্রধানমন্ত্রী

ভাদোদরা, ২৮ অক্টোবর (হি.স.): বর্তমানে ভারতে প্রতিরক্ষা উৎপাদন বাস্তুতন্ত্র নতুন উচ্চতা স্পর্শ করছে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, ১০ বছর আগে যদি আমরা দৃঢ় পদক্ষেপ না নিতাম, তাহলে এখন এই গন্তব্যে পৌঁছানো অসম্ভব ছিল। গুজরাটের ভদোদরায় সোমবার যুগ্মভাবে টাটা অ্যাডভান্স সিস্টেম লিমিটেড ক্যাম্পাসে সি-২৯৫ বিমান তৈরির জন্য টাটা এয়ারক্রাফ কমপ্লেক্সের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্পেনের প্রেসিডেন্ট পেদ্রো সানচেজ। এই অনুষ্ঠানে বক্তৃতায় প্রধানমন্ত্রী বলেছেন, যে কোনও সম্ভাবনাকে সমৃদ্ধিতে রূপান্তর করতে সঠিক পরিকল্পনা এবং সঠিক অংশীদারিত্ব প্রয়োজন। ভারতের প্রতিরক্ষা ক্ষেত্রের পুনরুজ্জীবন সঠিক পরিকল্পনা এবং সঠিক অংশীদারিত্বের উদাহরণ। গত দশকে, দেশ এমন অনেক সিদ্ধান্ত নিয়েছে যার ফলে ভারতে একটি প্রাণবন্ত প্রতিরক্ষা শিল্পের বিকাশ ঘটেছে।প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, গত ৫-৬ বছরে, ভারতে ১০০০টি নতুন প্রতিরক্ষা স্টার্টআপ এসেছে। গত দশ বছরে ভারতের প্রতিরক্ষা রফতানি বেড়েছে ৩০ গুণ। এখন আমরা ১০০টিরও বেশি দেশে প্রতিরক্ষা সরঞ্জাম রফতানি করি। এখন আমরা দেশে দক্ষতা ও কর্মসংস্থান সৃষ্টির ওপর জোর দিচ্ছি। এয়ারবাস ও টাটার এই কারখানা থেকে হাজার হাজার কর্মসংস্থান হবে।

## বারামতী থেকে মনোনয়ন পেশ অজিতের, লড়াই তাঁর ভাইপোর সঙ্গে

পুণে, ২৮ অক্টোবর (হি.স.): মহারাষ্ট্রের বারামতী বিধানসভা আসন থেকে মনোনয়ন পত্র পেশ করলেন মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী তথা এনসিপি প্রধান অজিত পওয়ার। সোমবার বারামতী আসন থেকে মনোনয়ন পেশ করার করার পর নিজের জয় আশা ব্যক্ত করেছেন অজিত পওয়ার। এই আসনে তাঁর লড়াই নিজের ভাইপো এবং এনসিপি-এসপি প্রার্থী যুগেন্দ্র পওয়ারের সঙ্গে। বারামতী বিধানসভা আসনের এনসিপি-এসপি প্রার্থী যুগেন্দ্র পওয়ার এদিন বলেছেন, 'আমি নিজেকে ভাগ্যবান মনে করি, যেহেতু পওয়ার সাহেব আমার মনোনয়ন ফর্ম জমা দিতে এসেছিলেন। তিনি আমাকে যে দায়িত্ব দেবেন আমি তা পালন করব।' অজিত পওয়ারের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করার চ্যালেঞ্জ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে, তিনি বলেন, 'জীবন চ্যালেঞ্জে পরিপূর্ণ। পরিস্থিতি কতটা চ্যালেঞ্জিং তা আমার কাছে গুরুত্বপূর্ণ বিষয় হল যে কে আমাকে সমর্থন করছে। আমাকে সমর্থন করছেন পওয়ার সাহেবের মতো একজন নেতা।'

## পাকিস্তানে দুর্ঘটনার কবলে যাত্রীবাহী বাস; মৃত্যু দু''জনের, জখম ৩৬

করাচি, ২৮ অক্টোবর (হি.স.): পাকিস্তানে দুর্ঘটনার কবলে পড়ল রাওয়ালপিন্ডিগামী যাত্রীবাহী বাস। রবিবার রাতে পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়ার কোহিস্তান দিয়ে যাওয়ার সময়ে আচমকাই উল্টে গিয়ে গিরিখাতে পড়ে যায় বাসটি। সেই দুর্ঘটনার জেরে মৃত্যু হয়েছে দু''জনের। জখম হয়েছেন ৩৬ জন। দুর্ঘটনার কবলে পড়া বাসটি একটি বেসরকারি কোম্পানির ছিল বলে জানা গিয়েছে। তাতে মোট ৩৮ জন যাত্রীই ছিলেন। সূত্রের খবর, দুর্ঘটনার কবলে পড়ে ওই বাসটির চালক ও এক যাত্রীর মৃত্যু হয়েছে।বাকি জখমদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। জখমদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গিয়েছে। পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়ায় সবসময়ে দুর্যোগপূর্ণ আবহাওয়া থাকে। এছাড়াও রাস্তা খারাপ, ট্রাফিকের কোনও বালাই নেই। অথচ গাড়ির অবাধ যাতায়াত রয়েছে ওই প্রদেশের রাস্তাগুলিতে।

## উত্তর ২৪ পরগনায় বেআইনি আগ্নেয়াস্ত্র বিক্রির ছক বানচাল, পাকড়াও ৬ জন

উত্তর ২৪ পরগনা, ২৮ অক্টোবর (হি.স.): বেআইনি আগ্নেয়াস্ত্র বিক্রির ছক বানচাল করল উত্তর ২৪ পরগনার অশোকনগর থানার পুলিশ। আটটি আগ্নেয়াস্ত্র-সহ ১২ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। সোমবার ধৃত ছ'জনকে বারাসত আদালতে তোলে পুলিশ। ধৃতদের নাম তন্ময় লোধ, সন্দীপ দত্ত বণিক, রাজবল্লভ গুহ, তন্ময় দেবনাথ, সৈকত গুহ ও দীপঙ্কর নন্দী। একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা আগে থেকেই দায়ের রয়েছে ধৃতদের নামে। পুলিশ জানিয়েছে, এই চক্রের জাল কতদূর বিস্তৃত রয়েছে তা খতিয়ে দেখা হচ্ছে। কালীপুজো ও উপ নির্বাচনের আগে এই বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধারের ঘটনায় শোরগোল পড়ে গিয়েছে জেলাজুড়ে।

## পাত্রে ইঁদুর অভিযোগ

● প্রথম পাতার পর
এদিকে নজর নেই রাজ্য সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের। এলাকাবাসীদের অভিযোগ, অঙ্গনওয়াড়ি সেন্টারটি প্রায় প্রতিনিয়তই সরকারি সময় অনুযায়ী খোলা হয় না। সেন্টারের কর্মী মলিনা নাথ মজুমদার মর্জি মাফিক সময়ে আসেন।
পাশাপাশি তাঁদের আরও অভিযোগ ল, অঙ্গনওয়াড়ি সেন্টারের ভেতরে রাখা ছাত্রছাত্রীদের খিচুড়ি রান্নার চালের পাত্রে ইঁদুর পাওয়া গিয়েছে। এই ইঁদুর পড়া চালই রান্না করে ছাত্র-ছাত্রীদের খিচুড়ি খাওয়াচ্ছেন তিনি। তাঁরা বলেন, যে চাল দিয়ে ছাত্রছাত্রীদের খিচুড়ি খাওয়ানো হচ্ছে সেই খিচুড়ি খেয়ে বিভিন্ন রোগ দেখা দিতে পারে। তাই স্থানীয় এলাকাবাসীদের দাবি সংশ্লিষ্ট দপ্তর যেন এই অঙ্গনওয়াড়ি সেন্টারের দিকে নজর দিয়ে এই সমস্যাগুলো সমাধান করার ব্যবস্থা করে।

## ক্ষোভ নলছড়বাসীর

● প্রথম পাতার পর
শিবনগর পঞ্চায়েতের ছয়জন সদস্যদের বহিষ্কার করেছেন। কি কারণে তিনি বহিষ্কার করেছেন তা জানা যায়নি। তিনি আসলে ভুলে গিয়েছেন জনগণের ভোটে তিনি জয়ী হয়েছেন।

## করা হচ্ছেঃ মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর
বিষয়ে সচেতন করতে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করছে। ফলে রাজ্যে সড়ক দুর্ঘটনা ও দুর্ঘটনাজনিত মৃত্যুর হার জাতীয় গড়ের চেয়ে অনেক কম রয়েছে। তিনি জানান, আগরতলা পুর নিগম এলাকায় বর্তমানে ৪৫টি পার্কিং জোন, ২৩টি নো-পার্কিং জোন, ৭টি ওয়ান ওয়ে, ২৯টি বৈদ্যুতিক ট্রাফিক সিগন্যাল ও ৫৯টি ট্রাফিক পয়েন্ট রয়েছে। পাশাপাশি বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কগুলোতে সিসিটিভি'র মাধ্যমে নজরদারিও চালানো হচ্ছে। পর্যালোচনা সভায় এছাড়াও মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, মুখ্যমন্ত্রীর সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, আই জি (আইন শৃঙ্খলা) অনুরাগ ধ্যানকর, পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার সহ আরক্ষা দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

## কালীপূজার আয়োজন

● আটের পাতার পর সংস্থার এক সদস্য বলেন, প্রায় দেড়শ বছর ধরে চলছে এই কালীপুজো। এই বছর নেপালের গন্ডকী চন্ডী মুক্তিনাথ মন্দিরের আদলে মন্দিরকে সাজিয়ে তোলা হয়েছে। পাশাপাশি প্রসাদ বিতরণ করা হবে। তাছাড়া, গোটা এলাকাকে আলোকসজ্জায় সাজানো হয়েছে।
এদিন তিনি আরও বলেন, আগামী ৩১ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত খোলা থাকবে মন্দির। আপামর রাজ্যবাসীকে পূজোয় আমন্ত্রণ জানালেন ক্লাব কর্তৃপক্ষ।

## স্পেনের প্রেসিডেন্টের সঙ্গে ভদোদরায় রোড শো প্রধানমন্ত্রী

ভদোদরা, ২৯ অক্টোবর (হি.স.): স্পেনের প্রেসিডেন্ট পেদ্রো সানচেজ-এর সঙ্গে গুজরাটের ভদোদরায় রোড শো করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রাস্তার দুই ধারে উপস্থিত বিপুল সংখ্যক মানুষ তাঁদের স্বাগত জানান, মোদী-মোদী স্লোগান ওঠে বহুবার। প্রধানমন্ত্রী মোদী ও স্পেনের প্রেসিডেন্ট পেদ্রো সানচেজ-কে স্বাগত জানাতে নৃত্য-সহ বর্ণাঢ্য অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।সোমবার ভোররাতেই গুজরাটের ভদোদরায় এসে পৌঁছন স্পেনের প্রেসিডেন্ট পেদ্রো সানচেজ। ভদোদরা বিমানবন্দরে তাঁকে উষ্ণ অভ্যর্থনায় স্বাগত জানানো হয়। উল্লেখ্য, প্রায় দুই দশক পর স্পেনের কোনও প্রেসিডেন্ট ভারত সফরে এসেছেন।

## জম্মুর আখনুরে সেনার গাড়িতে জঙ্গি হামলা, হতাহতের কোনও খবর নেই

জম্মু, ২৯ অক্টোবর (হি.স.): জম্মু ও কাশ্মীরে ফের সন্ত্রাসবাদী হামলা, এবার জম্মুর আখনুরে সেনাবাহিনীর গাড়িতে হামলা চালাল জঙ্গিরা, সৌভাগ্যবশত নেই হামলায় হতাহতের কোনও খবর নেই।সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, সোমবার সকালে জম্মুর আখনুরে সেনাবাহিনীর গাড়ি লক্ষ্যে উপর্যুপরি গুলি চালায় জঙ্গিরা। পাল্টা জবাব ফিরিয়ে দেয় সেনাবাহিনীও। দুই পক্ষের মধ্যে গুলি বিনিময়ের মধ্যেই জঙ্গিরা পালিয়ে যায় বলে জানা গিয়েছে।

## হাওড়ার পানশালায় অশান্তি, অভিযোগের ভিত্তিতে তদন্তে পুলিশ

হাওড়া, ২৯ অক্টোবর (হি.স.): পানশালায় মদ্যপান করার সময়ে বচসা। দুই ব্যক্তিকে মারধরের অভিযোগ। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে হাওড়ার গোলাবাড়ি থানা এলাকার একটি পানশালায়। হামলার অভিযোগ, এক হোটেল ব্যবসায়ীর বিরুদ্ধে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গতকাল গোলাবাড়ি থানা এলাকার একটি পানশালায় বসে মদ্যপান করছিলেন ওই দুই ব্যক্তি। পাশের টেবিলে বসেই বন্ধুদের সঙ্গে মদ্যপান করছিলেন ওই হোটেল ব্যবসায়ীও। কোনও কারণে দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটি হয়। অভিযোগ, তারপরেই দলবল নিয়ে ওই দুই ব্যক্তির উপর হামলা চালান হোটেল ব্যবসায়ী। এমনকী ওই দুই ব্যক্তির মাথায় মদের বোতলও ভাঙেন তিনি। অভিযুক্ত হোটেল ব্যবসায়ী ওই পানশালার কর্মীদেরও মারধর করেছেন বলে জানা গিয়েছে। গোলাবাড়ি থানায় দায়ের হয়েছে অভিযোগ। তদন্ত শুরু করেছে পুলিশ।

## ঝাড়খণ্ডে হেমন্তের বিরুদ্ধে লড়বেন বিজেপির গামলিয়েল হেমব্রম, টুনডি আসনের পদ্ম প্রার্থী বিকাশ

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.): আসন্ন ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনে ঝাড়খণ্ড মুক্তি মোর্চার নেতা তথা মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করবেন বিজেপি প্রার্থী গামলিয়েল হেমব্রম। ঝাড়খণ্ডের বারহাইট বিধানসভা আসনে গামলিয়েল হেমব্রমকে প্রার্থী করেছে বিজেপি, এই আসনেরই প্রার্থী হলেন হেমন্ত সোরেন।সোমবার ঝাড়খণ্ডের দু''টি বিধানসভা আসনের জন্য প্রার্থীদের নাম ঘোষণা করেছে বিজেপি। একটি আসন হল বারহাইট এবং অপরটি টুনডি। বারহাইট বিধানসভা আসনে হেমন্তের বিরুদ্ধে প্রার্থী করা হয়েছে গামলিয়েল হেমব্রমকে। আর টুনডি বিধানসভা আসনে বিজেপির পক্ষ থেকে প্রার্থী করা হয়েছে বিকাশ মাহাতো-কে।

## ভারতেই তৈরি হবে সি-২৯৫ বিমান, ভদোদরায় এয়ারক্রাফ কমপ্লেক্সের উদ্বোধন করলেন মোদী ও পেদ্রো

ভদোদরা, ২৯ অক্টোবর (হি.স.): গুজরাটের ভদোদরায় সোমবার যুগ্মভাবে টাটা অ্যাডভান্স সিস্টেম লিমিটেড ক্যাম্পাসে সি-২৯৫ বিমান তৈরির জন্য টাটা এয়ারক্রাফ কমপ্লেক্সের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্পেনের প্রেসিডেন্ট পেদ্রো সানচেজ। সি-২৯৫ কর্মসূচির অধীনে মোট ৫৬টি বিমান রয়েছে, যার মধ্যে ১৬টি সরাসরি স্পেন থেকে সরবরাহ করা হচ্ছে এবং বাকি ৫০টি ভারতেই তৈরি করা হবে। টাটা অ্যাডভান্সড সিস্টেমস লিমিটেড ভারতে এই ৪০টি বিমান তৈরি করবে। এই অনুষ্ঠানে বক্তৃতা রাখার সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'আপনারা সবাই গত এক দশকে ভারতের এভিয়েশন সেক্টরে অভূতপূর্ব প্রবৃদ্ধি এবং পরিবর্তন দেখেছেন। আমরা ইতিমধ্যেই ভারতকে একটি এভিয়েশন হাব করার জন্য কাজ করছি। এই ইকোসিস্টেম ভবিষ্যতে মেড ইন ইন্ডিয়া সিভিল বিমানের পথ প্রশস্ত করবে। বিভিন্ন ভারতীয় এয়ারলাইন্স ১২০০টি নতুন বিমানের অর্ডার দিয়েছে। এই কারখানাটি ভারত ও বিশ্বের ভবিষ্যতের চাহিদা মেটাতে বেসামরিক বিমানের নকশা এবং বিমান তৈরিতে একটি বড় ভূমিকা পালন করতে চলেছে।'

## চুরির সামগ্রী সহ ৪ চোর আটক

● প্রথম পাতার পর
এক বাড়ীতে চুরি করে পালানোর সময় এলাকাবাসীর তৎপরতায় ঐ চোরকে জালে তুলে পুলিশ। ধৃত চোরকে জিজ্ঞাসাবাদ করে খোয়াই থানাধীন পহরমুড়া এলাকা থেকে গোটা গ্যাংকে জালে তুলে পুলিশ। একজন মহিলা ও ৩ জন পুরুষ সহ মোট ৪ জনকে জিজ্ঞাসাবাদ করে সমস্ত চুরি যাওয়া জিনিস উদ্ধার করে পুলিশ। তাদের কাছে চুরির সামগ্রী হিসেবে উদ্ধার হয়েছে প্রচুর বাসন সামগ্রী। পরবর্তী সময় আদালতের নির্দেশে উদ্ধারকৃত মালামাল প্রকৃত মালিকের হাতে তুলে দেওয়া হয়।

## আগরতলা বইমেলা

● প্রথম পাতার পর
পাবলিশার্স অ্যাণ্ড বুক সেলার্স অ্যাসোসিয়েশনের রাখাল মজমদার, বিশিষ্ট কবি নকুল রায় প্রমুখ। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, এমবিবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সত্যদেও পোদ্দার প্রমুখ।

## পাচারকালে উদ্ধার বাইক

● প্রথম পাতার পর
বিষয়ে মধুপুর থানার ওসি রাজ্যের সমস্ত থানায় মেসেজ পাঠিয়েছেন। এনিয়ে সোমবার দুপুরে থানা চত্বরে সংবাদ মাধ্যমে বিস্তারিত জানিয়েছেন ওসি দেবজিৎ চ্যাটার্জী।

## শব্দঃ মানিক সরকার

● প্রথম পাতার পর
রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গা লাগানোর চেষ্টা করছে বিজেপি। কিছু দিন আগে কদমতলায় চাঁদা আদায়কে কেন্দ্রে করে ভয়ঙ্কর পরিস্থিতির সম্মুখীন হয়েছে গোটা রাজ্য। এমতাবস্থায় নীরব থাকতে পারবে না সিপিএম। কারণ নীরবে থাকার রাজনীতি কমিউনিস্ট করে না বলে দাবি করেন তিনি। রাজ্যে শান্তি সম্প্রীতি বজায় রাখতে একসাথে লড়াই করতে চায় সিপিএম। বিজেপির বিভাজনের রাজনীতির বিরুদ্ধে জাতি বর্ণ নির্বিশেষে একত্রে লড়াই করতে হবে।

## যমুনার জল এখনও দূষিত, কালিন্দী কুঞ্জে ভেসেই বেড়াচ্ছে বিষাক্ত ফেনা

নয়াদিল্লি, ২৮ অক্টোবর (হি.স.): এমনিতেই বায়ুদূষণ, বাতাসের গুণগতমান খারাপ, তার মধ্যে যমুনা নদীর জল এখনও খারাপ অবস্থায় রয়েছে। কিছু দিন পরই ছোটপুজো, তার আগে যমুনার জলে ভেসে বেড়ানো বিষাক্ত এই ফেনা চিন্তা বাড়াচ্ছে। দিল্লিতে যমুনার জলে সোমবার সকালেও দূষণের দৃশ্য ধরা পড়ল। বিগত কয়েকদিনের মতো সোমবারও দেখা যায়, যমুনার জল সাদা ফেনায় ঢেকে গিয়েছে। যমুনার জল থেকে এই বিষাক্ত ফেনা সরানো হচ্ছে, তবুও যেন পরিষ্কার হচ্ছে না জল। সোমবার সকালেও রাজধানী দিল্লি ঘন ধোঁয়াশার চাদরে ঢেকে যায়। বাতাসের গুণগতমানও নীচের দিকে নেমে যায়। এই দূষণের মধ্যেই যমুনা নদীর জলে দেখা গেল বিষাক্ত ফেনা। গত কয়েকদিনের মতো সোমবারও দিল্লির কালিন্দী কুঞ্জ এলাকায় দেখা যায়, যমুনার জলে বিষাক্ত ফেনা ভেসে বেড়াচ্ছে। হিন্দুস্থান সমাচার / রাকেশ

## ধোঁয়াশায় মোড়া দিল্লি-এনসিআর; দূষণ বাড়ছে দিল্লিতেও, একই অবস্থা মুম্বইয়েও

নয়াদিল্লি, ২৮ অক্টোবর (হি.স.): দিল্লি ও রাজধানী সংলগ্ন এলাকা এখনও বায়ুদূষণের কবলে। এবার দূষণ বাড়ছে উত্তর প্রদেশেও, সোমবার সকালে ধোঁয়াশার চাদরে আচ্ছন্ন থাকল বাণিজ্যনগরী মুম্বই। সোমবার সকালে দিল্লি, নয়ডা, গুরুগ্রামের মতো বেশ কয়েকটি জনবহুল এলাকায় বাতাসের গুণগতমান 'খারাপ' পর্যায়ে পৌঁছে গিয়েছে। বিগত কয়েকদিনের মতো এদিনও ধোঁয়াশার চাদরে আচ্ছন্ন থাকল রাজধানী দিল্লি।আবার উত্তর প্রদেশের মোরাদাবাদও ধোঁয়াশাচ্ছন্ন ছিল। সেখানে দৃশ্যমানতা বেশ কিছুটা কমে যায়। শীত যত এগিয়ে আসছে দিল্লির বাতাসের গুণগতমান (এয়ার কোয়ালিটি ইনডেক্স) অর্থাৎ একিউআই ততই খারাপ থেকে আরও খারাপের দিকে যাচ্ছে। সোমবার সকালে দিল্লির আনন্দ বিহার, নেহরু প্লেস, ইন্ডিয়া গেট, কর্তব্যপথ, মুনিরকা, অক্ষরধাম মন্দিরের মতো এলাকাগুলিতে বাতাসের গুণগত মান খারাপ ছিল। আনন্দ বিহার ও অক্ষরধাম মন্দির এলাকায় একিউআই ছিল ৩৫৭।

## কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ব বিদ্যালয়ে একলব্য পরিসরে সতর্কতা সচেতনতা সপ্তাহ পালন ও বিশেষ বক্তৃতানুষ্ঠান

আগরতলা, ২৮ অক্টোবর : কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয় একলব্য পরিসরের এনএসএস শাখারউদ্যোগে ভিজিল্যান্স সচেতনতা সপ্তাহের উদ্বোধন করেছে এবং 'সাইবার নিরাপত্তার বিষয়ে'সতর্কতা এবং সচেতনতার গুরুত্ব' এবং 'নারীদের নেতৃত্বে উন্নয়ন নীতি ও বাস্তবায়ন' বিষয়ক বিশেষ বক্তৃতারআয়োজন করাহয়েছে। এই অনুষ্ঠানে অনলাইনের মাধ্যমে প্রধানঅতিথি হিসেবে উপস্থিত ছিলেনগঙ্গানাথ ঝাপরিসরের অধ্যাপক ডঃ রাজেশ কান্ত তিওয়ারিমহোদয় (সহকারী অধ্যাপক, কম্পিউটার সায়েন্স)।
তিনি তার ভাষনে তিনি 'সাইবার নিরাপত্তার বিষয়ে সচেতনতা' বিষয়ে বক্তৃতা প্রদান করেন এবং সাইবার অপরাধের বিরুদ্ধে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান।অন্যদিকে ডাঃ চেতনা বেদি,মহোদয়া(সহকারী অধ্যাপক, বেদ যোগ ধানমন্দিরম, পুনে)'নারী নেতৃত্বে উন্নয়ন নীতি ও বাস্তবায়ন' বিষয়ে বক্তব্য রাখেন। তার ভাষণে তিনি অভিমত ব্যক্ত করেন যে, নারীরা অনাদিকাল থেকে বিশ্বকেস্থিতিশীল বাসযোগ্য করে তোলার ক্ষেত্রে অনিবার্য অবদান রাখছে। বর্তমান যুগে সকল ক্ষেত্রে তাদের অবদান উল্লেখযোগ্য ও প্রশংসনীয়। সরকারের গৃহীত বিভিন্ন ধরনের প্রগতিশীল উদ্যোগ সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় নারীদের আরও সক্রিয় অংশগ্রহণের ভিত্তি তৈরি করেছে। এছাড়া, একলব্য পরিসরেরবুদ্ধদর্শণবিভাগের প্রধান অধ্যাপক অবধেশ কুমার চৌবে দুর্নীতির বিরুদ্ধে সতর্ক থাকার গুরুত্বের ওপর অভিমতব্যক্ত করেন এবং আর্থিক দুর্নীতি দমনে যথাযথ ব্যবস্থা গ্রহণের উপরগুরুত্বারোপ করেন।
প্রফেসর প্রভাত কুমার মহাপাত্র, ক্যাম্পাসেরনির্দেশকএই অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবং বর্তমান সমাজে নারীদের বিভিন্ন ভূমিকা তুলে ধরেন। তার ভাষণে, তিনি মতামত দেন যে,নারীদের দ্বারাই উন্নয়ন নীতি ও বাস্তবায়নযথাযথ ভাবেসংঘটিত হয়। সাইবার অপরাধ প্রসঙ্গে তিনিদুর্নীতিরবিরুদ্ধে সতর্ক থাকার উপরগুরুত্ব দেন। এছাড়া, ক্যাম্পাসের নির্দেশক অধ্যাপক প্রভাত কুমার মহাপাত্র মহোদয়সতর্কতা সচেতনতা সপ্তাহ উপলক্ষে সকলকেসততার অঙ্গীকারবদ্ধ হবারশপথবাক্যপাঠকরান। এই অধিবেশনটি সমন্বয় করেন ড. নন্দদুলাল মন্ডল, সহকারী অধ্যাপক (শিক্ষাশাস্ত্র) এবং মঞ্চ সমন্বয় করেছিলেন শ্রী রঙ্গরাজ শর্মা, শিক্ষাশাস্ত্রের (বিএড) ছাত্র। সমস্ত ছাত্রছাত্রী এবংঅধ্যাপক অধ্যাপিকা,কর্মচারীবৃন্দএই অনুষ্ঠানে সক্রিয়ভাবে উপস্থিত ছিলেন।

## বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের হাত ধরে উদ্বোধন রক এক্ট ভলিয়ম-২ এর অনুষ্ঠান

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৮ অক্টোবর:** ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হল রক এক্ট ভলিয়ম-২। অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। পার্বত্য রাজ্য ত্রিপুরার মধ্যে শিল্প সংস্কৃতির শহর বলে পরিচিত হচ্ছে ত্রিপুরার দ্বিতীয় বৃহত্তম শহর ধর্মনগর শহর। শহরের রয়েছে বিভিন্ন ঘরানার শিল্পী। যারা বিভিন্ন ক্ষেত্রে যেমন নাচ,গান,নাটক,অভিনয়,আবৃত্তিতে নিজেদের শিল্পের বিকাশ ঘটিয়ে চলেছে এবং বিভিন্ন ক্ষেত্রে শহরের নাম বিশ্ব দরবারে সুনামের সাথে তুলে ধরছে।
সেরকমই একটি সংস্থা হচ্ছে রক এক্ট। এই রক এক্ট মূলত ধর্মনগর শহরের নতুন প্রজন্মের কিছু উদীয়মান রক গানের সাথে জড়িত শিল্পীদের দ্বারা সৃষ্টি করা সংস্থা। অত্যন্ত কম সময়ের মধ্যে রক এক্টের সদস্যরা তাদের গানের বিভিন্ন স্বাদের মাধ্যমে দর্শকের মন জয় করেছে এবং প্রসংশা কুঁড়িয়েছে। উত্তর ত্রিপুরা জেলার জেলাসদর ধর্মনগর শহরের বিবেকানন্দ শার্ধ শতবার্ষিকী ভবনে রক এক্ট এর উদ্যোগে রক এক্ট ভলিয়ম-২ শীর্ষক একটি মিউজিক্যাল ফেস্ট এর আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে এই অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন ধর্মনগরের বিধায়ক তথা রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। এছাড়াও উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপারসন মিতালী রাণী দাস সেন,সৌম্য দে সহ অন্যান্যরা। বিবেকানন্দ ভুবনে আয়োজিত এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন রক এক্টের সকল কর্মকর্তাদের সাধুবাদ জানান। পাশাপাশি তিনি ভারতীয় ঐতিহ্য, হিন্দু সংস্কৃতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। বর্তমান সময়ে যুব সমাজ নেশার আঙিনায় ঝাঁপ না দিয়ে যেভাবে খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় নিজেদের যেভাবে নিয়োজিত রাখছেন তাতে আগামীদিনে যুব সমাজের ভবিষ্যত উজ্জ্বল বলে মনে করছেন বুদ্ধিজীবী মহল।

## পরিবেশ, ক্ষোভ জনমনে

● প্রথম পাতার পর
নিয়ে যাওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি আরও জানান তেলিয়ামুড়া শহরের কিছু ব্যবসায়ী বারবার বলা সত্ত্বেও অম্পি চৌমুহুনী এলাকার আশপাশ এলাকায় যত্রতত্র আবর্জনা ফেলছে। তাদেরকেও তিনি সতর্ক করেন।

## তুলে দেবেন প্রধানমন্ত্রী

● প্রথম পাতার পর
এই প্রয়াস তরুণ-তরুণীদের দেশ গঠনে অবদান রাখার অর্থবহ সুযোগ প্রদান করে। নবনিযুক্ত নিয়োগপ্রাপ্তরা কর্মযোগী পোর্টালে উপলব্ধ একটি অনলাইন মডিউল, কর্মযোগী প্ররম্ভের মাধ্যমে ভিত্তিগত প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন।

8th-6th page -2022 darpan print.pmd 1 10/29/2024, 12:47 AM

াঙ্গন

# সিনিয়র মহিলা জাতীয় টি-২০ : লখনৌতে হরিয়ানার কাছে হেরে বিদায় ত্রিপুরার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। অন্তিম ম্যাচেও হারলো ত্রিপুরা। গ্রুপ লীগের শেষ ম্যাচ। প্রতিপক্ষ হরিয়ানা। যদিও প্রথম সারির দল নয়, যে কারণে একটু প্রত্যাশা ছিল। হয়তো প্রথম ম্যাচে জয়ের মতো অন্তিম ম্যাচেও জয়ের স্বাদ নিয়ে ত্রিপুরার সিনিয়র মহিলা ক্রিকেট দল রাজ্যে প্রত্যাবর্তন করবে। বাস্তবে মাঠের খেলায় ফলাফল হয়েছে মুখ্যত ট্র্যাডিশনাল। অর্থাৎ উত্তর-পূর্বাঞ্চলের নবাগত সিকিমকে হারানো ছাড়া ত্রিপুরা দলের আর তেমন কোন সাফল্য নেই। এবারের সিনিয়র মহিলা টি-টোয়েন্টি জাতীয় ক্রিকেট টুর্নামেন্টে ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ী দ্বিতীয় স্টেডিয়ামে গ্রুপ লীগের শেষ ম্যাচে হরিয়ানা ৮ উইকেটের বড় ব্যবধানে ত্রিপুরাকে পরাজিত করেছে। প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে ত্রিপুরার মহিলা ক্রিকেট দল সীমিত কুড়ি ওভারে পাঁচ উইকেটে ১৩২ রান সংগ্রহ করেছিল। দলের পক্ষে ওপেনার তামান্না নিগম দুর্দান্ত ৮০ রান সংগ্রহ করেছিল। তামান্না ৬৩ বল খেলে সাতটি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারি হাকিয়ে ৮০ রান পায়। এছাড়া ঋজু সাহার ৩৬ রান উল্লেখ করার মতো। ছত্রিশ বল খেলে চারটি বাউন্ডারি মেরে ঋজু ৩৬ রান সংগ্রহ করে। জবাবে ব্যাট করতে নেমে হরিয়ানা ১৭.১ ওভার খেলে দুই উইকেট হারিয়েই জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। দলের পক্ষে ওপেনার তানিশকা শর্মা ৭৬ রানে অপরাজিত থেকে দলকে জয় এনে দেয়। ৫০ বল খেলে ছয়টি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি হাকিয়ে তানিশকা ৭৬ রানে অপরাজিত থাকেন। সঙ্গে শীতল রানা ১৬ বল খেলে চারটি বাউন্ডারি মেরে অপরাজিত ভূমিকায় ২১ রান সংগ্রহ করে দলকে জয়ের লক্ষ্যে পৌঁছায়। গ্রুপ লীগের অন্য খেলায় হিমাচল প্রদেশ ১১৯ রানের ব্যবধানে সিকিমকে পরাজিত করে গ্রুপ লিগে রানার্স খেতাব পেয়েছে।

# সি কে নাইডু ট্রফি : তামিলনাড়ু এগিয়ে ইনিংস পরাজয়ের শঙ্কা ত্রিপুরা শিবিরে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। কর্নেল সি কে নাইডু ট্রফি ক্রিকেটে তৃতীয় ম্যাচেও ত্রিপুরার ভরাডুবি। আগামীকাল ম্যাচের তৃতীয় দিনে ফলোঅনে খেলতে নেমে ইনিংস পরাজয় এড়াতে পারবে কিনা? এখন যেন সেটাই সন্দেহ তৈরি করছে।

কেননা সফরকারী তামিলনাড়ুর প্রথম ইনিংসে সংগৃহীত ২৬৫ রানের জবাবে ত্রিপুরা ১০৬ রানে ইনিংস গুটিয়ে নেবে, সেটা অনেক ক্রিকেটপ্রেমীরাই প্রত্যাশা করেননি। নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে তামিলনাড়ু আজ, সোমবার ম্যাচের দ্বিতীয় দিনে ১৫৭ রানের পাশাপাশি ৩ উইকেট হাতে নিয়ে খেলা শুরু করে ২৬৫ তে পৌঁছে ইনিংস শেষ করে।

দলের পক্ষে অজিতেশের ৭৯ এবং অতীশ এর ৫০ রানের পর বিগনেসের ৬৪ রান উল্লেখ করার মতো। রাজ্য দলের বোলার অভিজিৎ দেববর্মার পাঁচটি উইকেট প্রাপ্তির পর দীপ্তনু চক্রবর্তী দুটি উইকেট পেয়েছে। পাল্টা ব্যাট করতে নেমে দিনের খেলা শেষ হওয়া পাশাপাশি ত্রিপুরা দলের প্রথম ইনিংস শেষ হয় ১০৬ রানে। ৫৮.৩ ওভার খেলে। সর্বোচ্চ স্কোর বলতে ঋতুরাজ ঘোষ রায় এর ২৪ রান।

তামিলনাড়ুর বোলার শচীন রথী ৪টি এবং গোবিন্দ ও বিগনেস দুটি করে উইকেট পেয়েছে। গ্রুপ লীগের অন্য খেলায় উত্তরাখণ্ডের বিরুদ্ধে চন্ডিগড় বড় স্কোর দাঁড় করিয়েছে। মহারাষ্ট্রের বিরুদ্ধে কর্ণাটক প্রথম ইনিংসে লীড নেওয়ার অপেক্ষায় রয়েছে। তাঁদের আর মাত্র ১৩ রান প্রয়োজন। কেরালার বিরুদ্ধে উড়িষ্যাও প্রথম ইনিংসে লিভ নেওয়া থেকে ১১৪ রান পিছিয়ে রয়েছে।

# পূর্বাঞ্চলীয় দৃষ্টিহীনদের দাবায় সেরা সৌগতা ও প্রাচুর্য্য কুমার

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। অল ইন্ডিয়া চেস ফেডারেশন ফর দ্য ব্লাইন্ড এবং অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির যৌথ উদ্যোগে আগরতলায় এবছর অনুষ্ঠিত হয় পূর্বাঞ্চলীয় দৃষ্টিহীন দাবা প্রতিযোগিতা। আগরতলা প্রেসক্লাবে গত শনিবার দিন তিন দিনব্যাপী এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের সমবায় ও সংখ্যালঘু দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। টুর্নামেন্টে স্বাগতিক ত্রিপুরা সহ দেশের সাতটি রাজ্যের দৃষ্টিহীন দাবারুরা অংশগ্রহণ করে।। সোমবার ছিল এই টুর্নামেন্টের সমাপ্তি দিন। এদিন দুটি বিভাগে অনুষ্ঠিত এই টুর্নামেন্টের অন্তিম রাউন্ডের শেষে দেখা যায় ৫ পয়েন্ট নিয়ে ও ৬ পয়েন্ট নিয়ে যথাক্রমে চ্যাম্পিয়ন হয় পশ্চিমবঙ্গের সৌগতা চৌধুরী ও উড়িষ্যার প্রাচুর্য্য কুমার প্রধান। টুর্নামেন্টের একটি বিভাগে রাজ্যের নয়ন চন্দ্র রায় ৩ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থান দখল করে। এছাড়া রাজ্যের আর কেউ পূর্বাঞ্চলীয় এই দাবা প্রতিযোগিতায় তেমন দাগ কাটতে পারেনি। প্রতিযোগিতার শেষে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিজয়ীদের হাতে তুলে দেওয়া হয় পুরস্কার। আর এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পৌর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস। এছাড়াও ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, রাজ্য সরকারের যুব ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির অন্যতম উপদেষ্টা সংকর মজুমদার, সাধারণ সচিব সহদেব সাহা, বিশিষ্ট সমাজসেবী হীরালাল সাহা, অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির প্রচার সম্পাদিকা সুস্মিতা দত্ত রায়চৌধুরী প্রমুখ। পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আগেই ত্রিপুরা চেস একাডেমী ফর দ্য ব্লাইন্ড কমিটি পরিচালনার জন্য ১১ জনের নতুন কমিটি গঠিত হয়। তাতে সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ হিসেবে মনোনীত হয়েছেন যথাক্রমে সহদেব সাহা, সঞ্জয় ধন ভৌমিক ও সুস্মিতা দত্ত রায়চৌধুরী। পূর্বাঞ্চলীয় এই প্রতিযোগিতায় রাজ্য থেকে অসাধারণ পারফরম্যান্স করার জন্য জাতীয় জুনিয়র দৃষ্টিহীন দাবা প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে নয়ন চন্দ্র রায়। আগামী ১৯ থেকে ২১ নভেম্বর কর্নাটকে অনুষ্ঠিত হবে এই প্রতিযোগিতা।

# ভলিবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন পুলিশ

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। বহু ষড়যন্ত্র করেও বন্ধ করতে পারেনি ত্রিপুরা ভলিবল অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র রাজ্যভিত্তিক ভলিবল টুর্নামেন্ট। এই টুর্নামেন্টের শুরু থেকেই রাজ্য ক্রীড়া পর্ষদের একাংশ নানা ষড়যন্ত্র চালিয়ে আসে। প্রথম দিকে টুর্নামেন্টের সূচি অনুযায়ী স্থান নির্ধারণ ছিল আগরতলা উমাকান্ত একাডেমির ভলিবল মাঠে। আর সেখান থেকেই শুরু হয় চক্রান্ত। নানা অজুহাত দেখিয়ে অবৈধভাবে এই টুর্নামেন্টকে বাতিল করার জন্য তৎপর হয়ে ওঠে ক্রীড়া পর্ষদের একাংশ। এনিয়ে থানায় মামলা পর্যন্ত হয়। অবশেষে ভলিবলের স্বার্থে টুর্নামেন্টের উদ্যোক্তারা স্থান পরিবর্তন করে নিয়ে যায় এমবিবি মাঠে। সেখানেই গত বেশ কয়েকদিন ধরে জমজমাট ভাবেই অনুষ্ঠিত হয় টুর্নামেন্টের একের পর এক গুরুত্বপূর্ণ ম্যাচ। দীর্ঘ প্রায় বেশ কিছুদিন ধরে চলা এই টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে খেলার যোগ্যতা অর্জন করে ইকফাই ও ত্রিপুরা পুলিশ।

পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী সোমবার বিকেলে অনুষ্ঠিত হয় টুর্নামেন্টের ফাইনাল ম্যাচটি। আর তাতে শিরোপা দখলের লড়াইয়ে মুখোমুখি হয় এই দুটি দল। তীব্র উত্তেজনাপূর্ণ আর হাড্ডাহাড্ডি লড়াইয়ের মধ্য দিয়ে শেষ হওয়া ফাইনাল ম্যাচে বাজিমাত দেখালো ত্রিপুরা পুলিশের খেলোয়াররা। ফাইনালে তারা ৩-০ সেটে (২৫-২০,২৬-২৫,২৫-২১) পরাজিত করে প্রতিপক্ষ ইকফাইকে। চূড়ান্ত পর্বের লড়াই শেষে চ্যাম্পিয়ন ও রানার্স দলের হাতে তুলে দেওয়া হয় পুরস্কার। আর এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইকফাই ইউনিভার্সিটি ফিজিক্যাল এডুকেশন ডিপার্টমেন্টের প্রধান শিলা সিনহা, সতীশ কুমার, অবসরপ্রাপ্ত হ্যান্ডবল প্রশিক্ষক আশীষ কর ও ত্রিপুরা হ্যান্ডবল অ্যাসোসিয়েশনের কার্যকারী সম্পাদক চন্দন সেন।

# ইংলিশ প্রিমিয়ার লিগ: ওয়েস্ট হ্যামের কাছে হেরে লিগ টেবিলে অবনমন ম্যানচেস্টার ইউনাইটেডের

ম্যানচেস্টার, ২৮ অক্টোবর (হি.স.): ওয়েস্ট হ্যামের মাঠে রবিবার রাতে প্রিমিয়ার লিগের ম্যাচটি ২-১ গোলে হেরেছে এরিক টেন হাগের দল ম্যানচেস্টার ইউনাইটেড। সামারভিলের গোলে ইউনাইটেড পিছিয়ে পড়ার পর সমতা টানেন কাসেমিরো। যোগ করা সময়ের পেনাল্টি গোলে ব্যবধান গড়ে দেন জ্যারড বোয়েন। প্রথমার্ধ ছিল গোলশূন্য। দ্বিতীয়ার্ধে শুরুতেও আক্রমণাত্মক ফুটবল খেললেও গোলের দেখা মিলছিল না। উল্টে ৭৪ মিনিটে ওয়েস্ট হ্যাম দারুন এক আক্রমণে গিয়ে বক্সের বাইরে থেকে ড্যানি ইঙ্গসের পাশ থেকে জালে বল পাঠান ডাচ ফরোয়ার্ড সামারভিল। পিছিয়ে পড়ার সাত মিনিটের মাথায় জালের দেখা পায় ম্যান ইউনাইটেড। সতীর্থের হেড থেকে গোলমুখে বল পেয়ে হেডেই গোলটি করেন কাসেমিরো।

নির্ধারিত সময়ের তিন মিনিট বাকি থাকতে ইউনাইটেডের বক্সে তাদের ডিফেন্ডার মাটাইস ডি লিখট ওয়েস্টহ্যমের ইঙ্গসকে ফাউল করলে পেনাল্টির পায় ওয়েস্টহ্যম। সফল স্পট কিকে জয়সূচক গোলটি করেন বোয়েন। লিগে ৯ ম্যাচে ইউনাইটেড হারল চারটি ম্যাচ। তিন জয় ও দুই ড্রয়ে ১১ পয়েন্ট নিয়ে ১৪ নম্বরে নেমে গেছে তারা। তাদের সমান পয়েন্ট নিয়ে গোল ব্যবধানে এগিয়ে ১৩ নম্বরে উঠেছে ওয়েস্ট হ্যাম।

# ২০২৪ মহিলা এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ঘোষণা হলো ভারতের স্কোয়াড

রাজগির, ২৮ অক্টোবর (হি.স.) : সোমবার হকি ইন্ডিয়া মহিলা এশিয়ান চ্যাম্পিয়নশিপ ট্রফি ২০২৪-এর জন্য ভারতীয় মহিলা হকি দল ঘোষণা করল। ১১-২০ নভেম্বর বিহারের রাজগিরে অনুষ্ঠিত হবে এই প্রতিযোগিতা। এই আসরে চিন, ভারত, জাপান, কোরিয়া, মালয়েশিয়া, থাইল্যান্ড—সহ মোট ছয়টি দল অংশ নেবে।

গতবারের চ্যাম্পিয়ন সালিমা তেতে ভারতীয় দলকে নেতৃত্ব দেবেন আর সহ-অধিনায়ক হিসাবে থাকবেন নবনীত কৌর। উদ্বোধনী ম্যাচে ভারত খেলবে মালয়েশিয়ার সঙ্গে, এরপর ১২ নভেম্বর কোরিয়া, ১৪ নভেম্বর থাইল্যান্ড, ১৬ নভেম্বর চিন এবং জাপানের সঙ্গে খেলবে ১৭ নভেম্বর।

মহিলাদের এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ভারতের স্কোয়াড :গোলরক্ষক: সবিতা, বিচু দেবী খড়িবমডিফেন্ডার: উদিতা, জ্যোতি, বিষ্ণবী বিঠল ফালকে, সুশীলা চানু পুখরম্বম, ঈশিকা চৌধুরীমিডফিল্ডার : নেহা, সালিমা তেতে (সি), শর্মিলা দেবী, মনীষা চৌহান, সুনেলিতা টপ্পো, লালরেমিসিয়ামিফরোয়ার্ড : নবনীত কৌর (ভিসি), প্রীতি দুবে, সঙ্গীতা কুমারী, দীপিকা, বিউটি ডংডং

# ইমার্জিং এশিয়া কাপে শ্রীলঙ্কার আশা গুঁড়িয়ে চ্যাম্পিয়ন আফগানিস্তান

কলকাতা, ২৮ অক্টোবর (হি.স.): ইমার্জিং এশিয়া কাপে চ্যাম্পিয়ন হলো আফগানিস্তান। শিরোপা নির্ধারণী ম্যাচে রবিবার রাতে শ্রীলঙ্কা 'এ' দলকে ৭ উইকেটে হারিয়ে দিল আফগানিস্তান 'এ' দল। প্রথমবারের মতো এই শিরোপা ঘরে তুলল আফগানরা। আর তৃতীয় শিরোপা পাওয়া থেকে বঞ্চিত হলো শ্রীলঙ্কা।

৭ উইকেটে ১৩৩ রান করে শ্রীলঙ্কা। দলের হয়ে সর্বোচ্চ রান (৬৪) করেন সেহান আরাচিগের। পেসার বিলাল ২২ রানে ৩ উইকেট নেন। আর ১৪ রান দিয়ে দুটি উইকেট নিয়ে ফাইনালের সেরা হন অফ স্পিনার ঘাজানফার।

জয়ের জন্য আফগানিস্তানের লক্ষ্য ছিল ১৩৪ রান। সেই রান তাড়া করতে নেমে সাদিকুল্লাহ ৫৫ রান করে আফগানিস্তানকে জয়ের পথ দেখান। ৭ বল বাকি থাকতে কাঙ্ক্ষিত ঠিকানায় পৌঁছে যায় আফগানরা।

# রোহিতদের আগ্রাসী ক্রিকেটেই পছন্দ ধোনির, 'পাঁচ দিন খেলে ড্র করার মতো বিরক্তিকর আর কিছু নেই'

নিউ জিল্যান্ডের কাছে জোড়া টেস্টে হারের পর প্রশ্ন উঠেছে ভারতের আগ্রাসী ক্রিকেট নিয়ে। একই প্রশ্ন উঠছে ইংল্যান্ডের 'বাজবল' নিয়েও। হারলেও তাঁরা খেলার ধরন বদলাবেন না বলে সাফ জানিয়ে দিয়েছেন ভারত অধিনায়ক রোহিত শর্মা। ভারতের এই খেলার ধরন পছন্দ মহেন্দ্র সিংহ ধোনির। যে ভাবে ক্রিকেট খেলার ধরনে বদল এসেছে তা ভাল লেগেছে তাঁর। ধোনি জানিয়েছে, ড্রয়ের মতো বিরক্তিকর আর কিছু নেই। টেস্ট ক্রিকেট খেলার ধরনে এই বদল নিয়ে ধোনি বলেন, "এই ধরনের ক্রিকেটকে যে কোনও নামে ডাকা যেতে পারে। কিন্তু আসল কথা হল, ক্রিকেটে বদল এসেছে। ক্রিকেট খেলার ধরনে বদল এসেছে। আগে এক দিনের ক্রিকেটে যে রান করে দল জিতত, এখন টি-টোয়েন্টিতেও সেই রান তাড়া হয়ে যাচ্ছে। দিনের শেষে এটা খেলা একটা ধরন। এই আগ্রাসী ক্রিকেট আমার পছন্দ।" ভারতের হয়ে ৯০টি টেস্ট খেলা ধোনি মনে করেন, পাঁচ দিন খেলে ড্র করার মতো বিরক্তিকর আর কিছু নেই। ড্র নিশ্চিত জানার পরেও পঞ্চম দিন মাঠে থাকার যে যন্ত্রণা সেই অভিজ্ঞতাও জানিয়েছেন তিনি। ধোনি বলেন, "টেস্ট ড্র হবে জানার পরেও পঞ্চম দিন খেলতে নামতে আমার সবচেয়ে বিরক্তি লাগত। কারণ, অনেক সময় গোটা দিন কিপিং করতে হত। আমি জানি যে ম্যাচ ড্র হবে। কোনও ভাবেই ফলাফল হবে না। ব্যাটার, বোলাররাও সারা দিন ধরে পরিশ্রম করছে। এত কিছুর পর খেলা ড্র হচ্ছে। এক থেকে বিরক্তিকর আর কিছু হয় না। গত কয়েক বছরে ভারতের খেলার ধরন বদলেছে। ফলে ড্রয়ের সংখ্যাও কমেছে।

এখন বেশির ভাগ টেস্টে হার-জিত দেখা যাচ্ছে। ধোনির মতে, খেলায় যে কোনও দল জিততে পারে। কিন্তু শেষ পর্যন্ত ফলাফলটাই আসল। তিনি বলেন, "ভাবুন তো পাঁচ দিন সকাল সাড়ে ৯টা থেকে বিকাল সাড়ে ৪টে পর্যন্ত মাঠে থাকার পর দেখলেন খেলা ড্র হল। এটা তো কোনও ভাবেই ক্রিকেটের ভাল বিজ্ঞাপন হতে পারে না।

এখন অনেক বেশি টেস্টে ফলাফল দেখা যাচ্ছে। টেস্ট খেলার ধরনে যে বদল এসেছে সেটা আমার খুব ভাল লাগছে।"

আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেও এখনও ক্রিকেটের মধ্যে রয়েছেন ধোনি। আইপিএলে খেলছেন তিনি। এ বার নিলামের আগে তাঁকে নিয়েই সবচেয়ে বেশি জল্পনা চলছে। চেন্নাই সুপার কিংস ঘরোয়া ক্রিকেটার হিসাবে ধরে রাখতে পারে তাঁকে। হয়তো এ বারই শেষ বার ক্রিকেট খেলতে দেখা যাবে ধোনিকে। সেই কারণেই তাঁর দিকে অনুরাগীদের নজর আরও বেশি।

# পাকিস্তান সিরিজের জন্য অস্ট্রেলিয়ার দল ঘোষণা

সিডনি, ২৮ অক্টোবর (হি.স.): নভেম্বরে ভারতের বিপক্ষে বর্ডার-গাভাস্কার সিরিজ খেলার আগে পাকিস্তানের সঙ্গে ঘরের মাটিতে টি-টোয়েন্টি সিরিজ খেলবে অস্ট্রেলিয়া।

গাব্বায় তিন ম্যাচের সিরিজটি হবে ১৪ নভেম্বর থেকে ১৮ নভেম্বর। সোমবার এই সিরিজের জন্য ১৩ সদস্যের দল ঘোষণা করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া।

যদিও এখনও অধিনায়কের নাম জানানো হয়নি। নিয়মিত অধিনায়ক মিচেল মার্শ ১৩ সদস্যের স্কোয়াডে নির্বাচিত হননি।

অস্ট্রেলিয়া দল: শট অ্যাবোট, জাভিয়ের বারলেট, কুপার কনোলি, টিম ডেভিড, নাথান এলিস, ফ্রেজার ম্যাকগার্ক, অ্যারন হার্ডি, জশ ইংলিস, স্পেন্সার জনসন, গ্লেন ম্যাক্সওয়েল, ম্যাথু শর্ট, মার্কাস স্টোইনিস ও অ্যাডাম জাম্পা।

# পাকিস্তানের সাদা বলের কোচের পদ থেকে সরে দাঁড়ালেন গ্যারি কার্সর্নে

রাওয়ালপিন্ডি, ২৮ অক্টোবর (হি.স.) : মাত্র পাঁচ মাস দায়িত্ব পালনের পর সোমবার পাকিস্তানের ওয়ানডে ও টি-টোয়েন্টি দলের কোচের পদ ছাড়লেন গ্যারি কার্সর্নে। কার্সর্নের পদত্যাগপত্র গ্রহণ করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড। ২০২৪ সালের এপ্রিল মাসে ক্রিকেট বোর্ড (পিসিবি) দ্বারা দুই বছরের চুক্তি হয়েছিল কার্সর্নের সঙ্গে। আগামী মাসে পাকিস্তান দলের সঙ্গে অস্ট্রেলিয়া সফরে যাওয়ার কথা ছিল তাঁর। তার আগেই পাকিস্তান দলের সাদা বলের কোচের পদ ছাড়লেন তিনি।

পাকিস্তান ক্রিকেট বোর্ড সোমবার ঘোষণা করেছে যে নভেম্বর মাসে

# অধিনায়ক হিসাবে বাবরের বদলি বেছে নিল পাকিস্তান, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে নেতৃত্ব দেবেন কে?

এক দিনের বিশ্বকাপের পর নেতৃত্ব ছেড়েছিলেন বাবর আজম। পরে তাঁকে টি-টোয়েন্টি বিশ্বকাপের নেতৃত্বে ফেরানো হয়। কিন্তু সেই প্রতিযোগিতার পরে আবার নেতৃত্ব ছেড়ে দিয়েছিলেন বাবর। লাল বলের ক্রিকেটে শান মাসুদকে অধিনায়ক করলেও সাদা বলের ক্রিকেটে কারও নাম ঘোষণা করেনি পাকিস্তান। রবিবার মহম্মদ রিজওয়ানকে সাদা বলের ক্রিকেটে অধিনায়ক করল তারা। রবিবার একসঙ্গে অস্ট্রেলিয়া এবং জিম্বাবোয়ের বিরুদ্ধে সাদা বলের সিরিজের দল ঘোষণা করে পাকিস্তান। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বাবরকে দলে ফেরানো হয়েছে। ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্টে বাদ দেওয়া হয়েছিল তাঁকে। সেই সঙ্গে বাদ দেওয়া হয়েছিল শাহিন শাহ আফ্রিদি এবং নাসিম শাহকে। তাঁদেরও অস্ট্রেলিয়া সফরে দলে ফেরানো হয়েছে। তবে জিম্বাবোয়ের বিরুদ্ধে দলে রাখা হয়নি তাঁদের। এক দিনের বিশ্বকাপের পর বাবর নেতৃত্ব ছাড়ার পর টি-টোয়েন্টি ক্রিকেটে অধিনায়ক করা হয়েছিল শাহিন আফ্রিদিকে। কিন্তু তিনি সাফল্য পাননি। টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে তাঁকে ছেঁটে ফেলা হয়। অধিনায়ক করা হয় বাবরকে। কিন্তু টি-টোয়েন্টি বিশ্বকাপে সাফল্য না পাওয়ায় বাবর আবার নেতৃত্ব ছেড়ে দেন। এ বার পিসিবি ভরসা রাখছে রিজওয়ানের উপর। তাঁকে সাদা বলের অধিনায়ক করা হয়েছে। অর্থাৎ, এক দিনের ক্রিকেট এবং টি-টোয়েন্টিতে পাকিস্তানকে নেতৃত্ব দেবেন তিনি। আফ্রিদিকে কেন অধিনায়ক হিসাবে ফেরানো হল না, তার কোনও কারণ জানায়নি পাকিস্তান। পাকিস্তানের বার্ষিক চুক্তি থেকে বাদ পড়েছেন ফখর জমান। বাবরকে টেস্ট দল থেকে বাদ দেওয়ার পর বোর্ডের সমালোচনা করেছিলেন তিনি। সেই কারণেই ফখরকে বাদ দেওয়া হয়েছে বলে মনে করা হচ্ছে।

# বিতর্কিত পেনাল্টিতে হার ম্যান ইউয়ের, জয়ী চেলসি

ম্যাঞ্চেস্টার ইউনাইটেডর দুঃসময় কাটল না। ইপিএলে রবিবার এরিক টেন হ্যাগের দল আবার হারল। এ বার ওয়েস্ট হ্যামের কাছে ১-২ গোলে। ৭৮ মিনিটে ক্রিসেনসিয়ো সামারভিল এগিয়ে দেন ওয়েস্ট হ্যামকে। তিন মিনিট পরেই ম্যান ইউয়ের কাসেমিরো হেডে ১-১ করেন। এই ফলও ধরে রাখতে পারেনি ওল্ড ট্র্যাফোর্ডের ক্লাব। সংযুক্ত সময়ের দ্বিতীয় মিনিটে পেনাল্টিতে গোল করে নিজেদের মাঠে খেলে তিন পয়েন্ট তুলে নেয় ওয়েস্ট হ্যাম। গোলদাতা জ্যারড বাওয়েন। রেফারির দেওয়া পেনাল্টির সিদ্ধান্ত অবশ্য মেনে নিতে পারেননি ম্যান ইউয়ের ফুটবলাররা। ড্যানি ইঙ্গসকে ফাউল করা হয়েছিল বক্সের মধ্যে। ম্যান ইউর দাবি, ইঙ্গস তার আগেই হ্যান্ডবল করেছিলেন। রেফারি ভিডিয়োর সাহায্য নিজের সিদ্ধান্তে অবিচল থাকেন। অবিশ্বাস্য হলেও সত্যিটা হল ইপিএলের পয়েন্ট টেবলে ম্যান ইউ এখন ১৪ নম্বরে! পাশাপাশি চেলসি দাপট নিয়েই নিজেদের মাঠে ২-১ জিতল নিউক্যাসলের বিরুদ্ধে। ১৮ মিনিটে নিকোলাস জ্যাকসনের গোলে এগিয়ে যায় চেলসি। ৩২ মিনিটে ১-১ করেন আলেকজান্ডার আইজ্যাক।

# ভারতের জোড়া হারে হঠাৎ সুযোগ পেল পাকিস্তান, কোন অঙ্কে টেস্ট বিশ্বকাপের ফাইনালে উঠতে পারে তারা

কয়েক দিনে বদলে গিয়েছে ছবিটা। নিউ জিল্যান্ড সিরিজের আগে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায় সকলের উপরে ছিল ভারত। এখনও উপরে রয়েছে তারা। কিন্তু নিউ জিল্যান্ডের কাছে জোড়া হারের পর ব্যবধান কমেছে। অন্য দিকে পাকিস্তান বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায় সকলের নীচে ছিল। কিন্তু ইংল্যান্ডকে ২-১ ব্যবধানে হারিয়ে এক লাফে নবম থেকে সপ্তম স্থানে উঠেছে তারা। রোহিত শর্মাদের হারে হঠাৎ করেই সুযোগ এসেছে শান মাসুদদের সামনে। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ওঠার সুযোগ পেয়েছেন তাঁরা। তবে তার জন্য সকলের আগে নিজেদের বাকি চারটি টেস্ট জিততে হবে পাকিস্তানকে। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তাদের দেশে দু'টি ও ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ঘরের মাঠে দু'টি টেস্ট রয়েছে তাদের। সেই চারটি টেস্ট জিতলে পাকিস্তানের পয়েন্টের শতাংশ হবে ৫২.৩৮। এই পয়েন্টের শতাংশের উপর ভিত্তি করেই প্রথম দুই দল ফাইনালে খেলে। তবে শুধুমাত্র নিজেদের জয়েই ফাইনাল খেলা হবে না পাকিস্তানের। তার জন্য অন্য দলগুলিকেও হারতে হবে। পাকিস্তানের উপর রয়েছে ভারত, অস্ট্রেলিয়া, শ্রীলঙ্কা, নিউ জিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও ইংল্যান্ড। তার মধ্যে ইংল্যান্ডের আর খেলা বাকি নেই। বাকি পাঁচটি দলকে গুরুত্বপূর্ণ ম্যাচে হারতে হবে। তা হলে তাদের পয়েন্ট কমবে। সে ক্ষেত্রে পাকিস্তানের সুযোগ থাকবে প্রথম দুই দলের মধ্যে শেষ করার। তবে তার সম্ভাবনা খুব কম। পাকিস্তানের যেমন ফাইনালে ওঠার সম্ভাবনা তৈরি হয়েছে, তেমনই ভারত চাপে পড়েছে। এখন শীর্ষে রয়েছে তারা। নিউ জিল্যান্ডের বিরুদ্ধে একটি টেস্ট বাকি রোহিতদের। তার পর অস্ট্রেলিয়ায় গিয়ে তাদের বিরুদ্ধে পাঁচটি টেস্ট খেলতে হবে তাঁদের। এই ছ'টি টেস্টের মধ্যে অন্তত চারটি টেস্ট জিততে হবে রোহিতদের। বাকি দু'টি টেস্ট ড্র করলেই হবে। কিন্তু হারলে আরও চাপে পড়বেন রোহিতেরা। তেমনটা হলে তীরে এসে তরী ডুবতে পারে তাঁদের।

# প্রিমিয়ার লিগের শীর্ষে যাওয়ার সুযোগ হারাল লিভারপুল, শেষ মুহূর্তে ড্র আর্সেনালের বিরুদ্ধে

দেখে মনে হচ্ছিল এক পয়েন্টও পাবে না লিভারপুল। মরসুমে দ্বিতীয় হারের সামনে দাঁড়িয়েছিল দল। সেখান থেকে দলকে এক পয়েন্ট এনে দিলেন মহম্মদ সালাহ ম্যাঞ্চেস্টার সিটিকে টপকে প্রিমিয়ার লিগের শীর্ষে যাওয়ার সুযোগ ছিল লিভারপুলের। কিন্তু সেই সুযোগ নষ্ট করল তারা। শেষ মুহূর্তের গোলে আর্সেনালের বিরুদ্ধে ড্র করল লিভারপুল। রবিবার ঘরের মাঠে শুরুতে এগিয়ে যায় আর্সেনাল। ৯ মিনিটের মাথায় গোল করেন বুকায়ো সাকা। বেশি ক্ষণ সেই লিড ধরে রাখতে পারেনি তারা। ১৮ মিনিটের মাথায় সমতা ফেরান লিভারপুলের অভিজ্ঞ ডিফেন্ডার ভার্জিল ভ্যান ডাইক। প্রথমার্ধ শেষ হওয়ার আগে লিভারপুলকে আবার ধাক্কা দেয় আর্সেনাল। এ বার গোল করেন মিকেল মেরিনো। দ্বিতীয়ার্ধে গোল শোধ করার অনেক চেষ্টা করে লিভারপুল। কিন্তু কিছুতেই বল জালে জড়াতে পারছিল না তারা।

# সদস্যতা অভিযানে জনগণের স্বতঃস্ফূর্ত সাড়া সংগঠনের ভিতকে আরো মজবুত করবে: মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর:** সদস্যপদ অভিযানে জনগণের স্বতঃস্ফূর্ত সাড়া ভারতীয় জনতা পার্টির ভিত্তিকে আরও মজবুত করবে। ভারতীয় জনতা পার্টির উপর মানুষের আস্থা রয়েছে। সদস্যতা অভিযানে মানুষের স্বতঃস্ফূর্ত সাড়া এই আস্থার প্রমাণ তুলে ধরেছে। বড়দোয়ালী মন্ডলের অধীনে ২০ নং ওয়ার্ড এবং ৪০ নং ওয়ার্ডে ভারতীয় জনতা পার্টির সদস্যপদ সংগ্রহ অভিযানে অংশ নিয়ে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। ভারতীয় জনতা পার্টির সদস্যপদ অভিযান প্রক্রিয়া বর্তমানে রাজ্যে দ্বিতীয় পর্বে অব্যাহত রয়েছে। সদস্যপদ তালিকাভুক্তির সময়সীমা আগামী ১৫ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এই লক্ষ্যে আমরা বিভিন্ন জায়গায় যাচ্ছি। মানুষও বিজেপির সদস্য হওয়ার জন্য প্রবল আগ্রহ দেখাচ্ছেন। নেতা ও কার্যকর্তাগণ সব জায়গায় পৌঁছে যাচ্ছেন এবং আমিও বিভিন্ন ওয়ার্ডে ভারতীয় জনতা পার্টিতে মানুষকে যুক্ত করতে আমার বিধানসভা কেন্দ্র এলাকায় যাচ্ছি। আজও আমি বিভিন্ন ওয়ার্ড এলাকায় যাই। আমার সঙ্গে ভারতীয় জনতা পার্টির বিভিন্ন স্তরের নেতৃত্ব রয়েছেন। মানুষ এখন স্বতঃস্ফূর্তভাবে ভারতীয় জনতা পার্টিতে যোগদান করছেন। মুখ্যমন্ত্রী ডাঃ সাহা আরো বলেন, মানুষ এখন বুঝতে পেরেছেন যে বিজেপির বিকল্প নেই। উন্নয়ন এবং অগ্রগতির জন্য তারা বিজেপির দিকে ঝুঁকছেন এবং শুধুমাত্র দলের উন্নয়নমূলক কাজ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আন্তরিক প্রচেষ্টার কারণেই মানুষ এই ধরনের আগ্রহ দেখাচ্ছেন। ভারতীয় জনতা পার্টি জনগণ ও তাদের উন্নয়নের জন্য নিবেদিত রয়েছে। আমরা তাদের সমস্যা সমাধানের জন্য কাজ করে যাচ্ছি। এদিন সদস্যপদ সংগ্রহ অভিযানে মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কাউন্সিলার রত্না দত্ত, মন্ডল সভাপতি সঞ্জয় সাহা সহ অন্যান্য কার্যকর্তাগন।

## জাতীয় সড়ক অবরোধ ইরিক্সা চালকদের

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৮ অক্টোবর:** কৈলাসহরের ভগবাননগর এলাকায় জাতীয় সড়ক অবরোধ করলো ইরিক্সা চালকরা। অভিযোগ ইরিকশা চালকরা ধর্মনগরে হেনস্থার শিকার হয়েছে। সুষ্ঠু বিচারের দাবিতেই তারা জাতীয় সড়ক অবরোধ করে। সোমবার দুপুর বেলা কৈলাসহর ভগবাননগর এলাকায় জাতীয় সড়কের উপর সকল ইলেকট্রনিক অটো গাড়ির চালকরা একত্রিত হয়ে পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। ইলেকট্রনিক অটো গাড়ির চালকদের অভিযোগ কৈলাসহর থেকে ধর্মনগর যাত্রী নিয়ে গেলে ধর্মনগর আইএসবিটি- এলাকার দুই ব্যক্তি তাদেরকে আটক করে এবং হেনস্থা করে। তবে তাদেরকে কেন হেনস্থা করে সেই বিষয়ে কিছু জানা যায়নি। তাই সুষ্ঠু বিচারের দাবিতেই আজ তারা পথ অবরোধ করে। এই পথ অবরোধ করার ফলে রাস্তার দু"পাশে আটকে পড়ে বহু যানবাহন থেকে শুরু করে পথচারীরা। যার ফলে যানজটের সৃষ্টি হয়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় কৈলাসহর থানার পুলিশ।

## কাঞ্চনপুর শহরে ভয়াবহ অগ্নিকাণ্ড, গ্যাস সিলিন্ডার ফেটে ভস্মীভূত মোমবাতির ফ্যাক্টরি, বিও অফিস সহ ৩টি বসতবাড়ি

**নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ২৮ অক্টোবর:** কাঞ্চনপুর শহরে ভয়াবহ অগ্নিকাণ্ড। গ্যাস সিলিন্ডার ফেটে একটি মোমবাতির ফ্যাক্টরি, বিও অফিস সহ পুড়ে ছাই হয়েছে ৩টি বাড়ি। ক্ষয়ক্ষতির পরিমাণ কয়েক লক্ষ টাকা।

রবিবার রাত প্রায় ১০.৫৫ মিনিট নাগাদ কাঞ্চনপুর শহরের অটোস্ট্যান্ড সংলগ্ন এলাকার একটি বাড়িতে থাকা একটি এলপিজি সিলিন্ডার ফেটে ভয়াবহ অগ্নিকাণ্ডের সূত্রপাত ঘটে। আগুনের তীব্রতা এমন ছিল যে মুহূর্তের মধ্যেই পাশে থাকা একটি মোমবাতির ফ্যাক্টরির মধ্যে আগুন লেগে পুড়ে ছারখার হয়ে যায় পুরো কারখানাটি।

আরেকটি গ্যাস সিলিন্ডার ফেটে মুহূর্তের মধ্যেই পাশে থাকা আরো ৩টি বিল্ডিংয়ে লেগে পড়ে আগুন। এদিকে অগ্নিকাণ্ডের খবর পেয়েই ২টি ফায়ার সার্ভিসের ইঞ্জিন নিয়ে ঘটনাস্থলে ছুটে আসেন কাঞ্চনপুর অগ্নি নির্বাপক দপ্তরের কর্মী সহ কাঞ্চনপুর মহকুমার পুলিশ আধিকারিক। কাঞ্চনপুর থানার ওসি উদ্যম দেববর্মা সহ বিশাল সংখ্যক পুলিশ ও টিএসআর বাহিনী।

উনারা এসে আগুন নিয়ন্ত্রণে আনার জন্য খবর দেন পানিসাগর অগ্নি নির্বাপক দপ্তরেও। তবে পানিসাগর অগ্নি নির্বাপক দপ্তরের ফায়ার সার্ভিসের ইঞ্জিন আসার আগেই কাঞ্চনপুর অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা এলাকার যুবকদের সাহায্যে রাত প্রায় ১২.৩০ মিনিট নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনেন। যার ফলে আগুনের দাপট থেকে অল্পের জন্য রক্ষা পায় আশেপাশে থাকা আরো বেশ কয়েকটি বাড়িঘর সহ গোটা কাঞ্চনপুর বাজার।

তবে একটি বাড়ি, একটি মোমবাতির ফ্যাক্টরি, একটি বিও অফিস সহ ৩ টি বাড়ি পুরোপুরি ছারখার হয়ে যায়। যা বর্তমানে বসবাসের অযোগ্য হয়ে পড়েছে।

এদিকে সংবাদ মাধ্যমের সামনে কাঞ্চনপুর মহকুমার পুলিশ আধিকারিক জানান, যারা ঘরবাড়ি হারিয়েছেন ও যাদের বাড়িঘরে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে যা বর্তমানে বসবাসের অযোগ্য তাদের থাকার ব্যবস্থা করা হচ্ছে। গোটা ঘটনায় হতাহতের কোন খবর নেই।

## প্রধানমন্ত্রীর উন্নয়নমূলক কাজে আকৃষ্ট হয়ে সাধারণ মানুষ বিজেপির সঙ্গে যুক্ত হচ্ছে: মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর:** বিজেপিতে যোগদান করতে সাধারণ জনগণ দ্বিধাবোধ করছেন না। দেশের উন্নয়নমূলক কাজে খুশি হয়েই সাধারণ মানুষ বিজেপির সঙ্গে যুক্ত হচ্ছেন। বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রে সদস্যতা অভিযানে শামিল হয়ে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা। সঙ্গে ছিলেন পুরনিগমের মেয়র দীপক মজুমদার সহ মন্ডল ও যুব মোর্চার নেতৃবৃন্দ।

বিজেপির সদস্যতা অভিযানে নিজের বিধানসভা কেন্দ্র বড়দোয়ালিতে সদস্যপদ সংগ্রহ অভিযানে নামলেন মুখ্যমন্ত্রী। সোমবার মেয়র কর্পোরেটর সহ মন্ডল ও যুব মোর্চার নেতৃত্বদের সঙ্গে নিয়ে তিনি বিধানসভায় এলাকার চারটি ওয়ার্ড এলাকায় সদস্যতা অভিযানে অংশগ্রহণ করেন।

পুর নিগমের ২০ নং ওয়ার্ড, ৪০ নং ওয়ার্ড, ৩৯ নং ওয়ার্ড এবং ৩২ নং ওয়ার্ডে এদিন সদস্যতা অভিযানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী। নিজ হাতে ১৮ থেকে ৩৫ বছর বয়সের অর্থাৎ যুব সমাজের সদস্যতা পদ গ্রহণ করান মুখ্যমন্ত্রী।

সদস্যতা অভিযানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী বলেন মানুষের মধ্যে এখন বিজেপিতে যোগদান এবং সদস্য গ্রহণে কোন ধরনের দ্বিধাদ্বন্দ্ব নেই। মানুষ সদপ্রণোদিতভাবে বিজেপির সদস্যপদ গ্রহণ করছেন। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যেভাবে দেশ ও দেশবাসীর কল্যাণে কাজ করে চলেছেন তাতে আকৃষ্ট হয়ে মানুষ দলে দলে বিজেপির পতাকা তলে শামিল হচ্ছেন বলে উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

## কৃষ্ণনগর কদমতলা যুব সংস্থার উদ্যোগে কালীপূজার আয়োজন

**আগরতলা, ২৮ অক্টোবর:** হাতে গোনা আর কয়েকদিন তারপরেই দীপাবলি উৎসব। উৎসবকে সামনে রেখে প্রত্যেক বছর ন্যায় এ বছরও কৃষ্ণনগর কদমতলা যুব সংস্থা কালীপূজার আয়োজন করেছে।

এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে

☛ ৬ এর পাতায় দেখুন

## ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন দুর্নীতিতে নিমজ্জিত, প্রতিবাদে সরব কংগ্রেস




**আগরতলা, ২৮ অক্টোবর:** ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বিভিন্ন দুর্নীতির বিরুদ্ধে সরব হয়েছে কংগ্রেস। প্রতিভাবান খেলোয়াড় থেকে শুরু করে মাঠে খেলা পরিচালকদের সাথে পক্ষপাতিত্ব করছে টিসিএ। এমনটাই অভিযোগ তুলে টিসিএ ঘেরাও করে বিক্ষোভে সামিল হয়েছেন কংগ্রেসের কর্মী সমর্থকরা। অবিলম্বে সভাপতি এবং সচিবকে পদত্যাগ করতে হবে না হলে বৃহত্তর আন্দোলনে সামিল হবে সদর জেলা কংগ্রেস।

এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে কংগ্রেসের এক সদস্য অভিযোগ করেন, বর্তমানে টিসিএ দূর্নীতিবাজ ও মাফিয়াদের আতুরঘরে পরিণত হয়েছে। প্রতিভাবান খেলোয়াড় থেকে শুরু করে মাঠে খেলা পরিচালকদের সাথে পক্ষপাতিত্ব করছে টিসিএ।

এদিন তিনি আরও বলেন, গত শনিবার রাজ্যের প্রাক্তন রঞ্জি খেলোয়াড় প্রণব দেবনাথকে মাঠে ঢুকতে দেওয়া হয়নি। ত্রিপুরা বনাম মুম্বাই দলের ম্যাচ দেখতে তিনি তাঁর মেয়েকে নিয়ে গিয়েছিলেন। সেখানে তাঁকে অসম্মান করা হয় বলে তাঁর অভিযোগ। প্রাক্তন খেলোয়াড়দের অসম্মান সহ টিসি এর বিভিন্ন দুর্নীতির অভিযোগ তুলে আজ সদর জেলা কংগ্রেসের উদ্যোগে টি সি এর সামনে বিক্ষোভে সামিল হয়েছে। অবিলম্বে সভাপতি এবং সচিবকে পদত্যাগ করতে হবে না হলে বৃহত্তর আন্দোলনে যাবে সদর জেলা কংগ্রেস বলে হুশিয়ারী দেন তিনি।

## রক্তদানে এগিয়ে আসলেন কমলপুরের রামদুর্লভপুর চা বাগানের শ্রমিকরা

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ২৮ অক্টোবর:** স্বেচ্ছায় রক্তদানে পিছিয়ে নেই চা বাগানের শ্রমিকরা। কমলপুরের রামদুর্লভপুর চা বাগানের নেতাজী ক্লাবের উদ্যোগে এলাকার চা বাগানের শ্রমিকরা এগিয়ে আসলেন স্বেচ্ছায় রক্তদানে।

সোমবার কমলপুর প্রত্যন্ত রামদুর্লভপুর চা বাগানের নেতাজী ক্লাবের উদ্যোগে এলাকার চা বাগানের শ্রমিকরা এগিয়ে আসলেন স্বেচ্ছায় রক্তদানে। আসন্ন শ্যামা মায়ের পূজা উপলক্ষে সোমবার কমলপুরের প্রত্যন্ত রাম দুর্লভপুর চা বাগানের রাঁচি পাড়ায় নেতাজী ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হয় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি।

এই স্বেচ্ছায় রক্তদানে কর্মসূচির উদ্যোগতা ছিলেন রাঁচি পাড়ার বাসিন্দা নেতাজী ক্লাবের সম্পাদক সঞ্জয় মুন্ডা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মায়াছড়ি পঞ্চায়েতের উপ প্রধান সব্যসাচী গোয়ালা, বিশিষ্ট সমাজসেবী তথা আইনজীবী শ্যামল কান্তি পাল, ইন্দু ভূষন গোয়ালা, চিকিৎসক বিপাশা দেববর্মা সহ অন্যান্য বিশিষ্ট জনেরা।

এই প্রথম রাম দুর্লভপুর চা বাগানে শ্রমিক ও শ্রমিকদের ছেলেরা উৎসাহিত হয়ে স্বেচ্ছায় রক্তদানে সামিল হয়েছেন। মোট ২৩ জন স্বেচ্ছায় রক্তদান করেন।


## কুমারঘাটের রক্তঋণ ক্লাবের উদ্যোগে ৯ লক্ষ টাকার পুজোর আয়োজন

**কুমারঘাট, ২৮ অক্টোবর :** কুমারঘাটের রক্তঋণ ক্লাবের উদ্যোগে ৯ লক্ষ টাকার বাজেটে আয়োজিত হতে চলেছে শ্যামা মায়ের পুজো। কারিগরদের শৈল্পিক ছোঁয়ায় প্যান্ডেলের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। দীপাবলিতে পুজো মণ্ডপের উদ্বোধন করবেন মন্ত্রী সুধাংশু দাস। ক্লাবের আয়োজকরা জানিয়েছেন, এবার রক্তঋণ ক্লাবের পুজো ৩৮ বছরে পা দিয়েছে। ১৯৮৭ সাল থেকে গুটি গুটি পায়ে এতটা বছর পেরিয়ে এসেছেন তারা। প্রতিবছর সুসঙ্গতভাবে শ্যামা মায়ের পুজো করে এসেছে রক্তঋণ ক্লাব। আগামীতেও এই ধারা বজায় রাখার চেষ্টা করবেন বলে জানান ক্লাবের সদস্যরা। এবছর শ্যামা মায়ের পুজোর পাশাপাশি কচিকাঁচাদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং দুস্থদের মধ্যে শীত বস্ত্র বিতরণ করার আয়োজন করেছেন বলে জানান পূজা উদ্যোক্তারা।

## আশ্রমে প্রয়োজনীয় সামগ্রী তুলে দিলেন বিএসএফ অ্যাসোসিয়েশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ অক্টোবর:** দীপাবলির প্রাক্কালে, ফ্রন্টিয়ার হেডকোয়ার্টার বর্ডার সিকিউরিটি ফোর্স আগরতলা এবং ৮১ ব্যাটালিয়ন বর্ডার সিকিউরিটি ফোর্স থেকে বিএসএফ ওয়াইভস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (বিডব্লিউএ) এর সদস্যরা আমতলীস্থিত নবপ্রান্তিক সেবা আশ্রম পরিদর্শন করেন। সেখানে তারা ৮৫ জন বসবাসকারীর সঙ্গে দেখা করেন, যার মধ্যে ২৫ জন শিশু ও ৯ জন মহিলা রয়েছে এবং ৫১ জন বয়স্ক এবং মানসিক প্রতিবন্ধী রয়েছে। এদিনের এই পরিদর্শনের উদ্দেশ্য ছিল আশ্রমে বসবাসকারী লোকদের সাথে আলাপ করা এবং তাদের সমস্যাগুলি বোঝা। এদিন আশ্রমের বসবাসকারীদের মধ্যে রেশন সামগ্রী, পোশাক ও অন্যান্য সামগ্রী বিতরণ করা হয়েছে। এই অনুষ্ঠানে, সীমান্তরক্ষী বাহিনী ত্রিপুরা, সীমান্ত সদর দফতরের বিডাব্লিউডাব্লিউএ-এর ভারপ্রাপ্ত সভাপতি, কমলজিৎ বিনজি এবং ৮১ ব্যাটালিয়ন বর্ডার সিকিউরিটি ফোর্সের বিডাব্লিউডাব্লিউএ-এর সভাপতি, অনুপ্রিয়া বিরনাভে বিডাব্লিউডাব্লিউএ-এর অন্যান্য সদস্যদের সাথে উপস্থিত ছিলেন। আশ্রমের পৃষ্ঠপোষক এবং সমস্ত আশ্রিতরা আবেগপ্রবণ হয়ে পড়েন এবং সীমান্ত সুরক্ষা বাহিনীর কাজের প্রশংসা করেন। তারা প্রহরী পরিবারের সাথে কিছু সময় কাটান এবং ভবিষ্যতেও একই রকম সহযোগিতার আশাবাদ ব্যক্ত করেন।




স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।

8th-6th page -2022 darpan print.pmd 2 10/29/2024, 12:46 AM